৬৮

ঠ)

৩৬		৩৮

ড)

৭৬

সামর্থ্য ঃ- প্রদত্ত সংখ্যাগুলিকে ঊর্ধ্ব বা নিম্নক্রমে সাজাতে পারা।

(ii) নীচের সংখ্যা জোড়ার মধ্যে, যেটি বড় তার ঘরে ✓ দাগ দাও ঃ-

ক) | ২ | ৭ |

খ) | ১ | ৯ |

গ) | ৪৭ | ৫০ |

ঘ) | ১০ | ৩০ |

ঙ) | ৯০ | ২২ |

চ) | ২২ | ৬০ |

ছ) | ৮০ | ৭৫ |

জ) | ৮৫ | ৬৪ |

ঝ) | ৪৫ | ২৫ |

ঞ) | ৭০ | ৫৫ |

ট) | ৫৬ | ৩২ |

(ii) নীচের সংখ্যা জোড়ার মধ্যে, যেটি ছোট তার ঘরে ✓ দাগ দাও ঃ-

ক) | ১০ | ২৭ |

খ) | ৫৫ | ৪১ |

গ) | ৩৪ | ৬৫ |

ঘ) | ৭১ | ৯২ |

ঙ) | ৬১ | ৮৭ |

চ) | ৩৪ | ২৩ |

ঙ) | ২৯ | ৫৬ |

জ) | ১১ | ৫২ |

ঝ) | ৩২ | ৯২ |

ঞ) | ১৮ | ২৫ |

(iii) নীচের প্রত্যেক তিনটি সংখ্যার দলে, সবচেয়ে ছোট সংখ্যার ঘরে **X** দাগ ও সবচেয়ে বড় সংখ্যার ঘরে ✓ দাগ দাও ঃ-

ক) | ৪৫ | ১৬ | ২০ |

খ) | ৯০ | ৩০ | ৫২ |

গ) | ৯৫ | ১০ | ৫৫ |

ঘ) | ১২ | ৩৯ | ৭০ |

(iv) নীচের সংখ্যাগুলি বড় থেকে ছোট হিসাবে সাজাও ঃ--

ক) ১৮, ২৭

খ) ৩২, ৮৫, ২৯

গ) ৯৫, ৮৩, ২৫, ২৮

ঘ) ২৪, ৪৮, ৬১, ৫০

ঙ) ৪৪, ৬৯, ৪০, ৮২, ৫৬

(v) নীচের সংখ্যাগুলি ছোট থেকে বড় হিসাবে সাজাও ঃ-

ক) ৮৪, ৬২

খ) ৫৬, ১৯, ৫৩

গ) ৯৫, ৮৩, ২৫, ২৮

ঘ) ৬৭, ৩২, ১৫, ৩৮

ঙ) ৮৮, ৬২, ২৭, ৫২, ৬৩

(vi) ছোট থেকে বড় পরপর ৩টি সংখ্যা লেখ ঃ-

(ক) (খ) (গ)

(vii) ছোট থেকে বড় যে কোন ৩টি সংখ্যা লেখ ঃ-

(ক) (খ) (গ)

(viii) বড় থেকে ছোট পরপর ৩টি সংখ্যা লেখ ঃ-

(ক) (খ) (গ)

ix) বড় থেকে ছোট যে কোন ৩টি সংখ্যা লেখ ঃ

ক. [ ] খ. [ ] গ. [ ]

x) এক অংকের যে কোন ৫টি সংখ্যা লেখ ঃ

[ ] [ ] [ ] [ ] [ ]

উপরের পাঁচটি সংখ্যার মধ্যে সবচেয়ে ছোট এবং সবচেয়ে বড় সংখ্যা লেখ ঃ

সবচেয়ে ছোট সংখ্যা = [ ]

সবচেয়ে বড় সংখ্যা = [ ]

সমস্যা ঃ / সামর্থ্যঃ

৪) দুই অংকের সবচেয়ে বড় বা সবচেয়ে ছোট সংখ্যা নির্নয় করতে পারা।

i) এক অংকের সবচেয়ে বড় সংখ্যাটি = [ ]

ii) দুই অঙ্কের সবচেয়ে ছোট সংখ্যাটি = [ ]

iii) দুই অঙ্কের সবচেয়ে বড় সংখ্যাটি = [ ]

পাঠ একক

তিন অঙ্কের সংখ্যা লেখা ও পড়া

দ্বিতীয় অধ্যায়, পঞ্চম পাঠ

সামর্থ্য ঃ

১. স্থানীয় মান অনুয়ায়ী তিন অঙ্কের সংখ্যা লিখতে ও পড়তে পারা।

i) নীচের সংখ্যাগুলি স্থানীয় মান অনুয়ায়ী লেখ ঃ--

	সাধারণ	স্থানীয় মান অনুসারে		
		শ	দ	এ
ক)	১০০	১	০	০
খ)	১১৫			
গ)	৫৮২			
ঘ)	৩২			
ঙ)	২০৯			
চ)	৫১			

ii) নীচের সংখ্যাগুলি স্থানীয় মান অনুসারে, যেমন পড়া হয় তা লেখ ঃ

	সাধারণ ভাবে	স্থানীয় মান অনুসারে যেমন সংখ্যা পড়া হয় ।		
		শ	দ	এ
ক)	এক শত নয়	১	০	৯
খ)	এক শত পনের			
গ)	আট শত আটান্ন			
ঘ)	দুই শত সাঁইত্রিশ			
ঙ)	নয় শত নিরানব্বই			

(iii) খালি ঘরে, সঠিক সংখ্যা বসাও ঃ

	কথায় লেখা	সংখ্যায় লেখ			সাধারণ ভাবে
		শ	দ	এ	
ক)	এক শত চল্লিশ	১	৪	০	১৪০
খ)	চার শত একত্রিশ				
গ)	পাঁচ শত পঁচিশ				
ঘ)	সাত শত সাতানব্বই				

iv) নীচের সংখ্যাগুলি কথায় লেখ ঃ

	সংখ্যারূপ	কথায় লেখ
ক)	২৪৩	দুই শত তেতাল্লিশ
খ)	৫৬৬	
গ)	৮০২	
ঘ)	৯৫০	
ঙ)	১৩৩	

(v) নিচের শূন্য স্থান গুলি পূরণ কর ঃ

	কথায় লেখ	শ	দ	এ
ক)	☐ শত ছেষট্টি	☐	☐	☐
খ)	নয় শত চল্লিশ	☐	৪	☐
গ)	আট শত ☐	☐	৯	০
ঘ)	☐ ☐ এক	৫	০	☐
ঙ)	☐ শত ☐	৯	৯	৯

সামর্থ্য ঃ

২. একই সংখ্যা শতক, দশক ও এককের স্থানে থাকলে তাদের মানের পার্থক্য বুঝতে পারা ।

১) নিচের সংখ্যাগুলির '১' র স্থানীয় মান লেখ ঃ-

'১' র স্থানীয় মান লেখ ঃ-

ক)

শ	দ	এ
২	৫	১

ক.

খ)

শ	দ	এ
২	১	৬

খ.

গ)

শ	দ	এ
১	৭	২

গ.

ক)	২১৬	২র	স্থানীয় মান	শতক
		১র	স্থানীয় মান	দশক
		৬র	স্থানীয় মান	একক
খ)	৫৪৮	৫র	স্থানীয় মান	
		৪ র	স্থানীয় মান	
		৮র	স্থানীয় মান	

গ)　৬৩০　৬ র　স্থানীয় মান

৩ র　স্থানীয় মান

০ র　স্থানীয় মান

(iii) নীচের সংখ্যাগুলি কথায় লেখ ঃ-

ক. ৫১৪

খ. ৬০২

গ. ৭৯৮

ঘ. ৯৯৯

ঙ. ২০২

পাঠ একক

চার অঙ্কের সংখ্যা লেখা ও পড়া

দ্বিতীয় অধ্যায়, ষষ্ঠ পাঠ

সামর্থ্য

(১) চার অঙ্কের সংখ্যা কথায় ও সংখ্যায় লেখা ও পড়া,

(i) নিচের সংখ্যাগুলি স্থানীয় মান অনুসারে লেখা ঃ

	সাধারণ ভাবে	স্থানীয় মান অনুসারে			
		হা	শ	দ	এ
ক.	১০০১	১	০	০	১
খ.	১২৫৮				
গ.	৮৩১৫				
ঘ.	৬৭৫০				
ঙ.	৯৯৯৯				

পাঠ একক

দুই ও তিন অঙ্কের সংখ্যার যোগ এবং বিয়োগের নামতা

প্রথম - চতুর্থ পাঠ

তৃতীয় অধ্যায়

সামর্থ্য ঃ দুই অঙ্কের সংখ্যার যোগফল নির্ণয় করতে পারা।

(i) নীচের যোগফলগুলি বের কর ঃ-

ক.

দ	এ
২ +১	৩ ৫

খ.

দ	এ
৭ +১	১ ৬

গ.

দ	এ
৮ +১	৩ ৬

(ii) স্থানীয় মান অনুসারে সাজিয়ে, যোগফল বের কর ঃ-

ক. ১৫ + ৩ = ?

দ	এ

খ. ৬৪ + ২২ = ?

দ	এ

গ. ৫২ + ৩৫ = ?

দ	এ

(iii) খালি ঘরে সঠিক সংখ্যা বসাও ঃ-

ক. ১৬ + ২ = ১০ + □ + ২ = ১০ + □ = □

খ. ১৪ + ৫ = ১০ + □ + ৫ = ১০ + □ = □

গ. ১২ + ৫ = ১০ + □ + ৫ = ১০ + □ = □

ঘ. ১৫ + ৩২ = (১০ + □) + (□ + □)

= (১০ +৩০) + (□ + ২) = □ + ৭ = □

ঙ. ৩৮ + ৪১ = (৩০ + □) + (□ + □)

= (৩০ +৪০) + (□ + □) = □ + ৯ = □

সামর্থ্য ঃ- অঙ্কের অবস্থান সঠিক ঘরে বহন করা ।

(i) নীচের সংখ্যাগুলির যোগফল বের কর ঃ-

ক.

দ	এ
৫	৮
+২	৬

খ.

দ	এ
১	১
+	৯

গ.

দ	এ
	৭
+	৮

ঘ.

দ	এ
১	৮
+	৯

(ii) নীচের সংখ্যাগুলি স্থানীয় মান অনুয়ায়ী সাজিয়ে যোগফল বের কর ঃ-

ক. ৫৮ + ২৬ = ?

দ	এ

খ. ১১ + ১৯ = ?

দ	এ

গ. ৩৩ + ৪৭ = ?

দ	এ

ঘ. ৫০ + ৬১ = ?

দ	এ

(iii) নীচের সংখ্যাগুলি স্থানীয় মান অনুসারে সাজিয়ে যোগ কর ঃ-

ক. ঊনসত্তর, তিয়াত্তর, ষাট

খ. পনেরো, কুড়ি, ছেষট্টি

গ. সাতচল্লিশ, ছাব্বিশ, সাতান্ন

ঘ. আটাত্তর, ঊনিশ, একত্রিশ

দ	এ
৬	৯
৭	৩
+ ৬	০

দ	এ

দ	এ

দ	এ

সামর্থ্য ঃ নিজ প্রয়াসে ১ থেকে ১০ পর্য্যন্ত যোগের নামতা তৈরী করে, যোগফল নির্নয়ে তা ব্যবহার করতে পারা।

(i) ৯ -র ও ৩-র যোগের নামতা লেখ ঃ-

সামর্থ্য ঃ (৪) দুই অঙ্কের তিনটি সংখ্যার যোগ।

(i) নীচের অঙ্কগুলির যোগফল বের করঃ-

ক.

দ	এ
১	২
৩	৮
+	২

খ.

দ	এ
২	৫
১	৫
+ ৩	৫

গ.

দ	এ
৪	৭
	৯
+ ১	৫

ঘ.

দ	এ
৩	৪
৫	৮
+	৭

সামর্থ্য ঃ- (৫) তিন অঙ্কের সংখ্যার যোগফল নির্নয় করতে পারা।

(i) নীচের অঙ্কগুলির যোগফল বের কর ঃ-

শ	দ	এ
১	৫	৩
+ ৪	২	৭

শ	দ	এ
৫	৪	৩
+ ১	২	৯

শ	দ	এ
৭	২	৮
+	৯	৬

(ii) স্থানীয় মান অনুসারে সাজিয়ে যোগফল বের কর ঃ-

ক. ৪২৭ + ৩৩৮ = ?

খ. ৬৩৮ + ৯৫ = ?

গ. ২৪৫ + ৩৩১ + ১৬৯ = ?

ক.

শ	দ	এ

খ.

শ	দ	এ

গ.

শ	দ	এ

সামর্থ্য ঃ- (৬) সমস্যাগুলিকে গাণিতিক (অঙ্কের) আকারে প্রকাশ করে, যোগ করতে পারা।

(i) নীচের প্রশ্নগুলির উত্তর কর ঃ-

ক) মহিমদের বাড়ির দুটি নারকেল গাছের একটিতে ৩৬ টি ও অন্যটিতে ৪৮ টি নারকেল হয়েছে। গাছ দুটিতে মোট কটি নারকেল হয়েছে ?

খ) ফলওয়ালার একটি ঝুড়িতে ৫৭টি ও অন্য ঝুড়িতে ৩৯ টি আম ছিল। ফলওয়ালার কাছে মোট কটি আম ছিল ?

(গ) পলাশপুর গাঁয়ে ২৩৭ জন পুরুষ, ২২০ জন স্ত্রীলোক ও ৮৬ জন শিশু বাস করে। ঐ গাঁয়ে মোট কত জন লোক বাস করে ?

(ঘ) অঙ্কের থলিতে রাখার জন্য রুমা, প্রথম দিনে ১৫টি ও দ্বিতীয় দিন ২৭টি মাটির গুলি তৈরী করেছে. রুমা মোট কটি মাটিরগুলি তৈরী করেছে ?

পাঠ একক

দুই অঙ্কের ও তিন অঙ্কের সংখ্যার বিয়োগ

তৃতীয় অধ্যায়, পঞ্চম পাঠ

সামর্থ্য ঃ- (১) বিয়োগের নামতা ব্যবহার করে, স্থানীয় মান অনুসারে, দুই অঙ্কের সংখ্যার বিয়োগফল নির্নয় করতে পারা।

(i) নীচের বিয়োগফল গুলি বের কর ঃ-

ক.

দ	এ
৩	৭
- ১	৯

খ.

দ	এ
৮	৫
- ৪	২

গ.

দ	এ
৯	৬
- ৫	৪

(ii) স্থানীয় মান অনুসারে সাজিয়ে, বিয়োগ ফল বের কর ঃ -

ক) ৭৬ - ২৪ = ? খ) ৫৭ - ৪৬ = ? গ) ৮৬ - ৫৩ = ?

ক.

দ	এ
৭	৬
- ২	৪

খ.

দ	এ

গ.

দ	এ

সামর্থ্য ঃ- (২) নামতা ব্যবহার করে, স্থানীয় মান অনুসারে, তিন অঙ্কের সংখ্যার বিয়োগফল নির্নয় করতে পারা ।

(i) নীচের বিয়োগফল গুলি বের কর ঃ-

ক.

শ	দ	এ
৫	৬	৭
- ৩	৪	০

শ	দ	এ
৯	৮	৬
- ৬	৪	৫

শ	দ	এ
৪	৯	৬
- ৩	৫	৪

(ii) স্থানীয় মান অনুসারে সাজিয়ে, বিয়োগফল বের কর ঃ-

ক. ৪৬৮ - ২৪৩ = ? খ. ৬৯২ - ৩৮২ = ? গ. ৯৮৬ - ৬৩২ = ?

ক.

শ	দ	এ
৪	৬	৮
- ২	৪	৩

খ.

শ	দ	এ

গ.

শ	দ	এ

সামর্থ্য ঃ- (৩) স্থানীয় মান অনুসারে, দশের গুচ্ছ ধরে, দুই অঙ্ক বিশিষ্ট সংখ্যায় বিয়োগফল নির্নয় করতে পারা।

(বিয়োজ্যের এককের অঙ্ক, এককের অঙ্ক থেকে ছোট অর্থাৎ দশের গুচ্ছ ভাঙ্গাতে হবে এমন।)

(৪) দুই অঙ্ক বিশিষ্ট সংখ্যাকে, স্থানীয় মানে লিখে, বিয়োগ ফল নির্নয় করতে পারা।

(i) স্থানীয় মান অনুসারে সাজিয়ে, বিয়োগফল বের কর ঃ-

(ক) ৪২ - ৯ = ? (খ) ৪২ - ৩৭ = ? (গ) ৫০ - ২৬ = ?

(ঘ) ৯৩ - ৭৬ = ?

ক.

দ	এ
৪	২
-	৯

খ.

দ	এ

গ.

দ	এ

ঘ.

দ	এ

পাঠ একক

বিয়োগের নামতা

তৃতীয় অধ্যায়, ষষ্ঠ পাঠ

সমার্থ্য ঃ (১) বিয়োগের নামতা (প্রথম শ্রেণীর পর) তৈরী করতে পারা ।

(i) মাটির গুলির সাহায্য নিয়ে, বিয়োগের নামতার ছকটি সম্পূর্ণ কর ঃ

৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮
- ৯	- ৯	- ৯	- ৯	- ৯	- ৯	- ৯	- ৯	- ৯	- ৯
০									

পাঠ একক

তিন অঙ্কের সংখ্যার জটিল বিয়োগ

তৃতীয় অধ্যায়, সপ্তম পাঠ

সামর্থ্য ঃ- (১) তিন অঙ্কের সংখ্যার (স্থানীয় মান অনুসারে)

বিয়োগফল নির্ণয় করতে পারা (ভাঙ্গতে হবে না এমন) ।

(i) নিচের সংখ্যাগুলির বিয়োগফল বের কর ঃ

শ	দ	এ
২	৯	১
-	৮	৩

শ	দ	এ
৩	৪	০
- ২	২	৮

শ	দ	এ
৫	৭	০
-৩	৭	৮

(ii) স্থানীয় মান অনুসারে সাজিয়ে, বিয়োগ ফল বের কর ঃ-

ক. ৪৩০ - ২৬৬ = ?   খ. ৭২৬ - ৩৮৬ = ?

গ. ৯০৭ - ২৮৫ = ?

শ	দ	এ
৪	৩	৩
- ২	৬	৬

সামর্থ্য ঃ (৪) দুই ও তিন অঙ্ক বিশিষ্ট সংখ্যা সম্পর্কিত বাস্তব বিয়োগের সমস্যা সমাধান করতে পাবে।

(i) নীচের প্রশ্নগুলির উত্তর কর ঃ-

(বা নীচের সমস্যাগুলির সমাধান কর ঃ)

ক) একজন কৃষক তাঁর খামারে ২০৮ টি তরমুজ ফলিয়েছেন। তাঁর মধ্যে তিনি ৬৯ টি তরমুজ বিক্রি করেছেন। এখনো তাঁর খামারে কত তরমুজ রয়েছে ?

খ. কোন বিদ্যালয়ের, মোট ছাত্র সংখ্যা ২৩৫ জন। আজ তার মধ্যে ১৯৫ জন বিদ্যালয়ে এসেছে। কতজন ছাত্র আজ বিদ্যালয়ে আসেনি ?

গ. লাখাইদের পাড়ায় মোট ৫৩৭ জন লোক বাস করেন। তাঁর মধ্যে ২৮৯ জন পুরুষ বাকি স্ত্রী লোক তাদের পাড়ায় কতজন স্ত্রী লোক আছেন ?

ঘ. বন্যার জলে, একটি গ্রামের ৫৩৬ জন লোক আটকা পড়ে ছিল। একটি উদ্ধারকারী দল সারাদিনে স্ত্রীলোক ও শিশুদের উদ্ধার করেছেন। যদি তারা ৩৭২ জনকে উদ্ধার করে থাকেন তবে এখনো কত লোক জলবন্দী অবস্থায় রয়েছে ?

পাঠ একক

গুণ ও ভাগ প্রক্রিয়ায় গুণের নামতা ও সমস্যার সমাধান

চতুর্থ অধ্যায়, প্রথম - নবম পাঠ

প্রথম - দ্বিতীয় পাঠ

সামর্থ্য ঃ (১) গুণ ও ভাগ প্রক্রিয়া সম্বন্ধে পরিষ্কার ধারণা হওয়া ।

(২) গুণ ও ভাগ বিপরীত প্রক্রিয়া-এ ধারণা হওয়া ।

(৩) গুণ ও ভাগের প্রতীকগুলির অর্থ বোঝা ।

(৪) গুণ, গুণক ও গুণফল এবং ভাজ্য, ভাজক, ভাগফল প্রভৃতি শব্দগুলির অর্থ এবং সম্পর্ক নির্নয় করতে পারা ।

(৫) গুণ ও গুণকের মধ্যে স্থান পরিবর্তন হলেও গুন ফল একই হয় বুঝতে পারা ।

(৬) গুণ্য ও গুণক বিভিন্ন হলেও গুন ফল একই হতে পারে বোঝা ।

(i) নীচের খালি ঘরগুলি সঠিক ভাষা বা সংখ্যা লিখে ভর্তি কর ঃ-

১. গুণ প্রক্রিয়া হলো বিশেষ এক প্রকার ☐ প্রক্রিয়ার সংক্ষিপ্ত রূপ ।

২. ভাগ প্রক্রিয়া হলো বিশেষ এক প্রকার ☐ প্রক্রিয়ার সংক্ষিপ্ত রূপ ।

৩. গুণ প্রক্রিয়ার প্রতীক ☐ ভাগ প্রক্রিয়ার প্রতীক ☐

৪. ৪ × ২ = ৮ এখানে গুণফল = ☐ ; গুণক = ☐

গুণ্য = ☐

৫. ৬ ÷ ৩ = ২, ভাজক = ☐ , ভাজ্য = ☐ , ভাগফল = ☐

৬. ভাজ্য ÷ ☐ = ভাগফল, ☐ × গুণক = ☐

৭. ক. ৩ × ২ = ৬ (খ) ৪ × ৫ = ২০

এখানে গুণ্য = ☐ , ☐ ; গুণক = ☐ ☐

গুণফল = ☐ ☐

৯. যদি গুণফল = ৬, গুণক = ৩, গুণ্য = ২ হয় তবে
নীচের ছকে তাদের সঠিক ভাবে বসাও ঃ-

☐ × ☐ = ☐

১০. যদি ভাজক = ৩ , ভাগফল = ৪ , ভাজ্য = ১২ হয়
তবে নীচের ছকে তাদের সঠিক ভাবে বসাও ঃ-

☐ ÷ ☐ = ☐

১১. গুণফল = গুণ্য × ☐ , ভাগফল = ☐ ÷ ভাজক।

১২. ক. ৪ × ৫ = ☐ খ. ৬ × ৪ = ☐

৫ × ৪ = ☐ ৪ × ৬ = ☐

১৩. ক. ১৬ = ☐ × ☐ খ. ৬৪ = ☐ × ☐

= ☐ × ☐ = ☐ × ☐

= ☐ × ☐ = ☐ × ☐

তৃতীয় পাঠ - নবম পাঠ

সামর্থ্য ঃ -

১. গুণ ও ভাগের সমস্যা অঙ্কের ভাষায় প্রকাশ করা ।

২. অঙ্কের ভাষায় লেখা গুণ ভাগের সমস্যাকে সাধারণ ভাষায় প্রকাশ করা ।

৩. শূন্যের সঙ্গে অন্য সংখ্যার গুণ ।

৪. শূন্য দিয়ে কোন সংখ্যাকে ভাগ ।

৫. নিজেদের প্রয়াসে গুণের নামতা তৈরী করতে পারা এবং গুণ ও ভাগের ক্ষেত্রে যথাযথ প্রয়োগ করতে পারা ।

৬. সমস্যাগুলিকে গাণিতিক (অঙ্কে) ভাষায় প্রকাশ করে, গুণফল ও ভাগফল নির্ণয় করতে পারা ।

(i) পাশের ফাঁকা জায়গায় নীচের সমস্যাগুলি অঙ্কের ভাষায় প্রকাশ কর (ফল নির্ণয় করতে হবে না)ঃ

ক. রমলা তার অঙ্কের থলি থেকে চারটি করে, মাটির গুলি তিন বার নিয়ে, কমলাকে দিয়েছে। কমলা কটি মাটির গুলি পেয়েছে ? | ৪ (×) ৩ = ? |

খ. একটি ঠোঙ্গায় ৪২ টি বিস্কুট আছে । ১৪ জন ছাত্র-ছাত্রীর প্রত্যেককে সমান সংখ্যক বিস্কুট দিলে, প্রত্যেকে কটি করে বিস্কুট পাবে ?

গ. একটি লাঙল টানার জন্যে দুটি মহিষ লাগে । চারটি লাঙল টানার জন্য

কটি মহিষ লাগবে ?

ঘ. একটি আলমারীর তিনটি তাকের প্রতিটিতে সমান সংখ্যক বই আছে। যদি বই এর মোট সংখ্যা ৫১ হয় তবে প্রতি তাকে কটি করে বই আছে ?

ঙ. একটি খামার বাড়িতে, পাঁচটি খড়ের গাছা ছে, প্রতিটি গাছায় যদি ৩৩৫ টি করে খড়ের আঁটি থাকে, তবে খামার বাড়িতে মোট কত আঁটি খড় আছে ?

(ii) নীচের ডান দিকের ফাঁকা অংশে, সাধারণ ভাষায় সমস্যাটি লিখতে হবে। কোন বিষয় নিয়ে সমস্যাটি তৈরী করতে হবে, তার নির্দেশ নীচে দেওয়া হলো।

	আটজন শিশুর প্রত্যেককে ৪ টি করে চকোলেট দিলে, মোট কত চকোলেট লাগবে ?

ক. ৮ × ৪ = ?

শিশু ও চকোলেট

খ. ১২০ ÷ ৩ = ?

ফুল ও মালা

গ) ১২ × ৩ = ?

কলা ও কলার কাঁদি

ঘ) ৬০ ÷ ১০ = ?

পছন্দ মত যে কোন

বিষয় নিয়ে।

ঙ) ১৬ × ৫ = ?

পছন্দ মত যে কোন

বিষয় নিয়ে

(iii) শূন্যস্থান গুলি পূরণ কর ঃ-

(ক) ৪ × ০ = ☐ , (খ) ৫ × ☐ = ০

(iv) নামতার সাহায্যে গুণফল নির্নয় কর ঃ-

ক) ২ × ৪ = ☐ , ৬ × ৬ = ☐ , ৯ × ৩ = ☐

১০ × ৫ = ☐

খ)

২	৬	৪	৯	৮
× ৫	× ৭	× ৫	× ৭	× ৮
☐	☐	☐	☐	☐

৯
× ৮
☐

(v) নামতার সাহায্য নিয়ে, নীচের খালি ঘরগুলিতে সঠিক সংখ্যা বসাতে হবে ।

ক) ৬ × ☐ = ৩০, ☐ × ৪ = ২৮, ৫ × ☐ = ২৫

খ)

৩	৬	৪	৭	৮
× ☐	× ☐	× ☐	× ☐	× ☐
১৫	৩৬	২৮	২৮	৪০

☐	☐	☐	☐	☐	☐
× ৩	× ৭	× ৫	× ৪	× ৯	× ৬
২৭	৬৩	৪৫	২৪	৬৩	১৮

(vi) গুণফল নির্ণয় কর ঃ-

ক)

শ	দ	এ
	২	২
	×	৪

শ	দ	এ
	২	৪
	×	২

শ	দ	এ
১	২	৩
	×	৩

শ	দ	এ
২	১	২
	×	৪

খ) দ এ

৪ ৫

× ৭

দ এ

৬ ৬

× ৩

শ দ এ

৪ ২ ৬

× ২

শ দ এ

১ ৩ ৮

× ৭

(vii) স্থানীয় মান অনুসারে সাজিয়ে, গুণফল নির্ণয় করা ঃ-

ক) ৭২ × ৯ = ?

শ দ এ

৭ ২

× ৯

খ) ৮৪ × ৮

শ দ এ

৮ ৪

× ৮

গ) ৬৮ × ৫ = ?

শ দ এ

৬ ৮

× ৫

(viii) ভাগফল নির্ণয় কর (গুণের নামতার সাহার্য্যে) ঃ

৪ ÷ ২ = ☐ ৬ ÷ ২ = ☐

৯ ÷ ৩ = ☐ ৮ ÷ ৪ = ☐

৭ ÷ ৭ = ☐ ৬ ÷ ৩ = ☐

৮ ÷ ২ = ☐ ৪ ÷ ৪ = ☐

৫ ÷ ৫ = ☐

(ix) নীচের ভাগ অঙ্কগুলির সমাধান কর ঃ-

	দ	এ
৩)	৬	৩ (

	দ	এ
৪)	৪	৮ (

	দ	এ
২)	৮	৮ (

	দ	এ
৫)	৫	৫ (

(x) পাশের খালি জায়গায় নীচের প্রশ্নগুলির সমাধান কর ঃ

ক. ৫৬ পয়সায় ৮ টি লিচু কিনে আনা হয়েছে, একটি লিচুর জন্য কত পয়সা দিতে হয়েছে ?

☐

খ) রায়পুর গাঁয়ের ১৩৬ টি পরিবার বিদ্যালয়ের ঘর তৈরীর জন্য ৪ টাকা করে চাঁদা দিয়েছিল। মোট কত টাকা চাঁদা উঠেছিল ?

গ) খেলার সময় শিক্ষক মহাশয় সমান চারটি লাইনে দাঁড় করিয়ে দেখলেন প্রতি লাইনে ৯ জন করে ছাত্র আছে। কত জন ছাত্র উপস্থিত ছিল ?

ঘ) কোন বিদ্যালয়ের জন্য আরো তিনটি বেঞ্চ প্রয়োজন । যদি প্রতিটি বেঞ্চ তৈরী করতে ৫৪ টাকা লাগে তবে মোট কত টাকা খরচ হবে ?

ঙ) ৪ টি নারকেল গাছ থেকে ৪৮ টি নারকেল পাড়তে হবে। যদি প্রতিটি গাছ থেকে সমান সংখ্যক নারকেল পাড়া হয় তবে এক একটি গাছ থেকে কটি করে নারকেল পাড়তে হবে ?

পাঠ একক

সংখ্যা বিশ্লেষণ

পঞ্চম অধ্যায়, প্রথম পাঠ

সামর্থ্য ঃ (১) সংখ্যা বিশ্লেষণ করতে পারা। অর্থাৎ একই সংখ্যা যে বিভিন্ন সংখ্যার সমন্বয় হতে পারে তা বুঝতে পারা ।

(i) নীচের খালি ঘরগুলিতে সঠিক সংখ্যা বসাও ঃ-

(ক) ৫ = ২ + ☐

(খ) ৮ = ☐ + ৩

(গ) ৬ = ৪ + ☐

(ঘ) ৯ = ☐ + ৭

(ঙ) ৩ = ১ + ☐

(চ) ৫ = ১ + ☐

(ছ) ৪ = ২ + ☐

(জ) ৫ = ৩ + ☐

(ঝ) ৭ = ৫ + ☐

(ঞ) ৭ = ৩ + ☐

(ট) ৯ = ৫ + ☐

(ii) নীচের সংখ্যাগুলি যত রকম পার বিশ্লেষণ (ভেঙ্গে লেখ) কর ঃ--

ক. ৫

খ. ৭

গ. ৯

ঘ. ৬

ঙ. ৪

চ. ৩

ছ. ৮

৫ = ৫ + ০

= ৪ + ১

= ৩ + ২

= ২ + ৩

= ১ + ৪

= ০ + ৫

সামর্থ্য ঃ (২) সংখ্যা বিশ্লেষণ বিষয়টি এক অঙ্কের সংখ্যার মধ্যে সীমাবদ্ধ না রেখে দুই বা তিন অঙ্ক পর্যন্ত বিস্তৃত করলে, দুই বা তিন অঙ্কের সংখ্যার গুণ করার ক্ষেত্রে সাহার্য্য করে তা বুঝতে পারা। এবং স্থানীয় মান সম্বন্ধে ধারণাও পরিষ্কার হওয়া ।

(i) নীচের খালি ঘরগুলিতে সঠিক সংখ্যা লেখ ঃ-

ক. ১৭ = ২ + ☐ = ৭ + ☐ = ১০ + ☐ = ১১ + ☐

খ. ১০৯ = ১০০ + ☐ ৯ + ☐ = ৯০ + ☐ = ☐ + ☐ + ৯

(ii) নীচের সংখ্যাগুলি কোন কোন, কোন দুটি সংখ্যার যোগফল ঃ-

ক. ৫ = ☐ + ☐
= ☐ + ☐
= ☐ + ☐
= ☐ + ☐

খ. ৬ = ☐ + ☐
= ☐ + ☐
= ☐ + ☐
= ☐ + ☐

গ. ৭ = ☐ + ☐
= ☐ + ☐
= ☐ + ☐
= ☐ + ☐
= ☐ + ☐
= ☐ + ☐

ঘ. ৯ = ☐ + ☐
= ☐ + ☐
= ☐ + ☐
= ☐ + ☐
= ☐ + ☐
= ☐ + ☐
= ☐ + ☐

পাঠ একক

মুদ্রা ও নোট

ষষ্ঠ অধ্যায়, প্রথম - চতুর্থ পাঠ

প্রথম পাঠ - মুদ্রা নোট

সামর্থ্য ঃ (১) ভারতীয় মুদ্রা ও নোটের পারস্পরিক সম্পর্ক জানতে পারা এবং রূপান্তর করতে পারা ।

(i) নীচের ফাঁকা ঘরগুলি পূরণ কর ঃ-

ক. ☐ টি সিকি = ১ টাকা

খ. ১ টাকা = ☐ টি দশ পয়সা ।

গ. ১ টাকা = ☐ টি পাঁচ পয়সা = ☐ টি পঞ্চাশ পয়সা।

ঘ. একটি সিকি ভাঙ্গালে ☐ টি এক পয়সা পাওয়া যাবে ।

ঙ. একটি আধুলি = ☐ টি পাঁচ পয়সা = ☐ টি দশ পয়সা ।

(ii) নীচের শূন্যস্থানগুলি পূরণ কর ঃ-

(ক) ১০০ টাকা = ☐ টি ১ টাকার নোট = ☐ টি ২ টাকার নোট ।

(খ) ১০০ টাকা = ☐ টি ২০ টাকার নোট = ☐ টি ৫০ টাকার নোট ।

(গ) ৫০ টাকা = ☐ টি ৫ টাকার নোট = ☐ টি ১০ টাকার নোট ।

(ঘ) ২০ টাকা = ☐ টি ২ টাকার নোট = ☐ টি ১০ টাকার নোট ।

(ঙ) ১০ টাকা = ☐ টি ১ টাকার নোট = ☐ টি ২ টাকার নোট ।

টাকা পয়সা লেখা ও পড়ার নিয়ম
দ্বিতীয় পাঠ

সামর্থ্য ঃ- (২) টাকা - পয়সার লিখিত রূপ জানতে পারা।

(i) নীচের টাকা পয়সাগুলির সংক্ষিপ্ত রূপ লেখঃ-

ক. ২৫ টাকা ৩০ পয়সা = ২৫ টা ৩০ পঃ

খ. ৬০ টাকা ৭৫ পয়সা =

গ. ৭৫ টাকা ২০ পয়সা =

ঘ. ১০০ টাকা ২৫ পয়সা =

ঙ. ৫৫ টাকা ১৬ পয়সা =

(ii) নীচের কথায় লেখা টাকা পয়সাকে সংখ্যায় প্রকাশ কর ঃ-

ক. একুশ টাকা আটাশ পয়সা = ২১ টাঃ ২৮ পঃ

খ. পনেরো টাকা পঁচাত্তর পয়সা =

গ. আট টাকা পঁচিশ পয়সা =

ঘ. বার টাকা সাঁইত্রিশ পয়সা =

ঙ. ছয় টাকা সাতান্ন পয়সা =

(iii) নীচের টাকা ও পয়সাগুলো কেবল পয়সায় প্রকাশ কর ঃ-

ক. ২ টাকা ১৫ পয়সা = ২১৫ পয়সা

খ. ১১ টাকা ৩৭ পয়সা =

গ. ৯ টাকা ৫০ পয়সা =

ঘ. ৭ টাকা ৮৩ পয়সা =

ঙ. ২২ টাকা ৬৭ পয়সা =

চ. ৫ টাকা ৫ পয়সা =

(iv) নীচের শূন্যস্থান গুলি (খালি জায়গা) পূরণ কর ঃ--

ক. [ ] টাঃ ৫০ পঃ = ২৫০ পয়সা

খ. [ ] টাঃ ২৫ পঃ = ৫২৫ পয়সা

গ. ১০ টাঃ [ ] পঃ = ১০১৩ পয়সা

ঘ. ৮ টাঃ [ ] পঃ = ৮০৫ পয়সা

সামর্থ্য ঃ- (৩) টাকা পয়সার যোগ ও বিয়োগ করতে পারা

(i) নীচের যোগফলগুলি বের কর ঃ-

ক.

৮টাকা ২৫ পয়সা +৫ টাকা ৮৩ পয়সা

খ.

৯টাকা ৫০ পয়সা +১১ টাকা ৫২ পয়সা

গ.

৩১ টাকা ৬৪ পয়সা +৪ টাকা ১৭ পয়সা

(iii) নীচের টাকা পয়সাগুলি সাজিয়ে লিখে যোগফল বের কর ঃ--

ক. ৯ টাকা ৫০ পয়সা, ১১ টাকা ৫২ পয়সা, ২২ টাকা ৬৭ পয়সা

খ. ৮২ টাকা ৭৮ পয়সা, ৫ টাকা ০০ পয়সা, ১১ টাকা ৬৫ পয়সা

গ. ১৮ টাকা ২৫ পয়সা, ৬ টাকা ৫৭ পয়সা, ৫ টাকা ১০ পয়সা

ক.

খ.

গ.

(iii) নীচের বিয়োগ ফল গুলি বের কর ঃ-

সামর্থ্য ঃ (৪) টাকা পয়সার যোগ ও বিয়োগ বিষয়ক সমস্যার গাণিতিক রূপ দিতে পারা, এবং সমাধান করতে পারা ।

(i) নিচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ--

(অথবা কোন রকম নির্দেশ না দিলেও চলবে),

ক. নরেশ দোকান থেকে ১০ টাকা ৩৫ পয়সার চাল, ৫ টাকা ২৮ পয়সার ডাল এবং ২ টাকা ২৫ পয়সা তেল ক্রয় করে । তার মোট কত টাকা খরচ হয় ?

খ. উমার বাবা ১০০ টাকার একটি নোট নিয়ে বাজারে গেলেন, বাজার করার পর তাঁর কাছে ৩২ টাকা রয়ে গেল । বাজারে তিনি কত খরচ করেছিলেন ?

গ. কোন বিদ্যালয়ে স্বরস্বতী পূজোর জন্য ১২৭ টাকা ৩৫ পঃ জমা পড়েছে। আর কত জমা পড়লে ঐ পূজোয় ২০০ টাকা মোট খরচ করা যাবে ?

ঘ. কোন বিদ্যালয়ে, গৃহের চাল ছাইতে ৩৫৮ টাকা ৭৫ পয়সা খরচ হয়েছে। বিদ্যালয়ের তহবিলে ২৮২ টাকা ৫০ পয়সা ছিল, বাকি টাকা ধার করতে হয়েছে। কত টাকা ধার করতে হয়েছে ?

পাঠ একক

দৈর্ঘ্য পরিমাপ

সপ্তম অধ্যায়, প্রথম পাঠ

সামর্থ্য ঃ (১) দৈর্ঘ্য পরিমাপের প্রমান একক (মিটার স্কেল) চিনতে পারা ।

(২) মিটার ও সেন্টিমিটারের সম্পর্ক এবং লিখিত রূপ জানা ।

(৩) দৈর্ঘ্য পরিমাপ করতে পারা ।

(৪) দৈর্ঘ্য পরিমাপ বিষয়ক সহজ যোগ, বিয়োগ গুণ ও ভাগ করতে পারা এবং বাস্তব সমস্যার সমাধান করতে পারা ।

(i) মিটার স্কেলে কেমন ভাবে দাগ কাটা থাকে ?

(ii) ১ মিটার সমান কত সেন্টিমিটার ?

(iii) মিটার স্কেলে মিটার ও সেন্টিমিটারের দাগ কেমন ভাবে করা থাকে ?

(iv) দাদুর লাঠি = ৯৮ সেন্টিমিটার

পেনসিল = ১৬ সেন্টিমিটার

দেশলাই কাঠি = ৪ সেন্টিমিটার

উপরের ছক দেখে ও হিসাব করে খালি ঘরে সংখ্যা বসাও ঃ

দাদুর লাঠি ☐ সেমি লম্বা । দেশলাই কাঠিটি ☐ সেমি লম্বা ।

পেনসিলটির চেয়ে দাদুর লাঠি ☐ সেমি বেশী লম্বা ।

দেশলাই কাঠিটি পেনসিলটির চেয়ে ☐ সেমি খাটো ।

দাদুর লাঠিটি দেশলাই কাঠিটির চেয়ে ☐ সেমি বেশী লম্বা ।

দেশলাই কাঠিটির চেয়ে পেনসিলটি ☐ সেমি বেশী লম্বা ।

(v) স্কেল বা ফিতের সাহার্য্যে মেপে নিচের তালিকাটি ভর্তি কর ঃ--

জিনিস	দৈর্ঘ্য	জিনিস	দৈর্ঘ্য
তোমার অঙ্ক বই	সেমি	বাবার ছাতা	সেমি
তোমার খাতা	সেমি	মায়ের হাত পাখা	সেমি
তোমার শ্লেট	সেমি	রুটি বেলার বেলুন	সেমি
তোমার পেনসিল	সেমি	একটি ইঁট	সেমি

(vi) নিচের অঙ্কগুলির (সমস্যাগুলির) উত্তর কর ঃ--

ক. সমীরের জামার জন্য ৩ মিটার এবং বোনের ফ্রকের জন্য ৪ মিটার কাপড় লাগবে। তাদের দুজনের জন্য কত কাপড় লাগবে ?

খ. ২৫ মিটার লম্বা একটি কাপড়ের থান থেকে দোকানীর কিছু কাপড় বেচেছে, বাকী ৯ মিটার শীলা কিনেছে। দোকানীর আগে কত কাপড় বেচেছিল ?

গ. ৮ মিটার লম্বা একটি বাঁশ থেকে ২ মিটার লম্বা কটা টুকরো পাওয়া যাবে ?

ঘ. একজন রাজমিস্ত্রি একদিনে ৩ মিটার লম্বা দেওয়াল তৈরী করতে পারেন ৫ দিন কাজ করলে কত মিটার লম্বা দেওয়াল তৈরী হবে ?

পাঠ একক

ওজন পরিমাপ

অষ্টম অধ্যায়, প্রথম পাঠ

সামর্থ্য ঃ- (১) ওজন পরিমাপের পদ্ধতি শেখা ।

(২) বাজারে চালু ওজন - বাটখারাগুলি চিনতে পারা । এবং তাদের সম্পর্ক জানা ।

(৩) গ্রাম - কিলোগ্রামের লিখিত রূপ জানা ।

(৪) ওজন বিষয়ক সহজ সমস্যার সমাধান করতে পারা ।

(i) নীচের খালি ঘরে সঠিক কথা বা সংখ্যা বসাও ঃ-

জিনিস ওজন করার জন্য যে যন্ত্র ব্যবহার করা হয় তাকে বলে ----------, ঐ যন্ত্রে [ ]

পাল্লা থাকে । আমাদের দেশে ওজনের যে একক ব্যবহৃত হয় তাকে বলে [ ] ।

এক কিলোগ্রাম = [ ] গ্রাম । কিলোগ্রামকে সংক্ষেপে [ ] বা

[ ] বলা হয় ।

(ii) নীচের খালি ঘরে সঠিক ভাবে ভারী বা হাল্কা শব্দ বসাও ঃ--

ক. ৩ কিগ্রা ডালের চেয়ে ৫ কিগ্রা ডাল

খ. ৫০০ গ্রাম চিনির চেয়ে ২০০ গ্রাম চিনি

গ. ৪ কিলো ধানের চেয়ে ৯ কিলো ধান

ঘ. ৩ কিলো তুলোর চেয়ে ২ কিলো তূলো

(iii) নীচের অঙ্কগুলির (প্রশ্নগুলির / সমস্যাগুলির) উত্তর দাও ঃ-

ক. পুকুরে জাল ফেলে, একটি ৪ কিলো ওজনের রুই এবং একটি ৩ কিলো ওজনের কাতলা মাছ ধরা হলো । মাছ দুটির মধ্যে কোনটি কত বেশী ভারী ?

খ. অবনী বাজারে গিয়ে, ৫ কেজি চাল এবং ২ কিলো ডাল কিনলো। তাকে মোট কত ওজনের জিনিস বইতে হবে ?

গ. রহিমের বাবা ৩৭ কেজি চাল নিয়ে বাজারে গেলেন। তার মধ্যে ৩২ কেজি বিক্রি হলো। কত কে. জি. চাল রয়ে গেল ?

ঘ. ১০ কেজি ওজনের ডাল সমান ভাগে ৫ টি ঠোঙ্গায় রাখা হলো। প্রতি ঠোঙ্গায় কত কেজি ডাল আছে ?

ঙ. একটি সন্দেশের ওজন ১৫ গ্রাম । এইরূপ ৮ টি সন্দেশের ওজন কত হবে ?

চ. ডেভিডের বাবা বাজার থেকে ৫ কেজি আটা কিনে আনলেন । তার মা তা থেকে ২ কেজি আটা নিয়ে রুটি তৈরী করলেন। কত কেজি আটা রয়ে গেল ?

পাঠ একক

তরল পদার্থের পরিমাপ

অষ্টম অধ্যায়, প্রথম পাঠ

সামর্থ্য ঃ- (১) তরল পদার্থ পরিমাপের পদ্ধতি শেখা ।

(২) বাজারে চালু তরল পদার্থ পরিমাপগুলি চিনতে পারা এবং তাদের সম্পর্ক জানা ।

(i) নিচের শূন্যস্থানগুলি পূরণ কর ঃ

(ক) বিশ্বের সর্বত্র তরল পদার্থ মাপার একক ☐

(খ) ১ কিলোমিটার = ☐ লিটার

(গ) এক লিটার = ☐ মিলিলিটার

পাঠ একক

সময় পরিচিতি, সপ্তাহ, মাস, বছর ইত্যাদির ধারণা

নবম অধ্যায়, প্রথম পাঠ ও দ্বিতীয় পাঠ

১ ম পাঠ ঃ সময় পরিচিতি

সামর্থ্য ঃ- (১) সময়ের বিভিন্ন অংশের সঙ্গে পরিচয় ও সম্পর্ক জানা।

(২) ঘড়ি দেখে সময় নিরূপন করতে পারা ।

(i) নীচের খালি ঘরগুলি ভর্তি কর ঃ-

ক. একদিন = ☐ ঘন্টা, এক ঘন্টা = ☐ মিনিট,

এক মিনিট = ☐ সেকেন্ড।

খ. ঘড়ির মিনিটের কাঁটাটির চেয়ে ঘন্টার কাঁটাটি ☐

মিনিটের কাঁটাটি ☐ ঘন্টায় এক পাক ঘুরে ।

ঘন্টার কাঁটাটি ☐ ঘন্টায় এক পাক ঘুরে ।

ঘড়ির চাকতিতে ☐ থেকে ☐ পর্য্যন্ত সংখ্যা

লেখা আছে । একটি ঘড়ির ১২ থেকে ৭ সংখ্যা

পর্য্যন্ত ☐ গুলি মিনিট ঘর আছে এবং ৬ থেকে ৯

পর্য্যন্ত ☐ মিনিট ঘর আছে ।

(ii) নীচের ঘড়ির পাশে তীর চিহ্ন দিয়ে দেখাও । ঘড়ির কাঁটা দুটি কোন দিকে ঘোরে ।

(iii) নীচের দেওয়া সময়গুলি ঘড়ি এঁকে দেখাও ।

ক. দুপুর ১২ টা বা মধ্যরাত ১২ টা।

খ. ১২ টা বেজে ১৫ মিনিট ।

গ. ১২ টা ৫০ মিনিট ।

ঘ. দুপুর ১ টা বা রাত ১ টা ।

(iv) নীচে আঁকা ঘড়ি গুলি দেখে সময় লেখ ঃ-

পাঠ একক

সপ্তাহ, মাস, বছর ইত্যাদির ধারণা

দ্বিতীয় পাঠ

সামর্থ্য ঃ- (১) দিন, সপ্তাহ, মাস, বছর এবং তাদের সম্পর্ক জানা ।

(২) সপ্তাহের দিনগুলি এবং বছরের বিভিন্ন মাসগুলি পরপর বলতে ও লিখতে পারা ।

(৩) তারিখ লেখার অভ্যাস হওয়া ।

(i) নীচের খালি ঘরে সংখ্যা অথবা কথা বসাও ঃ

আজ ভোর ৬ টা থেকে কাল ভোর ৬ টা পর্য্যন্ত

☐ দিন, ☐ দিনে এক মাস, একপক্ষ = ☐ দিন,

☐ মাসে এক বৎসর, একদিনে = ☐ ঘন্টা,

এক্ বৎসর = ☐ দিন ; ☐ দিনে ৩ সপ্তাহ হয় ।

১২০ দিনে = ☐ মাস, এক বৎসরের ২০০ দিন

চলে গেলে ☐ দিন থাকে ।

(ii) এক সপ্তাহের বিভিন্ন বারের নামগুলি পরপর লেখ।

(iii) এক বৎসরে, বাংলা বারো মাসের নামগুলি পরপর লেখ ।

(iv) এক বৎসরে, ইংরেজী বারো মাসের নামগুলি পর পর লেখ ।

গণিত

তৃতীয় শ্রেণী

তৃতীয় শ্রেণী

গণিত

একলক্ষ পর্য্যন্ত সংখ্যা লেখা ও পড়া

দ্বিতীয় অধ্যায়

সামর্থ্য ঃ— স্থানীয় মান অনুয়ায়ী এক লক্ষ পর্য্যন্ত লিখতে ও পড়তে পারা ।

১. নীচের সংখ্যাগুলি কথায় লেখ ঃ---

ক. ২৯০০০৯

খ. ১৮০৮০৮

গ. ৫০০০৫

ঘ. ৬০০৩৯

ঙ. ৫৫৫৫৫

২. নীচের কথাগুলি সংখ্যায় লেখ ঃ---

ক. নিরানব্বই হাজার নয়শ নিরানব্বই

খ. ছেষট্টি হাজার ছয়শ ছেষট্টি

গ. দুই লক্ষ তিরিশ হাজার পাঁচশ

ঘ. সাতানব্বই হাজার সাতান্ন

ঙ. একলক্ষ ছিয়াত্তর হাজার চারশ পঞ্চাশ

সামর্থ্য ঃ- একলক্ষের মধ্যে কয়েকটি সংখ্যা দেওয়া থাকলে ছোট বড় নির্নয় করতে পারা, উর্ধ্ব বা নিম্নক্রমে সাজিয়ে লিখতে পারা ।

৩. নীচের সংখ্যাগুলি বড় থেকে ছোট সাজাও ঃ---

ক. ৫৭২, ৩৮৯, ২৮৬, ৫৭৩

খ. ৫৫০০, ৫০০৫৫, ৮৮০১, ৯৯৫

গ. ৮৮০৮৮, ৮৮৮০৮, ৮০৮৮৮, ৮৮৮৮০

ঘ. ১৬৩০৬, ৯৯০, ১৯৯০, ২১০০১

৪. নীচের সংখ্যাগুলি ছোট থেকে বড় সাজাও ঃ---

ক. ৪৯৮, ৯৮৭১, ৭৮০২৩

খ. ১০৮০০, ১৮১০০, ২০৫৬, ৯৮০০১

গ. ৬৬০৬, ৬৬০৬৬, ৬০৬৬৬, ৬৬৬০৬

ঘ. ৩১০১, ৪১০৩, ৬৮৩২

ঙ. ৩২০, ২০৩, ৩২৫, ৫২৩

সামর্থ্য ঃ- বিভিন্ন অঙ্কের — বৃহত্তম সংখ্যা ও ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় করতে পারা ।

৫. নীচের কথাগুলি সংখ্যায় লেখ ঃ-

ক. এক অঙ্কের বৃহত্তম সংখ্যা ।

খ. পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা ।

গ. তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা ।

ঘ. চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ।

ঙ. ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ।

৬. নীচের সংখ্যাগুলির মধ্যে কোন সংখ্যাটি বৃহত্তম তা সাজিয়ে লেখ ঃ—

ক. ২৫৩০৩, ২৫৩০০, ২৩৫০৩, ২৩৩০৫

খ. ৪১৬৫৫১, ৪১৫৫৬৫, ৪১৬৬৫৫, ৪১৫৬৫৫

সংখ্যার কঠিনতর যোগ - বিয়োগ
তৃতীয় অধ্যায়

সামর্থ্য ঃ- একলক্ষ পর্য্যন্ত সংখ্যা ব্যবহার করে, যোগফল ও বিয়োগ ফল নির্ণয় করতে পারা।

৭. স্থানীয় মান অনুসারে সাজিয়ে যোগফল নির্ণয় কর ঃ-

ক. ২৩০১২ + ১৪৯৭৬

খ. ৩৪৭২৮ + ৪৫০৬১

গ. ৩০৬০৭ + ১৯২৭১ + ১০০২০০

ঘ. ৫০৮২৯ + ৩৭১৬০

ঙ. ৮৬০০৩ + ১০৪৪ + ১২১

৮. স্থানীয় মান অনুসারে সাজিয়ে বিয়োগফল নির্ণয় কর ঃ-

ক. ২৭৩০৫ — ১৪২৩১

খ. ৮৮০৮৮ — ৪৪০৪৪

গ. ৯৬৮৫৫ — ৪২৩১০

ঘ. ৭৪২৬৪৯ — ৫৩২১৩৬

৯. শূণ্যস্থান পূরণ কর ঃ-

ক.

	৮	৪	৭	৬	৫	৩
—	□	□	□	১	২	০
	৬	০	৩	□	□	□

খ.

	৯	৪	৬	৮	৭	৫
—	৬	□	০	□	২	□
	□	৪	□	৩	□	২

১০. নীচের সমস্যাগুলি অঙ্কের ভাষায় প্রকাশ করে সমাধান কর ঃ-

ক. নির্বাচনে গত বছর তিনজন প্রার্থী যথাক্রমে, ১৩৪৫২, ১৩০০৫ এবং ৫২০৩ টি ভোট পেয়েছিলেন। ৫৪৪ ভোট বাতিল হয়েছিল। মোট কত ভোট পড়েছিল ?

খ. একটি শহরের মোট জনসংখ্যা হল ৭৫৮১৩ , তার মধ্যে পুরুষের সংখ্যা হল ৩৮৯২৭, তাহলে মহিলার সংখ্যা কত ?

গ. এক দোকানদারের ৯৭০০০ কিগ্রা চিনি মজুত ছিল। সে দুদিনে ২৫৩১২ কিগ্রা ও ৪২০২৫ কিগ্রা বিক্রি করে দিল। এখন তার কাছে কত কিগ্রা চিনি আছে ?

ঘ. এবারে আমাদের পাঠাগারের জন্য ৫৭০০ টি মজার গল্প বই এবং ৫৭০ টি ভ্রমন কাহিনীর বই কেনা হয়েছে । মোট কত বই কেনা হয়েছে ?

১১. নীচের খালিঘরে সঠিক সংখ্যা বা '০' বসিয়ে পূর্ণ কর ঃ-

ক. ৩ + ☐ = ৩   ৬৫ + ০ = ☐

☐ + ৮ = ৮   ১২ - ☐ = ১২

৮০ - ☐ = ৮০   ৩৭ - ০ = ☐

খ. ০ × ১১ = ☐

০ ÷ ৭ = ☐

২৫ × ☐ = ০

☐ ÷ ৮২ = ০

৯৬ × ০ = ☐

১২. স্থানীয় মান অনুসারে সাজিয়ে নামতার সাহায্যে গুণফল নির্ণয় কর ঃ--

ক. ৮১ × ১৪

খ. ৯৬ × ১২

গ. ৩৪১ × ১৯

ঘ. ৫০৬৪ × ১৫

ঙ. ১০২৩ × ১৭

চ. ৩১২০ × ১৮

ছ. ৪৭৯ × ১১

জ. ৬৫ × ১১

সামর্থ্য ঃ- ১১ থেকে ২০ পর্য্যন্ত গুণের নামতা তৈরী করতে পারা এবং নামতার সাহায্যে ভাগফল ও গুণফল নির্ণয় করতে পারা ।

১৩. স্থানীয় মান অনুসারে সাজিয়ে নামতার সাহায্যে ভাগফল নির্ণয় কর ঃ---

ক. ১৬৫ ÷ ১৫

খ. ১৪৮৮ ÷ ১১

গ. ৮৭০৯ ÷ ১৬

ঘ. ২৭০ ÷ ১৮

ঙ. ১৯৫ ÷ ১৩

চ. ১৯৬ ÷ ১৬

সামর্থ্য ঃ- গুণ ও ভাগ বিষয়ক সমস্যার সমাধান কর‍াতে পারা।

১৪. নীচের প্রশ্নগুলি অঙ্কের ভাষায় প্রকাশ করে সমাধান কর ঃ-

ক. প্রতি ঝুড়িতে ৫৩২ টি কমলালেবু থাকলে, ৬৩ টি ঝুড়িতে কতকগুলি কমলালেবু থাকবে ?

খ. প্রতি বস্তায় ৮৫ কেজি করে চাল থাকলে, ২১৫ বস্তায় কত কেজি চাল থাকবে ?

গ. ৯৭ জন কর্মচারীর বেতন ৪৬৭৫ টাকা হলে, প্রত্যেক কর্মচারীর বেতন কত ?

ঘ. একটি বাগানে ৫৬৫০ টি আমগাছ ছিল, ৫০ টি করে প্রতি সারিতে আমগাছ থাকলে কত সারি আম গাছ ছিল ?

সামর্থ্য ঃ- ১০, ১০০, ১০০০ ইত্যাদি সংখ্যা দ্বারা গুণ করার সহজ পদ্ধতি নির্ণয় করতে পারা ।

১৫. গুণফল নির্ণয় কর ঃ-

ক. ৮ × ৪০ খ. ৭ × ৫০০

গ. ১২ × ৩০ ঘ. ১১৬ × ৪০০

ঙ. ১৩৩ × ৯০০ চ. ৫৯ × ৭০০০

সামর্থ্য ঃ- দুই বা ততোধিক অঙ্কের সংখ্যার দ্বারা গুণ ও ভাগ করার কৌশল শেখা।

১৬. সাধারণ পদ্ধতিতে গুণফল নির্ণয় কর ঃ-

ক. ৫১৬ × ২০০ খ. ১০৯ × ৬৫০

গ. ৪৩৮ × ৯২ ঘ. ৬৩৭ × ৮৭

ঙ. ১০৩৭ × ৪৩ চ. ৮০০০ × ৪২১

১৭. দীর্ঘ ভাগের পদ্ধতিতে ভাগফল নির্ণয় কর ঃ-

ক. ২৩৯০ ÷ ১২ খ. ৭৬৭ ÷ ১৩

গ. ৩৪৯৭ ÷ ১৩ ঘ. ৮৮৫৪ ÷ ১৯

ঙ. ৫৫৬৯৬ ÷ ৫৯ চ. ৬০৯৭৫ ÷ ৪৫

১৮ নীচের তালিকায় খালি ঘরগুলি ভর্তি কর ঃ--

ভাজ্য	৭০		৫৪৬৫		৮২৪৭৫৩		৬৮৩৭৬
ভাজক	১৮	২৭	৬৭	৭৩২		৭৩৯	৮৬
ভাগফল		৯		৮৬	৩৬	৪৭	৭৯৫
ভাগশেষ		৮		১৭	২৯	৪৩	

সামর্থ্য ঃ- ভাগশেষ থাকে এমন ভাগ করতে পারা। ঐ বিষয়ে সমস্যা সমাধন করতে পারা।

১৯. ভাগফল ও ভাগশেষ নির্ণয় কর ঃ--

ক. ৯৯৯৯ ÷ ৭৩ খ. ২৩৮৭ ÷ ১৪

গ. ৮৭০৯ ÷ ১৬ ঘ. ৪৫ ÷ ৭

ঙ. ১৮৫ ÷ ১৩ চ. ২০০ ÷ ১৫

২০. নীচের প্রশ্নগুলি সমাধান কর ঃ--

ক. অনিলের বাবা ৩০ টি আম এনেছিলেন, তাদের চার ভাই বোনের মধ্যে সমান ভাগে ভাগ করতে গিয়ে যা বাড়তি ছিল তা তাদের ছোট বোন কে দিয়ে দিলেন । ছোট বোন কটি আম পেল ?

খ. ৫০ টি কমলা লেবু থেকে কম করে কটি সরিয়ে রাখলে বাদবাকি কমলালেবু ১২ জন বালকের মধ্যে সমান ভাবে ভাগ করে দেওয়া যাবে ।

২২ নীচের সমস্যাগুলি অঙ্কের ভাষায় লিখে সমাধান কর ঃ--

ক. পাঁচটি ঝুড়িতে ডিম আছে, প্রত্যেক ঝুড়িতে ৪০ টি করে ডিম আছে, ঐ ডিমগুলির মধ্যে ১০ টি ডিম নষ্ট হয়ে গেল । কটি ডিম রইল ?

খ. কলিকাতা থেকে বর্ধমানের দূরত্ব ৯০ কিঃ মিঃ । একজন সাইকেল আরোহী কলকাতা থেকে রওনা হয়ে প্রথমদিনে ৩৫ কিঃ মিঃ, আর একদিনে ৪২ কিঃ মিঃ রাস্তা গেলেন । দ্বিতীয় দিনে বর্ধমান থেকে কতদূরে ছিলেন ?

গ. আকবর গাছ থেকে ২০ টি পেয়ারা পাড়ল। সে তার চার বন্ধুকে চারটি পেয়ারা দিল, বাড়িতে ৪ ভাইবোনকে তিনটি করে দিল। সে নিজে কটি পেয়ারা খেয়েছে ?

ঘ. বিদ্যালয়ের বাগানে লাগানোর জন্য ৫০ টি গোলাপ চারা আনা হল। ৩য় শ্রেণীর ছাত্রছাত্রীরা ২০ টি চারা লাগাল । চতুর্থ শ্রেণীর ছাত্রছাত্রীরা ২৫ টি চারা লাগালো। বাকি চারা লাগালো দ্বিতীয় শ্রেণীর ছাত্রছাত্রীরা । তারা কতকগুলি চারা লাগিয়েছিল ?

সামর্থ্য ঃ- (১) একাধিক প্রক্রিয়াযুক্ত পর্যায়ক্রমিক সমস্যাগুলিকে গাণিতিক ভাষায় প্রকাশ করতে পারা, আগে পরে করার প্রয়োজন অনুযায়ী বিভিন্ন বন্ধনী দিতে পারা ।

(২) ক্রম অনুযায়ী বন্ধনীর কাজ করে সমস্যাটির যথাযথ সমাধান করতে পারা।

২২. সরল কর ঃ-

ক. (১৩ + ৪) - ৭

খ. (৪০ - ১৭) + ২৩

গ. (৮২ + ৫৩) - (২১ - ১৪)

ঘ. (২১ - ১২) + (৩৪ - ১৬)

ঙ. (৭ × ১২) - ৩১ + (৬ × ৭) - (৩ × ৮)

চ. (১৩৫ -২৫) ÷ (৪৪ ÷ ৪)

ছ. (৬৬৩ - ৫৩২) - (৮২ + ৩৬) - ১২

২৩. নীচের সমস্যাগুলি অঙ্কের ভাষায় লিখে সরল করে সমাধান কর ঃ--

ক. কোন একটি শহরের লোকসংখ্যা ৮৫৬২৫, তার মধ্যে ২৬৩০২ হলেন পুরুষ। যদি মহিলার সংখ্যা পুরুষের অর্ধেক হয় এবং বাকীরা শিশু হয়, তাহলে শিশুদের সংখ্যা কত ?

খ. কোন ব্যবসায়ী ২০০০ টাকা নিয়ে হাটে গেলেন। তিনি যত টাকার চাল কিনলেন তার তিন গুণ টাকার পাট ও বাকি টাকার কাপড় কিনলেন। তিনি ৪৪৫ টাকার চাল কিনলে, কত টাকার কাপড় কিনলেন ?

গ. একটি বিদ্যালয়ের বাগানে প্রতি সারিতে ১৫ টি করে ৪ সারি লঙ্কাচারা লাগানো হয়েছিল। ১৮ টি চারা মরে গেলে বাগানে কটি লঙ্কা চারা আছে?

প্রথম পাঠ

মৌলিক ও যৌগিক সংখ্যা

চতুর্থ অধ্যায়

সামর্থ্য ঃ- মৌলিক ও যৌগিক সংখ্যার পার্থক্য নির্ণয় করতে পারা।

২৪. ক. ১-৩০ এর মধ্যে সব মৌলিক সংখ্যাগুলি লেখ।

খ. ২০-৩০ এর মধ্যে যৌগিক সংখ্যাগুলি নীচে লেখ ।

গ. সবচেয়ে ছোট মৌলিক সংখ্যাটি কি ?

ঘ. ১ সংখ্যাটি কি মৌলিক না যৌগিক ?

২৫. নীচের ছকের মৌলিক সংখ্যাগুলিতে ✓ দাগ দাও ঃ--

১	৪	৫	৭	৯	১০
১১	১৪	১৫	১৭	১৯	২০
২১	২৪	২৫	২৭	২৯	৩০
৩১	৩৪	৩৫	৩৭	৩৯	৪০
৪১	৪৪	৪৫	৪৭	৪৯	৫০

২৬. নিচের ছকে যৌগিক সংখ্যাগুলিতে ✓ দাগ দাও ঃ–

২	৩	৬
১২	১৩	১৬
২২	২৩	২৬
৩২	৩৩	৩৬
৪২	৪৩	৪৬

২৭. ক. একটি মৌলিক সংখ্যা তুমি নিজে ভেবে লেখ। সেই সংখ্যাটি যে মৌলিক সংখ্যা, তা কি করে বুঝলে? করে দেখাও ।

খ. একটি যৌগিক সংখ্যা তুমি নিজে ভেবে লেখ, সেই সংখ্যাটি যে যৌগিক সংখ্যা, তা তুমি কি করে বুঝলে? করে দেখাও ।

সামর্থ্য ঃ- সংখ্যার গুণনীয়ক ও গুণিতক নির্নয় করতে পারা ।

বাঁ পাশের ঘরে কয়েকটি সমস্যা দেওয়া আছে। ডান পাশের গুণনীয়কের ঘরে ৪ টি গুণনীয়ক ও গুনিতকের ঘরে অন্তঃত চারটি গুণিতক বসাও ।

সংখ্যা	গুণনীয়ক	গুণিতক
২		
৮		
১০		

২৮. নীচের সংখ্যাগুলির পাঁচটি গুণনীয়ক গুণিতক লেখ ঃ--

(ক) ৩ (খ) ৬ (গ) ৮ (ঘ) ৯ (ঙ) ২০

(চ) ১৫ (ছ) ২৭ (জ) ৫৬ (ঝ) ৬৬ (ঞ) ৮৮

সামর্থ্য ঃ- যৌগিক সংখ্যা যে সব সংখ্যা দ্বারা বিভাজ্য, সেগুলিকে সংখ্যাটির গুণনীয়ক বা উৎপাদক বলে তা জানা। গুণিতক অর্থাৎ গুণফল কোন ও একটি সংখ্যাকে ১. ২. ৩ সংখ্যা দ্বারা গুণ করলে পাওয়া যায় তা জানা।

২. ৩. ৫. ১০ দ্বারা বিভাজ্য সংখ্যাগুলি সহজেই নির্নয় করতে পারা ।

২৯. নিচের সংখ্যাগুলিকে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ কর ঃ-

ক. ১৬, ২৪, ২৭, ৩২

খ. ১১২, ১২৮, ৩২৪, ৬২৫, ১৪৮

৩০. ক. বিভাজ্যতার নিয়ম দিয়ে বিচার করে নীচের সংখ্যাগুলিকে সঠিক সারিতে পরপর বসাও ঃ-

৩৭৮, ৪৬৫, ৫৪০, ৬৮৪, ৭৫৮, ৮৯৪, ৯৭৫,

১০৮৫, ১২৯৬, ১৩৮০

---

২ দ্বারা বিভাজ্য

---

৩ দ্বারা বিভাজ্য

---

৫ দ্বারা বিভাজ্য

---

৯ দ্বারা বিভাজ্য

---

১০ দ্বারা বিভাজ্য

সামর্থ্য ঃ- কয়েকটি সংখ্যার বিভাজ্যতা নির্নয়ের সূত্রগুলি অনুধাবন এবং প্রয়োগ করতে পারা।

খ. ৫৬৮ এর সঙ্গে সবচেয়ে কম কত যোগ করলে, তা ৫ দ্বারা বিভাজ্য হবে?

গ. ৮৬৪ থেকে সবচেয়ে কম কত বিয়োগ করলে, তা ৫ দ্বারা বিভাজ্য হবে?

ঘ. ৭৫৩ এর সঙ্গে সবচেয়ে কম কত যোগ করলে, তা ১০ দ্বারা বিভাজ্য ?

ঙ. ৮৯৬ এর থেকে সবচেয়ে কম কত বিয়োগ করলে, তা ১০ দ্বারা বিভাজ্য হবে ?

৩১. নীচের সংখ্যাগুলিকে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ কর ঃ-

ক. ১১২ খ. ১২৮ গ. ৩২৪ ঘ. ৬২৫

ঙ. ১৪৮

সামর্থ্য ঃ- ২ থেকে শুরু করে পর পর মৌলিক সংখ্যাগুলির দ্বারা সংখ্যাটিকে ক্রমান্বয়ে ভাগ করলে শেষ ভাগফলটি যে একটি মৌলিক সংখ্যা হয় তা জানা। তারপর সবকটি ভাজক ও শেষ ভাগফলটির গুণফল হিসাবে প্রকাশ করে দেখানো যে সংখ্যাটি মৌলিক উৎপাদকে বিশ্লেষিত হবে তা বুঝতে পারা।

৩২. ক. ২, ৩, ৫ যে সংখ্যাটির মৌলিক উৎপাদক সেই সংখ্যাটি নির্নয় কর।

খ. ২, ৩, ৭ যে সংখ্যাটির মৌলিক উৎপাদক সেই সংখ্যাটি নির্নয় কর।

গ. ২, ৩, ১১ যে সংখ্যাটির মৌলিক উৎপাদক সেই সংখ্যাটি নির্নয় কর।

ঘ. ২, ১১, ১৩ যে সংখ্যাটির মৌলিক উৎপাদক সেই সংখ্যাটি নির্নয় কর।

ভগ্নাংশ

পঞ্চম অধ্যায়

সামর্থ্য ঃ- ভগ্নাংশ সম্বন্ধে সঠিক ধারনা হওয়া ।

৩৩. নিচের ভগ্নাংশগুলি কে ভাষায় প্রকাশ কর ঃ--

ভগ্নাংশ	ভাষায়
$\frac{৭}{১০}$	
$\frac{৫}{১১}$	
$\frac{৭}{১৩}$	
$\frac{১১}{১৫}$	
$\frac{৮}{১২}$	
$\frac{১২}{১৭}$	
$\frac{১৫}{১৯}$	
$\frac{১৯}{২০}$	

৩৪. নীচের ভাষায় লেখা ভগ্নাংশগুলিকে সংখ্যায় প্রকাশ কর ।

ক.

নয় ভাগের সাত ভাগ	
সাত ভাগের তিন ভাগ	
এগারো ভাগের তিন ভাগ	
পনের ভাগের এগার ভাগ	
নয় ভাগের পাঁচ ভাগ	
বত্রিশ ভাগের একচল্লিশ ভাগ	
দশ ভাগের ছয় ভাগ	
পাঁচ ভাগের দুই ভাগ	

৩৫. হর, লব, প্রকৃত মিশ্র ভগ্নাংশ সম্বন্ধে ধারণা পরিষ্কার হওয়া ।

সামর্থ্য ঃ- বাঁদিকের ছকে যে ভগ্নাংশগুলি দেওয়া আছে হর ও লব বের কর। পাশের ফাঁকা ঘরে বসাও ।

ভগ্নাংশ	হর	লব
$\frac{১২}{১৭}$		
$\frac{১৫}{১৯}$		
$\frac{১৩}{১৫}$		
$\frac{১৪}{১৭}$		
$\frac{৫}{১০}$		
$\frac{৮}{১০}$		

৩৬. বাঁদিকের ছকে হর ও লব দেওয়া আছে, তা দিয়ে পাশে ফাঁকা ঘরে ভগ্নাংশটি লেখ ঃ--

হর	লব	ভগ্নাংশ
১১	৭	
১৭	১৩	
১১	৫	
৮	৫	
৩১	২১	

৩৭. বাঁদিকে কয়েকটি ভগ্নাংশ সংখ্যা দেওয়া আছে। ডানদিকের ফাঁকা ঘরে সেই ভগ্নাংশগুলি ভাষায় প্রকাশ কর ঃ--

ভগ্নাংশ	ভাষায় লেখ
$৩\frac{৭}{৯}$	
$৭\frac{৫}{১১}$	
$২৫\frac{৫}{২১}$	
$৩৯\frac{৫৭}{১০০}$	
$১২৩\frac{৯৭}{১৮৭}$	
$৫৮৪\frac{৮৯}{৩১৮}$	

৩৮. বাঁদিকে ভাষায় লেখা ভগ্নাংশগুলি ডান পাশের ফাঁকা ঘরে সংখ্যায় লেখ ঃ

ভাষায়	সংখ্যায়
আটানব্বই ভাগের একচল্লিশ ভাগ	
দুশ ভাগের একশ ঊনিশ ভাগ	
পনের পূর্ণ পঁয়ষট্টি ভাগের তেইশ ভাগ	
তেইশ পূর্ণ দশ ভাগের নয় ভাগ	
একশ ভাগের সাতানব্বই ভাগ	

দশমিক ভগ্নাংশ

ষষ্ঠ অধ্যায়

সামর্থ্য ঃ- দশমিক ভগ্নাংশ সম্বন্ধে সঠিক ধারণা হওয়া ।

৩৯. নীচের ১০ ও ১০০ ইত্যাদি হর বিশিষ্ট সামান্য ভগ্নাংশগুলিকে দশমিক ভগ্নাংশে প্রকাশ কর ঃ—

সামান্য ভগ্নাংশ	দশমিক ভগ্নাংশ					
	শ	দ	এ	বিন্দু	দশাং	শতাং
$\frac{৭}{১০}$						
৫ $\frac{৩}{১০}$						
$\frac{৫৭}{১০০}$						
২ $\frac{৬}{১০}$						
২৩ $\frac{৬৪}{১০০}$						

৪০. নীচের দশমিক ভগ্নাংশগুলিকে ডান পাশের ফাঁকা ঘরে সামান্য ভগ্নাংশে প্রকাশ কর ঃ-

দশমিক ভগ্নাংশ	সামান্য ভগ্নাংশ
০.৫	
০.১৭	
০.৬৫	
০.৯৬	

দশমিক ভগ্নাংশ	সামান্য ভগ্নাংশ
০.০৮	
০.৮৯	
২.০৪	
৭৮.৭৯	

সামর্থ্য ঃ- দশমিক ভগ্নাংশ যুক্ত সংখ্যা পড়ার বিশেষ রীতিটি জানতে পারা ।

৪১. নীচের দশমিক ভগ্নাংশ যুক্ত কয়েকটি সংখ্যা দেওয়া হল, তাদের ভাষারূপ ডান দিকের ফাঁকা ঘরে লেখ ঃ-

	স	শ	দ	এ	বিন্দু	দশাং	শতাং	ভাষারূপ
১.			৩	৮	.	৫	৬	
		২	৪	২	.	১	৭	
	১	৮	২	৯	.	৬	২	
		৮	৬	২	.	৭	৩	
	৫	৬	৭	৩	.	৮	৬	

৪২. নীচের ভাষায় প্রকাশিত দশমিক ভগ্নাংশ গুলিকে অঙ্কে লেখ ঃ-- ডান দিকের ফাঁকা ঘরে ।

ভাষারূপ	স	শ	দ	এ	বিন্দু	দশাং	শতাং
পাঁচশত সাতাশি দশমিক দুই তিন							
এক হাজার আটশত তিরাশি দশমিক নয় ছয়							
তিন শত পঞ্চান্ন দশমিক সাত পাঁচ							
পাঁচ হাজার সাতাশ দশমিক তিন চার							
চার হাজার তিনশ পাঁচ দশমিক এক ছয়							
তিনশ একান্ন দশমিক দুই ছয়							

সামর্থ্য ঃ- দশমিক ভগ্নাংশের যোগফল ও বিয়োগফল নির্নয় করতে পারা ।

৪৩. নীচের প্রশ্নগুলি অঙ্কের ভাষায় প্রকাশ করে সমাধান কর ঃ--

ক. একজন চাষী তার মোট জমির ০.৫১ অংশে আলু, ০.৩৭ অংশে বেগুন চাষ করেন। তিনি মোট কত অংশে চাষ করেন ?

খ. এক ব্যক্তি তাঁর গন্তব্যস্থলের ০.৫৮ অংশ বাসে ও ০.৩৭ অংশ সাইকেলে যান। বাকি পথ হেঁটে গেলে তিনি কত পথ হেঁটে গেছেন ?

গ. একটি গ্রামের মোট জনসংখ্যার ০.৬০ অংশ হিন্দু, ০.৩৪ অংশ মুসলমান। কত অংশ অবশিষ্ট সম্প্রদায়ভুক্ত ?

ঘ. একটি বাঁশের ০.২৭ অংশ কাঁদায়, ০.৩৮ অংশ জলে এবং বাকি অংশ জলের উপর আছে। কত অংশ জলের উপরে আছে ?

ঙ. শিক্ষক মহাশয় রমাকে আটত্রিশ দশমিক পাঁচ ছয় লিখতে বললেন । সে লিখল আটত্রিশ দশমিক ছয় পাঁচ । সে কত কম বা বেশী লিখেছে ?

৪৪. যোগফল নির্নয় কর ঃ-

ক. ৮৩.১২ + ০.৯৩

খ. ০.৭ + ০.৯

গ. ২২.০৬ + ১২.৭৫

ঘ. ২০.১৩ + ৮.০৮

ঙ. ৩৮.৫ + ১৯.২৫

৪৫. বিয়োগ ফল নির্নয় কর ঃ

ক. ৯৮.০৩ - ৭৫.৬৯

খ. ৮.৩ - ৫.৯

গ. ৮৫.১০২ - ৬৩.০৮২

ঘ. ০.৫৩ - ০.২৮

ঙ. ৩.২১ - ২.০৮

চ. ৫.৫ - ৩.৪৫

মুদ্রা

সপ্তম অধ্যায়

সামর্থ্য ঃ- ১ টাকা = ১০০ পয়সা, এই জ্ঞান থেকে পয়সাকে টাকায় পরিবর্তন করে লেখার কৌশল শেখা।

৪৬ পাশের ফাঁকা ঘরে উত্তর লেখ ঃ--

ক. ৭ টাকায় কত পয়সা ?

খ. ৮০০ পয়সা = কত টাকা ?

গ. ৭৮৩ পয়সা = কত টাকা ?

ঘ. ১ টাকা ৪২ পয়সা = কত পয়সা ?

৪৭. পয়সায় পরিণত কর ঃ-

(ক) ১২ টাকা ০৫ পয়সা ।

(খ) ২৭ টাকা ৩৫ পয়সা ।

(গ) ৯ টাকা ।

(ঘ) ৮৮৩ টাকা ২৩ পয়সা ।

৪৮. টাকায় ও পয়সায় পরিণত কর ঃ-

ক. ২৯০ পয়সা ।

খ. ২৪৮৭ পয়সা ।

গ. ১১০০ পয়সা ।

ঘ. ৩৩০৩ পয়সা ।

সামর্থ্য ঃ- টাকা --পয়সা সংক্রান্ত সমস্যার সমাধান করতে পারা।

৪৯. নীচের প্রশ্নগুলির সমাধান কর ঃ-

ক. এক ব্যক্তি ১৫ টাকা ৫০ পয়সা নিয়ে বাজারে গেলেন।
বাজারে গিয়ে ২ টাকা ৬০ পয়সার ডিম, ৭ টাকা ৮০ পয়সার মাছ
ও ৩ টাকা ৬০ পয়সার সব্জি কিনলেন, তার কাছে
আর কত পয়সা অবিশষ্ট থাকবে ?

খ. তোমার বাবা রেশন দোকান থেকে ১৬.২৫ টাকার চাল, ৮.৭৫ টাকার গম ও ৬.৫৩ টাকার চিনি কিনলেন। তাঁর মোট কত খরচ হল ?

৫০. যোগফল নির্নয় কর ঃ-

ক. ৫ টাকা ৩৭ পয়সা + ৮ টাকা ১৮ পয়সা

খ. ৫.৬৭ টাকা + ৮.০৭ টাকা

গ. ৩৭.৫৫ টাকা + ২৭.৯০ টাকা

ঘ. ৫.৫০ টাকা + ৮.২৫ টাকা + ০.৬৫ টাকা

ঙ. ২৫.৪৭ টাকা + ৪৮.৩৭ টাকা + ৬৮.৭৮ টাকা

৫১. বিয়োগ ফল নির্ণয় কর ঃ

ক. ৩.০৮ টাকা — ১.৮৯ টাকা ।

খ. ২২.৩০ টাকা — ৯.৭২ টাকা ।

গ. ৩৮.৫৪ টাকা — ২৫.৯৬ টাকা ।

ঘ. ৭৫.৬২ টাকা — ৪৭.৮৫ টাকা ।

সামর্থ্য ঃ- টাকা -- পয়সাকে দশমিক যুক্ত রাশিতে পরিণত করা ।

৫২. বাঁ দিকের টাকা পয়সাগুলি, ডানদিকের ফাঁকা ঘরে দশমিক যুক্ত করে টাকায় প্রকাশ করঃ--

টাকা পয়সা	দশমিক যুক্ত টাকায়
৯ টাকা ২৭ পয়সা ।	
১১ টাকা ৩৫ পয়সা ।	
৯ টাকা ৭ পয়সা ।	
১৫৫ টাকা ৬০ পয়সা ।	
২৫ টাকা ৮০ পয়সা ।	

সামর্থ্য ঃ- দশমিক বা মেট্রিক পদ্ধতিতে দৈর্ঘ্য, ওজন ও তরল পদার্থের আয়তন পরিমাপের বিভিন্ন একক সম্পর্কে জানা । এর যে কোন একক থেকে অন্য এককে রূপান্তরের সহজ কৌশল শেখা ।

৫৩. নিচের সংখ্যায় লেখা পরিমানগুলি ভাষায় প্রকাশ কর ঃ--

কিঃ গ্রাঃ	হেঃ গ্রাঃ	ডেকাগ্রাঃ	গ্রাঃ	ডেসিগ্রাঃ	সেঃগ্রাঃ	মিলিগ্রাঃ
৮	৫	৯	৭	৩	১	
	৭	৫	০	৩	০	২
৯	৭	৬	৪	৭	০	৬

কিঃ মিঃ	হেঃ মিঃ	ডেকামিঃ	মিঃ	ডেসিমিঃ	সেঃমিঃ	মিলিমিঃ
৯	২	৪	৩	০	০	৫
৭	০	৪	০	৩		
		৯	৫	৮	০	৬

কিঃ লি	হেঃ লি	ডেকালিঃ	লিঃ	ডেসিলিঃ	সেন্টিলিঃ	মিলিলিঃ
৭	০	৪	০	৯	৫	৩
	৭	৩	৯	২	৫	
৯	৬	৮	৪	৭		

৫৪. নীচের ভাষায় লেখা পরিমানগুলি সংখ্যায় প্রকাশ কর ঃ–

ক. দুই কিলোমিটার পাঁচ ডেকামিটার সাত মিটার ।

খ. পাঁচ ডেসিমিটার সাত মিলিমিটার ।

গ. আট হেক্টমিটার নয় ডেকামিটার পাঁচ মিটার ।

ঘ. তিন কিলোগ্রাম আট গ্রাম পাঁচ ডেকাগ্রাম ।

ঙ. সাত ডেকা[illegible] পাঁচ গ্রাম তিন সেন্টিগ্রাম ।

চ. আট কিলোলিটার সাত ডেকালিটার চার লিটার নয় মিলিলিটার ।

ছ. তিন ডেকালিটার দুই ডেসিলিটার এক সেন্টিলিটার ।

দিন, ঘন্টা, মিনিট, সেকেন্ড

অষ্টম অধ্যায় ঃ

সামর্থ্য ঃ- সময় পরিমাপের এককাবলীর লঘুকরণ অর্থাৎ ইচ্ছামত বিশেষ এককে রূপন্তরণ করতে পারা ।

৫৫. সেকেন্ডে প্রকাশ কর ঃ-

ক. ১ ঘন্টা ৪০ মিনিট।

খ. ৭ মিনিট ১৯ সেকেন্ড।

গ. ১ দিন ১৬ ঘন্টা ৫ মিনিট ।

৫৬. মিনিটে পরিণত করঃ-

ক. ৮১৪০ সেকেন্ড ।

খ. ৪ ঘন্টা ১৮ মিনিট ।

গ. ৫ দিন ৮ ঘন্টা ৩ মিনিট ।

৫৭. ঘন্টা ও মিনিটে প্রকাশ কর ঃ--

ক. ১৭৫ মিঃ ।

খ. ৯৪৮ মিঃ ।

গ. ৪৭৫৮ সেঃ ।

৫৮. নীচের অঙ্কগুলি ঘন্টা, মিনিট ও সেকেন্ডে প্রকাশ কর ঃ--

ক. ২৮৫৪ সেকেন্ড ।

খ. ৯৭৫৭ সেকেন্ড ।

সামর্থ্য ঃ- সময় পরিমাপের এককাবলী ব্যবহার করে বিভিন্ন প্রক্রিয়ার প্রয়োগ করতে পারা ।

৫৯. **নীচের প্রশ্নগুলির সমাধান করঃ-**

ক. রাম একটি কাজ ৭ দিন ৩ ঘন্টা ১০ মিনিট সময় নেয়। শ্যাম সেই কাজটি করতে ৭ দিন ২ ঘন্টা ১৫ মিনিট সময় নেয়। কাজটি করতে শ্যামের চেয়ে রামের কত সময় বেশী লাগে ?

খ. তোমাদের বিদ্যালয় শুরু হয় ১০ টা ৩০ মিনিটে। গতকাল তুমি ১০ টা ১৯ মিনিটে বিদ্যালয় গিয়েছিলে। তুমি কত মিনিট আগে বিদ্যালয় গিয়েছিলে?

গ. সুজিত রোজ সকালে ৪ ঘন্টা ১৫ মিনিট পড়াশুনা করে এবং রাতে ২ ঘন্টা ৫৫ মিনিট পড়াশুনা করে। সে দুবেলায় রোজ কতক্ষণ পড়াশুনা করে?

ঘ. তুমি বাড়ী থেকে হেঁটে ২৫ মিনিটে স্টেশনে গেলে এবং ট্রেনে চেপে ২ ঘন্টা ৫ মিনিটে বিদ্যালয়ে গেলে, বাড়ি থেকে বিদ্যালয়ে যেতে তোমার কত সময় লেগেছিল ?

ঙ. এক তাঁতি দৈনিক ৩ ঘন্টা ৪৫ মিনিট তাঁত বোনে। সে এক সপ্তাহে মোট কত ঘন্টা কত মিনিট তাঁত বোনে ?

চ. এক দীর্ঘলঙ্ঘন প্রতিযোগীতায় ১৬ জন প্রতিযোগী আছে। প্রত্যেকে লাফ দিতে ১মিনিট ২৫ সেকেন্ড করে সময় নিয়েছে, সবার লাফ দিতে কত মিনিট কত সেকেন্ড সময় লেগেছিল ?

ছ. একজন কারিগর ৮ ঘন্টা ৩৬ মিনির্টে ১০ টি বই বাঁধাই করেন। প্রতিটি বই বাঁধতে যদি সমান সময় লাগে, তবে একটি বই বাঁধতে তার কত সময় লাগে ?

৬০. নির্দেশমত দিন বা মাসে পরিণত করঃ--

ক. ৯ বছর ৭ মাস = কত মাস ?

খ. ৩ বছর ৮ মাস ১৩ দিন = কত দিন ?

গ. ২৫ বছর ১১ মাস = কত মাস ?

ঘ. ৫ মাস ১৯ দিন = কত দিন ?

ঙ. ৫ সপ্তাহ ৩ দিন = কত দিন ?

৬১. নীচের মাস ও দিন সংখ্যাকে বছর, মাস ও দিনে পরিণত কর ঃ-

ক. ১০৮৪ দিন। খ. ১৪৬৯ দিন। গ. ৯৪৫ দিন।

ঘ. ২৫৭ মাস। ঙ. ২৪৪৬ দিন।

সামর্থ্য ঃ- সময় পরিমাপের এককাবলী ব্যবহার করে বিভিন্ন প্রক্রিয়ায় প্রয়োগ করতে পারা।

৬২. যোগ কর ঃ-

ক. ৯ বৎসর ৪ মাস + ৫ বৎসর ১৬ দিন + ৮ মাস ২৫ দিন।

খ. ৭ বৎসর ৫ মাস ১৪ দিন + ৪ বৎসর ৮ মাস ২৭ দিন + ৩ বৎসর ২ মাস ৭ দিন।

৬৩. বিয়োগ কর ঃ

ক. ৭ বৎসর ৯ মাস ৪ দিন - ৩ বৎসর ১১ মাস ২২ দিন।

খ. ২ বৎসর ৩ মাস - ১০ মাস ২৭ দিন।

৬৪. গুন কর ঃ-

ক. ৮ মাস ২৮ দিন × ১৬

খ. ৪ বৎসর ৬ মাস ২১ দিন × ১৪

৬৫. ভাগ কর ঃ-

ক. ৭ বৎসর ৭ মাস ১৮ দিন ÷ ৬

খ. ২১ বৎসর ৭ মাস ২২ দিন ÷ ১৬

৬৬. নিচের প্রশ্নগুলি সমাধান কর ঃ–

ক. অলকের বয়স যখন ৪ বৎসর ৮ মাস ১৬ দিন, তখন তার ভাই অসিতের জন্ম হয়। অসিতের বয়স এখন ১০ বৎসর ৮ মাস ২৫ দিন, অলকের বর্তমান বয়স কত ?

খ. ১০ বিঘা জমি চাষ করতে এক চাষীর ১ মাস ২০ দিন সময় লাগে। ১ বিঘা জমি চাষ করতে চাষীটির কত সময় লাগবে?

গ. একদল মজুর ১ বৎসর ৭ মাস ১৫ দিনে ১৫ কিঃ মিঃ সেচের খাল কাটল। ১ কিঃ মিঃ খাল কাটতে তাদের কত সময় লেগেছে ?

সামর্থ্য ঃ- ঘড়ি দেখে সময় পরিমাপ করতে পারা ।

৬৭. নিচের প্রশ্নগুলি সমাধান কর ঃ- (প্রতিটি প্রশ্নের জন্য দুবার করে ছবি এঁকে নেবে)

ক. তোমাদের বিদ্যালয় শুরু হয় ১০ টা ৪৫ মিনিটে। বিদ্যালয়ে যথাক্রমে ১০ মিনিট ও ২০ মিনিট টিফিন হয় । বিদ্যালয় ৪ টা ১৫ মিনিটে শেষ হলে ক্লাস হয় কতক্ষণ ?

খ. ট্রেনে করে হাওড়া থেকে সকাল ৬ টা ৫০ মিনিটে রওনা হয়ে ৮ টা ৫ মিনিটে তুমি ডানকুনি পৌঁছালে। তোমার যেতে কত সময় লেগেছে ?

গ. ইডেন গার্ডেনে ভারত বনাম ইংল্যান্ডের টেস্ট ক্রিকেট ম্যাচ শুরু হয় ১০ টা ৩৫ মিনিটে এবং সেদিন খেলা শেষ হয় ৩ টা ৫৫ মিনিটে । সেদিন কতক্ষণ খেলা চলেছিল ?

ঘ. তোমরা বাসে করে বেলুড়মঠ রওনা হলে সকাল ৬ টা ৫৫ মিনিটে। রাস্তায় গোলযোগ থাকায় বেলুড় মঠ পৌঁছালে ৮টা ৩৫ মিনিটে । বেলুড় মঠ যেতে তোমাদের কত সময় লাগল ?

গণিত

চতুর্থ শ্রেণী

চতুর্থ শ্রেণী

গণিত

প্রথম - দ্বিতীয় পাঠ

দ্বিতীয় অধ্যায়

পাঠ একক

কোটি পর্য্যন্ত সংখ্যা লেখা ও পড়া

সংখ্যার কয়েকটি বিশেষ ধর্ম

সামর্থ্য ঃ- (১) স্থানীয় মান অনুযায়ী কোটি পর্য্যন্ত অর্থাৎ আট অঙ্কের সংখ্যা লিখতে ও পড়তে পারা।

(২) জোড় - জোড়, জোড় - বিজোড়, বিজোড় - বিজোড় সংখ্যার যোগফল ও বিয়োগফলের ধর্ম বুঝতে পারা।

(৩) জোড় ও বিজোড় সংখ্যা নির্নয় করতে পারা ।

(৪) জোড় নির্নয়ের প্রনালী প্রয়োগ করে ৩, ৪, ৫ ইত্যাদি সংখ্যা দ্বারা বিভাজ্য

সংখ্যার সারি তৈরী করতে পারা।

(i) নীচের ছকে ফাঁকা জায়গায় সঠিক সংখ্যা এবং কথা বসাও ঃ

	কথায় লেখো	কো	নি	ল	অ	হা	শ	দ	এ
ক.		৩	৫	০	৮	৪	৭	২	৯
খ.	সাত কোটি বার লক্ষ তিনশ পঞ্চান্ন								
গ.		৯	৪	২	০	০	২	৩	৫
ঘ.		১০	০	০	৫	৮	৩	৬	২
ঙ.	সাত কোটি আট লক্ষ উনসত্তর ।								

(ii) অঙ্কের ভাষায় প্রকাশ করে সমাধান কর ঃ-

ক. ছয় অঙ্কের বৃহত্তম সংখ্যার সঙ্গে সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যার যোগফল কত?

খ. তোমাকে দুই কোটি সাত হাজার তিনশ আটচল্লিশ লিখতে বলা হল। তুমি ২০০৭০০৪৮ লিখলে, তুমি কত বেশী বা কম লিখলে ?

গ. ৩৯৭২০৮ এর সঙ্গে কত যোগ করলে সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে ?

ঘ. আট অঙ্কের বৃহত্তম সংখ্যা থেকে পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল কত হবে ?

ঙ. চার অঙ্কের বৃহত্তম সংখ্যার সঙ্গে ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা এবং সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা যোগ করো। যোগফল কত অঙ্কের সংখ্যা হবে ?

(iii) নীচের সংখ্যাগুলির ডান পাশের ফাঁকা ঘরটির পরবর্তী জোড় সংখ্যাটি বসিয়ে পূরণ করো ঃ

৮	

১৪	

১৬	

৩২	

৫৪	

(iv) নীচের সংখ্যাগুলির বাঁ পাশের ফাঁকা ঘরটির পূর্ববর্তী বিজোড় সংখ্যাটি বসিয়ে পূরণ করো ঃ

	৬

	৪৪

	২০

	৬৪

	৯০

(v) নীচের সংখ্যাগুলির ডান পাশের ফাঁকা ঘরটি পরবর্তী বিজোড় সংখ্যা লিখে পূরণ কর ঃ

৩	

৯	

২৭	

৪১	

৯৭	

(vi) নীচের ৩, ৪, ৫ ও ৬ দ্বারা বিভাজ্য সংখ্যার সারির ফাঁকা ঘরে সঠিক সংখ্যা বসাও।

ক. ৩ দ্বারা বিভাজ্য সংখ্যার সারি

৩ - ৬ ☐ ১২ ☐ ১৮ ২১ - - - - - - -

খ. ৪ দ্বারা বিভাজ্য সংখ্যার সারি

৪ ☐ ১২ ১৬ ☐ ২৪ ☐ - - - - -

গ. ৫ দ্বারা বিভাজ্য সংখ্যার সারি

৫ - ১০ ☐ ২০ ☐ ৩০ ৩৫ - - - - - - - - - -

ঘ. ৬ দ্বারা বিভাজ্য সংখ্যার সারি

৬ ☐ ১৮ ২৪ ☐ ৩৬ ☐ ৪৮ - - -

(vii) ক ১ থেকে ১০র মধ্যে জোড় সংখ্যাগুলির যোগফল নির্নয় কর।

খ. ১ থেকে ১০-র মধ্যে বিজোড় সংখ্যাগুলির যোগফল নির্নয় কর।

গ. (ক-র যোগফল) - (খ-র যোগফল) = ?

ঘ. ১০ থেকে ২০ পর্য্যন্ত জোড় সংখ্যাগুলির যোগফল থেকে ১০ থেকে ২০ পর্য্যন্ত বিজোড় সংখ্যাগুলির যোগফল বিয়োগ কর।

ঙ. ১ থেকে ১৫-র মধ্যে ৩ দ্বারা বিভাজ্য সংখ্যাগুলির যোগফল নির্ণয় কর।

পাঠ একক

কঠিনতর গুন ও ভাগ

তৃতীয় অধ্যায়, প্রথম পাঠ

(i) গুণফল নির্ণয় কর ঃ

ক. ২৭৫ × ৩২৫ খ. ৪৬৩২ × ৪৫৮৭

গ. ৯২৭৫ × ৮৪২ ঘ. ৪৭৯২৮ × ৮৪৩

(ii) ভাগফল ও অবশিষ্ট নির্ণয় কর ঃ

ক. ৫৩৬৮ ÷ ৬৪ খ. ৮৯৯৭ ÷ ১৬৯

গ. ১৪৪৫৩ ÷ ১৭৫ ঘ. ১৩২৮৬২ ÷ ৩১২

(iii) অঙ্কের ভাষায় প্রকাশ করে সমাধান কর ঃ

ক. একটি গরুর গাড়ীতে ২৮ বস্তা চাল বোঝাই করা হয়েছে। প্রতি বস্তায় ১২৭ কেজি চাল আছে। গাড়িতে কত কেজি চাল বোঝাই করা হয়েছে ?

খ. একটি সুপারী বাগানে ২৫৪ টি সুপারী গাছ আছে । তার মধ্যে ১৮৭ টি গাছের প্রত্যেকটিতে ১৭৬টি করে এবং বাকি গাছগুলির প্রত্যেকটিতে ২০৯ টি করে সুপারী ফলেছে। বাগানটিতে মোট কতগুলি সুপারী ফলেছে ?

গ. এক বিয়ে বাড়ীতে এক - একবারে ৫৫ জনকে বসিয়ে খাওয়ানোর ব্যবস্থা হয়েছে। যদি সেই বাড়িতে ৪৭৫ জন নিমন্ত্রিত ব্যক্তি এসে থাকেন, তবে পুরোপুরি করে বসিয়ে খাওয়ানোর পরেও যদি ৫৫ জনের কম লোক খেতে বাকি থাকতেন তবে শেষবারে কত জনকে বসিয়ে খাওয়াতে হবে?

ঘ. একটি চালকল থেকে ৩৭৬৫ বস্তা চাল বাজারে পাঠাতে হবে। প্রতিটিতে ২৫০ বস্তা চাল ধরে এমন কয়েকটি লরি বোঝাই করার পর দেখা গেল ১৫ বস্তা চাল এখনো পড়ে আছে। কটি লরি ভর্তি করা হয়েছিল ?

ঙ. এক - একটি বস্তায় ১১২ কেজি সরিষা ধরে এমন কয়েকটি বস্তা নিয়ে ২৮১২ কেজি সরিষা ভরা হচ্ছিল। পুরোপুরি কতগুলি বস্তা ভর্তি করার পর আর একটি বস্তা ভরার মতো সরিষা অবশিষ্ট থাকবে না ? সেই সময়ে কত সরিষা পড়ে থাকবে ?

পাঠ একক

ল. সা. গু ও গ. সা. গু.

চতুর্থ অধ্যায়, প্রথম পাঠ

সাধারণ গুণনীয়ক ও সাধারণ গুণিতক

(i) নীচের সংখ্যাগুলির গুণনীয়ক নির্নয় কর ঃ-

(ক) ১২ (খ) ১৯ (গ) ২৮ (ঘ) ৩১ (ঙ) ৩৯ (চ) ৪৫ (ছ) ৪৮

(ii) নীচের সংখ্যাগুলির অন্তত তিনটে করে গুণিতক নির্ণয় কর ঃ

ক. ৭ খ. ১১ গ. ১৬ ঘ. ১৮ ঙ. ১৯ চ. ২১ ছ. ২৪

(iii) নীচের সংখ্যাগুচ্ছের সাধারণ গুণনীয়গুলি নির্ণয় কর ঃ

(ক) ৬, ৯ (খ) ১১, ১৫ (গ) ১২, ১৬ (ঘ) ১৫, ২১

(ঙ) ৫, ১৫, ২৫ (চ) ৯, ১২, ২৫ (ছ) ১৪, ২১, ৩৫।

(iv) নীচের সংখ্যাগুচ্ছের অন্তত তিনটি সাধারণ গুণিতক নির্ণয় কর ঃ

(ক) ৫, ৭ (খ) ৭, ১১ (গ) ৬, ১০ (ঘ) ৩, ৫, ৭ (ঙ) ৫, ১০, ২০

দ্বিতীয় পাঠ

গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক বা গ. সা. গু.

(i) নীচের সংখ্যাগুলির গ. সা. গু নির্ণয় কর ঃ

(ক) ২০, ৩২ (খ) ৩৭, ৪৩ (গ) ৬৫, ৯৫ (ঘ) ১৯৫, ২২৫

(ঙ) ১২, ১৬, ২০ (চ) ৪২, ৫৬, ৮৪ (ছ) ২৪, ২৭, ৯৬

(জ) ৫৩, ৭৫, ১২৫ (ঝ) ১২০, ২৪০, ৪৫০.

(ii) নীচের প্রশ্নগুলি সমাধান করো ঃ

ক. তুমি প্রথমে কয়েক দিনে ২৫টি অঙ্ক কষেছ। পরে আরো কয়েক দিনে ৪০টি অঙ্ক কষেছ। রোজ যদি সমান সংখ্যক অঙ্ক কষে থাক, তবে রোজ সবচেয়ে বেশী কটি করে অঙ্ক কষেছিলে।

খ. ৩৬ টি চকোলেট ও ৪৮টি বিস্কুট সবচেয়ে বেশী কতজন ছেলেমেয়ের মধ্যে এমনভাবে ভাগ করা যাবে, যাতে তারা প্রত্যেকে সমান - সংখ্যক চকোলেট এবং সমান - সংখ্যক বিস্কুট পাবে ?

গ. এক ভদ্রলোক মাসের প্রথম দিকে ৬৩ টাকা দিয়ে কয়েক কেজি চাল ক্রয় করেন। পরে মাসের শেষ দিকে ৩৩ টাকা দিয়ে আরো কয়েক কেজি চাল ক্রয় করেন। প্রতি কেজি চালের জন্য যদি তিনি সমান দাম দিয়ে থাকেন, তবে প্রতি কেজি চালের দাম সর্ব্বোচ্চ কত টাকা হতে পারে ?

(ঘ) একজন সাইকেল আরোহী সমান গতিতে সাইকেল চালিয়ে কয়েক ঘন্টায় হাওড়া থেকে ব্যান্ডেল এবং পরে আরো কয়েক ঘন্টায় বর্ধমান পৌঁছান। হাওড়া থেকে ব্যান্ডেল ও বর্ধমানের দূরত্ব যদি যথাক্রমে ৬০ কিমি ও ৯০ কিঃমিঃ হয়, তবে তিনি প্রতি ঘন্টায় সবচেয়ে বেশী কত কি. মি. বেগে সাইকেল চালিয়েছিলেন ?

তৃতীয় পাঠ

লঘিষ্ঠ সাধারণ গুণনীয়ক বা ল. সা. গু.

সামর্থ্য ঃ- (১) লঘিষ্ঠ সাধারণ গুণনীয়ক নির্ণয় করতে পারা।

(২) ল. সা. গু সংক্রান্ত সমস্যার সমাধান করতে পারা ।

(i) নীচের সংখ্যাগুলির ল. সা. গু নির্ণয় কর ঃ

(ক) ৯, ১৫ (খ) ১৪, ২১ (গ) ১৮, ৪৫ (ঘ) ৪২, ৭০ (ঙ) ৬, ৯, ১২

(চ) ১৬, ২৪, ৩২ (ছ) ২১, ৪৮, ৮৪ (জ) ৩০, ৬০, ৯০ (ঝ) ৬৬, ১৩২, ২৮০

(ঞ) ২৩১, ৩১৫, ৩৮৫ ।

(ii) নীচের প্রশ্নগুলি সমাধান কর ঃ

ক. খেলার সময় শিক্ষক মহাশয় দেখলেন যে তোমাদের শ্রেণীতে যতজন ছাত্র উপস্থিত আছে তাদের ৬ অথবা ১০ টি সমান সারিতে দাঁড় করিয়ে প্যারেড করানো যায়। তোমাদের শ্রেণীতে কমপক্ষে কতজন ছাত্র উপস্থিত ছিল ?

(খ) এক থান কাপড় নিয়ে দেখা গেল যে, তাকে ৮ মিটার লম্বা কয়েকটি লম্বা কয়েকটি টুকরোতে কাটা যায়। আবার তাকে ১২ মিটার লম্বা কয়েকটি টুকরোতেও কাটা যায়। কাপড়ের থানটি কমপক্ষে কত মিটার লম্বা ছিল ?

(গ) তিন বোন রমা, সোমা ও উমা আলাদা, আলাদা ভাবে সমান সংখ্যক ফুল নিয়ে মালা গাঁথতে বসল। রমা ১০ টি ফুল দিয়ে, সোমা ১৫ টি করে ফুল দিয়ে এবং উমা ২০ টি করে ফুল দিয়ে, মালা গেঁথে নিজের নিজের ফুল নিয়ে শেষ করল। তারা প্রত্যেকে কমপক্ষে কটি করে ফুল নিয়ে মালা গাঁথতে শুরু করেছিল ?

(ঘ) একজন কৃষক বাজার থেকে কিছু লঙ্কা চারা নিয়ে এলেন। তিনি হিসাব করে দেখলেন যে চারাগুলিকে ৬, ৮ বা ১০টি সমান - সারিতে লাগানো যায়। তিনি কমপক্ষে কতগুলি লঙ্কা চারা এনেছিলেন ?

পাঠ একক

ভগ্নাংশের সমতার ধারণা, ভগ্নাংশের ছোট বড় নির্ণয় করা

পঞ্চম অধ্যায়, প্রথম পাঠ

সামর্থ্য ঃ-(i) বাম দিকের সমতার ধারণা দেওয়া এবং ভগ্নাংশকে লঘিষ্ঠ আকারে পরিণত করা ।

(ii) বাম দিকের ভগ্নাংশগুলির সমান মানের তিনটি ভগ্নাংশ ডান পাশের ফাঁকা জায়গায় বসাওঃ

ক.

$\frac{১}{৪}$	
$\frac{২}{৩}$	
$\frac{৫}{৭}$	
$\frac{৯}{১২}$	

খ.

$\frac{৮}{১১}$	
$\frac{৬}{১৮}$	
$\frac{৫}{১১}$	
$\frac{১০}{১৮}$	

গ.

$\frac{২}{১০}$	
$\frac{৩}{৫}$	
$\frac{৬}{১৪}$	
$\frac{৯}{১৪}$	

(ii) সঠিক সংখ্যা বসিয়ে ফাঁকা জায়গা পূরণ কর ঃ-

ক. $\frac{৩}{৪} = \frac{\quad}{১২} = \frac{১৫}{\quad} = \frac{১২}{\quad}$

খ. $\frac{২}{৫} = \frac{৮}{\quad} = \frac{\quad}{২৫} = \frac{\quad}{৩৫}$

গ. $\frac{১২}{১২} = \frac{\quad}{৯} = \frac{২}{\quad} = ১৪$

ঘ. $\frac{৫}{৬} = \frac{\quad}{১২} = \frac{২০}{\quad} = \frac{\quad}{৩০}$

ঙ. $\frac{৫}{৬} = \frac{২৮}{\quad} = \frac{\quad}{১৬} = \frac{৩৫}{\quad}$

চ. $\frac{২৪}{৩০} = \frac{৮}{\quad} = \frac{\quad}{৫} = \frac{৪৮}{\quad}$

(ii) নীচের ভগ্নাংশগুলিকে লঘিষ্ঠ আকারে পরিণত কর ঃ

ক.

ভগ্নাংশ	লঘিষ্ঠ আকার
৬/১২	
৭/১৪	
৮/১২	
৬/১৫	
২২/২০	

খ.

ভগ্নাংশ	লঘিষ্ঠ আকার
১৫/১৮	
২৬/২০	
১৮/২৭	
৯/১৫	
২০/২৫	

গ.

ভগ্নাংশ	লঘিষ্ঠ আকার
২১/৩৫	
২৪/৪০	
৩৬/৬৩	
৩৩/৫৫	
৫২/৭৮	

সামর্থ্য ঃ-

(২) ভগ্নাংশের ছোট, বড় নির্ণয় করতে পারা ।

(i) একজন কৃষকের সমান মাপের দুটি জমি আছে। তিনি প্রথমটির ২/৩ অংশে ধান এবং দ্বিতীয়টির ৩/৪ অংশে পাঠ বুনেছেন । তিনি কোন ফসলের জন্য বেশী জমি ব্যবহার করেছেন ?

(ii) গাঁয়ের লোকেরা একটি খাল কাটতে শুরু করেছেন । প্রথম দিনে খালটির ৩/৮ অংশ কাটা হয়েছে এবং দ্বিতীয় দিনে ৫/১২ অংশ কাটা হয়েছে। কোন দিন বেশী কাজ হয়েছে ?

(iii) একদিন খেলার ঘন্টায় তোমাদের শ্রেণীর উপস্থিত ছাত্রদের ২/৫ অংশ ফুটবল খেলতে গেল, ৪/১৫ অংশ কাবাডি খেলছে আর ১/৩ অংশ বাগান দেখাশুনা করছে। কোথায় সবচেয়ে বেশী ছেলে ছিল এবং কোথায় সবচেয়ে কম ছেলে ছিল ?

(iv) নীচের বাঁ দিকে যে ভগ্নাংশ জোড়া আছে তাদের ডান দিকের বড়ো ও ছোটো লেখা ঘরে সঠিক ভাবে বসাও ঃ-

ভগ্নাংশ	বড়ো	ছোট
$\frac{২}{৩}$, $\frac{১১}{১২}$		
$\frac{৫}{৮}$, $\frac{১১}{১২}$		
$\frac{৪}{১৫}$, $\frac{৭}{১০}$		
$\frac{৭}{১২}$, $\frac{১১}{১৮}$		
$\frac{৫}{৯}$, $\frac{৭}{১২}$		

(v) নীচের ভগ্নাংশগুলি নির্দেশমতো বড়ো থেকে ছোটো বা ছোটো থেকে বড়ো হিসাবে সাজাও ঃ

ভগ্নাংশ	বড়ো থেকে ছোটো	ভগ্নাংশ	ছোটো থেকে বড়ো
$\frac{১}{৪}$, $\frac{১}{৩}$, $\frac{১}{২}$		$\frac{৩}{৪}$, $\frac{১১}{১২}$, $\frac{৭}{৮}$	
$\frac{৩}{৪}$, $\frac{৫}{৭}$, $\frac{১১}{১৪}$		$\frac{৮}{১৫}$, $\frac{১১}{১৫}$, $\frac{৩}{৫}$	
$\frac{১}{৩}$, $\frac{৫}{৬}$, $\frac{৭}{১২}$		$\frac{৫}{১৮}$, $\frac{২}{৯}$, $\frac{১}{৬}$	
$\frac{৩}{৮}$, $\frac{৫}{১২}$, $\frac{৩}{৪}$		$\frac{৩}{৪}$, $\frac{৮}{১৫}$, $\frac{২৭}{৩০}$	
$\frac{৯}{১৪}$, $\frac{৫}{৭}$, $\frac{১৯}{২১}$		$\frac{১৯}{২৪}$, $\frac{১৩}{১৬}$, $\frac{৫}{৮}$	

দ্বিতীয় পাঠ

ভগ্নাংশের যোগ ও বিয়োগ

(ii) নীচের ভগ্নাংশগুলিকে সমান হর বিশিষ্ট করে, তাদের যোগফল নির্ণয় কর ঃ

ক. $\frac{২}{৩} + \frac{১}{৬}$ খ. $\frac{১}{৪} + \frac{৩}{৮}$ গ. $\frac{২}{৯} + \frac{৩}{৬}$ ঘ. $\frac{৩}{১০} + \frac{৭}{১৫}$

ঙ. $\frac{২}{১৫} + \frac{৭}{২৫}$ চ. $\frac{১}{৫} + \frac{১}{১০} + \frac{১}{২০}$ ছ. $\frac{২}{৯} + \frac{১}{৬} + \frac{১}{১৮}$

(ii) নীচের ভগ্নাংশগুলিকে সমান হর বিশিষ্ট ভগ্নাংশে পরিণত করে, বিয়োগফল নির্ণয় কর ঃ

ক. $\frac{৭}{৮} - \frac{৩}{৪}$ খ. $\frac{১৪}{১৫} - \frac{১৭}{২০}$ গ. $\frac{৪}{১০} - \frac{৪}{১৫}$ ঘ. $\frac{১৩}{২৭} - \frac{৫}{১৮}$

ঙ. $\frac{৯}{১৪} - \frac{৮}{২৩}$ চ. $\frac{১৯}{২৭} - \frac{৫}{১২}$ ছ. $\frac{২৩}{৩২} - \frac{২৭}{৪৮}$

(ii) নির্দেশমতো যোগফল অথবা বিয়োগফল নির্ণয় কর ঃ

ক. $\frac{৪}{১১} + \frac{৯}{২২}$ খ. $\frac{১১}{২৪} - \frac{৩}{১৬}$ গ. $\frac{১৭}{১৮} + \frac{১}{২৪}$ ঘ. $\frac{১৯}{৩৩} - \frac{৫}{২২}$

ঙ. $\frac{৯}{২০} + \frac{৩}{১৬}$ চ. $\frac{২৩}{৩৬} - \frac{৯}{২৪}$ ছ. $\frac{১}{১২} + \frac{৫}{১৮} + \frac{৭}{২৪}$

পাঠ একক

দশমিক ভগ্নাংশের যোগ ও বিয়োগ

ষষ্ঠ অধ্যায়, প্রথম পাঠ

সামর্থ্য ঃ- (১) দশমিক ভগ্নাংশের যোগ ও বিয়োগ করতে পারা ।

(i) যোগফল এবং বিয়োগফল নির্ণয় কর ঃ

(ক) ৪৩.২৫ — ৯.৩৭

(খ) ৪.৬২ + ১০৩.৫ + ৫৭.৩২

(গ) ৩৪৯.৫০৩ — ৯৮.৭৬

(ঘ) ৬১২৭.৩৫ — ৩৫৮.১৫৩

(ঙ) ৭৩৫.০০৯ + .৮৩ + ৭.৬৫

(চ) ৮৪.৩ + ২৫৭.০০৮ + .৬২

(ii) নীচের প্রশ্নগুলির উত্তর কর ঃ-

ক. তুমি তোমার দাদার সঙ্গে নৈহাটি গিয়েছিলে। যেতে - আসতে তোমাদের রেলভাড়া লেগেছে ৬.৬০ টাকা এবং বাস ভাড়া লেগেছে ১.২০ টাকা । তোমাদের যাতায়াত ভাড়া বাবদ কত খরচ হয়েছে?

খ. তুমি ১৫.৫০ টাকা নিয়ে বই কিনতে গেলে। বই কিনতে ১২.৭৫ টাকা খরচ হল। তোমার কাছে কত রয়ে গেল?

গ. তোমার, তোমার দাদার ও তোমার ছোট বোনের জামা তৈরী করতে যথাক্রমে ২.৭৫০ মিটার, ৩.১২৫ মিটার ও ৩.১৩৫ মিটার কাপড় লাগে। তোমাদের তিনজনের জামা তৈরী করতে মোট কত মিটার কাপড় কিনতে হবে ?

ঘ. একজন কৃষক চাল বিক্রি করে ৮৭.৭৫ টাকা পেয়েছেন। ঐ টাকা থেকে তিনি ২৫.৩৫ টাকার সার ও ১৫.৭৫ টাকার কাপড় কিনলেন । তাঁর কাছে আর কত টাকা আছে ?

ঙ. তোমাকে ৩৪৫.০৩২ থেকে ২৯০.৫৯ বিয়োগ করতে বলা হল। তুমি ভুল করে যোগ করে ফেলেছে । তুমি কত ফল পেয়েছ ? যদি বিয়োগ কর, তবে কত ফল পাবে ?

দ্বিতীয় পাঠ

দশমিক যুক্ত সংখ্যাকে পূর্ণ সংখ্যা দ্বারা গুণ ও ভাগ

সামর্থ্য ঃ (১) দশমিক যুক্ত সংখ্যাকে পূর্ণ সংখ্যা দ্বারা গুণ ও ভাগ করতে পারা ।

(২) দশমিকের ভাগের নিয়মে ভাগফল নির্নয় করতে পারা

(৩) দশমিক বিন্দুর স্থান পরিবর্তন করে গুণফল ভাগফল নির্নয় করতে পারা।

(i) গুণফল নির্নয় কর ঃ

(ক) .৪ × ৭ = ? (খ) ২.১১ × ৭ = ? (গ) ১২.৭ × ৫ = ?

(ঘ) ১৫.২৩ × ৪ = ? (ঙ) ৪৫.৬৯ × ৭ = ? (চ) ১৭.৫৭ × ৮ = ?

(ছ) ৭.০৪ × ৬ = ?

(ii) নীচের প্রশ্নগুলি অঙ্কের ভাষায় প্রকাশ করে সমাধান করো ঃ

ক. এক কিলোগ্রাম চাল ক্রয় করতে ৩.১৫ টাকা লাগে। এই দামে ৭ কিলোগ্রাম চাল ক্রয় করতে কত টাকা লাগবে ?

(খ) তোমাদের বাবা তোমাদের ৪ ভাই বোনের জন্যে ৪ টি স্লেট কিনে এনেছেন। এক একটি স্লেটের দাম যদি ২.৭৮ টাকা হয় তবে তাঁর মোট কত টাকা খরচ হয়েছে ?

(iii) ভাগফল নির্ণয় কর ঃ

ক. .৪৮ ÷ ৪ খ. ৮.৪ ÷ ৭ (গ) ৫.৭৬ ÷ ৬

ঘ. ২৪.৩৯ ÷ ৯ ঙ. ১২.৩৬ ÷ ৪

(iv) নিচের প্রশ্নগুলি অঙ্কের ভাষায় প্রকাশ করে সমাধান করো ঃ

ক. প্রতি মিটার কাপড়ের দাম কত হলে ৯ মিটার কাপড় ক্রয় করতে ৭৪.২৫ টাকা লাগবে ?

খ. একজন কাঠ মিস্ত্রি ৮টি চেয়ার তৈরী করে মজুরি হিসাবে ২২৮.৯৬ টাকা পেয়েছেন । তিনি এক একটি চেয়ারের জন্য কত টাকা মজুরি পেয়েছেন ?

(v) নীচের প্রশ্নগুলি অঙ্কের ভাষায় লিখে সরল করে সমাধান করো ঃ

(ক) তোমার দাদা ২৫ টাকা নিয়ে বাজারে গেলেন। বাজারে গিয়ে ২.৭৫ টাকা কিলোগ্রাম দরের ৫ কিলোগ্রাম চাল, এবং প্রতিটি ৪৫ পয়সা দরের ছটি কলা কিনলেন। এখন তাঁর কাছে আর কত টাকা রয়েছে ?

(খ) একজন কৃষক ১০ কেজি চাল নিয়ে বাজারে গিয়ে তা প্রতি কেজি ৩.১২ টাকা দরে বিক্রয় করলেন। সেই টাকা থেকে তিনি ২.৩৫ টাকা কেজি দরের ৪ কেজি আটা, প্রতিটি ৩.৬৫ টাকা হিসাবে দুটি গামছা এবং ৫.৭৫ টাকার কপি - চারা ক্রয় করলেন। তাঁর কাছে আর কত টাকা রইল ?

(vi) দশমিকের ভাগের নিয়মে ভাগফল নির্ণয় করো ঃ-

ক. ৩৯ ÷ ৬ = ? খ. ৫৪ ÷ ৮ = ? গ. ৭৭ ÷ ৫ = ?

ঘ. ৯৩ ÷ ৪ = ? ঙ. ১২৩ ÷ ৫ = ? চ. ২০৪ ÷ ৮ = ?

(vii) নীচের প্রশ্নগুলির অঙ্কের ভাষায় প্রকাশ করে দশমিকের ভাগের নিয়মে সমাধান কর ঃ

ক. পূজোর সময় তোমাদের বাবা তোমাদের চার ভাই-বোনেদের জন্যে ৭১ টাকা দিয়ে সমান দামের চারটি জামা কিনে এনেছেন । প্রতিটি জামার জন্য তিনি কত টাকা দাম দিয়েছেন ?

খ. ৪৫ কেজি চাল ৬ টি র‍্যাশন ব্যাগে সমান ভাগে রাখা হয়েছে। প্রতি ব্যাগে কত কেজি করে চাল আছে ?

গ. ৫৩৮ লিটার কেরোসিন তেল ৬ টি ড্রামে সমান ভাগে রাখা হয়েছে। প্রতি ড্রামে কত লিটার কেরোসিন তেল আছে ?

(viii) দশমিক বিন্দুর স্থান পরিবর্তন করে গুণফল নির্ণয় কর ঃ-

ক. .৪০২ × ১০ খ. .০৩২ × ১০০ গ. ১.৬৭ × ১০০০

ঘ. .০৩২৫ × ১০০ ঙ. .০০০৮৬ × ১০০০

চ. ১.০৫ × ১০০ ছ. .০০৫ × ১০০

(ix) দশমিক বিন্দুর স্থান পরিবর্তন করে ভাগফল নির্ণয় কর ঃ

ক. ২৩.৫ ÷ ১০ খ. ৮৭৩.২ ÷ ১০০ গ. ১.৪ ÷ ১০০

ঘ. ৬৩২.৪ ÷ ১০০০ ঙ. .৮ ÷ ১০০

(x) দশমিকের ভাগের রীতিতে নীচের পূর্ণ সংখ্যাগুলিকে ১০, ১০০ ইত্যাদি দিয়ে ভাগ করে ভাগফল নির্ণয় কর ঃ-

ক. ১২৫ ÷ ১০০ খ. ৫২৩৭ ÷ ১০০০ গ. ৩৪ ÷ ১০০

ঘ. ৭০০ ÷ ১০০ ঙ. ৬০৩০ ÷ ১০

পাঠ একক

গড় নির্ণয়

সপ্তম অধ্যায়, প্রথম পাঠ

(১) তোমাদের বাগানে তিনটি নারকেল গাছে যথাক্রমে ৭৫, ৮০ ও ৮২ টি নারকেল ফলেছে। বাগানে গাছ প্রতি গড়ে কটি নারকেল ফলেছে ?

(২) তোমাদের বিদ্যালয়ের বাগানে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর ছাত্রছাত্রীরা যথাক্রমে ১৮, ২৫, ২১ ও ২৩ টি গাঁদাফুলের চারা লাগিয়েছে। শ্রেণী প্রতি গড়ে কটি করে ফুলের চারা লাগিয়েছে।

(৩) পাঁচটি বই এর দাম যথাক্রমে ৩ টাকা, ৫ টাকা, ৮ টাকা, ৯ টাকা ও ১০ টাকা, বইগুলির গড় দাম কত ?

(৪) গ্রীষ্মের ছুটিতে তুমি প্রথম ছয় দিনে যথাক্রমে ১২, ১৫, ১৬, ১২, ১৮ ও ১১ টি অঙ্ক কষেছে। তুমি প্রতিদিন গড়ে কটি অঙ্ক কষেছ ?

(৫) একটি গুদামে ৮ টি বস্তায় যথাক্রমে ১৬৩, ১৫২, ১৬০, ১৩০, ১৫৭, ১৪৫, ১৬৮, ১২৫ কেজি চাল আছে। প্রতি বস্তায় গড়ে কত কেজি চাল আছে ?

৬) একজন দোকানদার সোম থেকে শুক্রবার পর্য্যন্ত যথাক্রমে ১২৫.৫০ টাকা, ১০৮ টাকা, ১১৬.৭৫ টাকা, ১২০.২৫ টাকা ও ১৩০.৫০ টাকার জিনিস বিক্রয় করেছেন। তিনি প্রতিদিন গড়ে কত টাকার জিনিস বিক্রয় করেছেন ?

দ্বিতীয় পাঠ

এককের সংখ্যা, মান সমষ্টি ও গড় মানের সম্পর্ক

সামর্থ্য ঃ এই সম্পর্কের তিনটির মধ্যে যে কোনও দুটি জানা থাকলে তৃতীয়টি নির্ণয় করতে পারা।

১. পাঁচ বন্ধু গাছে চড়ে গড়ে ১৫ টি করে আম পেড়েছে। তারা মোট কত আম পেড়েছে ?

২. একটি বাগানের কাঁঠালগাছ গুলিতে গড়ে ৮টি করে কাঁঠাল ফলেছে। যদি বাগানে মোট ১১২ টি কাঁঠাল ফলে থাকে, তবে বাগানটিতে মোট কটি কাঁঠাল গাছ আছে ?

৩. তোমাদের গ্রামের গ্রন্থাগারের বই কেনার জন্য কিছু টাকা সরকারী অনুদান এসেছে। তোমরা দেখলে যে ঐ টাকা দিয়ে গড়ে ৪.৫০ টাকা দামের ৮০ টি বই ক্রয় করা যায়। কত টাকা অনুদান এসেছে ?

(৪) তোমাদের বিদ্যালয়ের পুরষ্কার বিতরনী সভায় তোমরা মোট ১৭৫ জন দর্শকের বসার জন্য বেঞ্চ দেবে বলে ঠিক করেছ। তোমরা জান, প্রতি বেঞ্চে গড়ে ৭ জন করে লোক বসতে পারেন। তবে তোমাদের কতকগুলি বেঞ্চ সাজাতে হবে।

(৫) পূজোর ছুটির শেষ ছয়দিনে তুমি মোট ৯০ টি অঙ্ক কষেছ। তুমি রোজ গড়ে কটি অঙ্ক কষেছ? যদি এই গড় হিসাব মতো ২০ দিনে অঙ্ক কষতে, তবে মোট কটি অঙ্ক কষা হত ?

(৬) একটি ছাত্রাবাসের ২৪ জন ছাত্রের জন্য ছাত্র প্রতি মাসিক গড় খরচ হয় ৭২ টাকা। মোট টাকার মধ্যে ৫৭৬ টাকা সরকারী অনুদান হিসাবে পাওয়া যায়, আর বাকি টাকা ছাত্রদের কাছ থেকে চাঁদা হিসাবে আদায় করা হয়। ছাত্রদের মাসে গড় কত টাকা চাঁদা দিতে হয় ?

(৭) একটি টেস্ট ক্রিকেট খেলায় ভারতীয় দলের এগারোজন খোলোয়ার প্রথম ইনিংসে গড়ে ২৮ রান ও দ্বিতীয় ইনিংসে গড়ে ৩২.৫ রান করেন। প্রতিদ্বন্ধী ইংল্যান্ডদল দুই ইনিংসে খেলে ১৫ রানে পরাজিত হয়। ইংল্যান্ড দল প্রতি ইনিংসে গড়ে কত রান করেছিল ?

পাঠ একক

বিভিন্ন এককাবলীর পারস্পরিক সম্পর্ক এবং বিভিন্ন এককে রূপান্তরের কৌশল।

অষ্টম অধ্যায়, প্রথম ও দ্বিতীয় পাঠ

সামর্থ্য ঃ- (১) দশমিক বা মেট্রিক পদ্ধতিতে বিভিন্ন এককাবলীর সম্পর্ক জানা ।

(২) লঘুকরণ অর্থাৎ বিশেষ এককে রূপান্তর করতে পারা।

(৩)

কিলো	হেক্টা	ডেকা	মিটার	ডেসি	সেন্টি	মিলি
১০০০	১০০	১০	গ্রাম	১/১০	১/১০০	১/১০০০
গুণ	গুণ	গুণ	লিটার	ভাগ	ভাগ	ভাগ

(i) নীচের রাশিগুলির প্রত্যেকটিকে মিটার, সেন্টিমিটার ও কিলোমিটারে প্রকাশ করঃ

ক. ২৩৮০.২ ডেসিমিটার (খ) ২৪.৩৯ ডেকামিটার

গ. ৬৯০৩২ মিলিমিটার (ঘ) ৫৭৯০২ ডেসিমিটার

(ii) নীচের রাশিগুলির প্রত্যেকটিকে কিলোলিটার, ডেকালিটার ও ডেসিলিটারে প্রকাশ কর ঃ

ক. ৭০২.৫ লিটার (খ) .৬৫ হেক্টোলিটার

গ. ৪০৩২ লিটার (ঘ) ৯০৩৫ মিলিলিটার

(iii) নীচের রাশিগুলির প্রত্যেকটিকে গ্রাম, ডেসিগ্রাম ও কিলোগ্রামে প্রকাশ কর ঃ

ক. ৮.৩২ হেক্টোগ্রাম (খ) ৬৪৩২ মিলিগ্রাম

গ. ৫০৩৭ সেন্টিগ্রাম ঘ. ২০.১২ হেক্টোগ্রাম

(iv) দশমিক বিন্দুর স্থান পরিবর্তন করে উত্তর লেখো :

ক. ৪০.২১৩২ ডেকাগ্রাম = ? সেন্টিগ্রাম

খ. ৯.২৫৩ ডেসিলিটার = ? ডেকালিটার

গ. .৭৮ ডেকালিটার = ? সেন্টিলিটার

ঘ. .০৪৭২ ডেকাগ্রাম = ? কিলোগ্রাম

ঙ. ৯৫০.২ সেন্টিমিটার = ? হেক্টোমিটার

চ. ২.৫৯ হেক্টোমিটার = ? সেন্টিমিটার

ছ. ১৩২.০৭ মিটার = ? ডেসিমিটার

জ. ৭.০২ সেন্টিমিটার = ? কিলোমিটার

(v) নির্দেশ মতো এককে প্রকাশ কর :

ক. ৫৭৩২ মিটার = ? কিলোমিটার

খ. .৬২০৫ সেন্টিমিটার = ? ডেকামিটার

গ. ৪৩০৫ মিলিমিটার = ? কিলোমিটার

ঘ. ২৯৩০ মিটার = ? হেক্টোমিটার

ঙ. ৯০৬০ ডেসিগ্রাম = ? কিলোগ্রাম

তৃতীয় পাঠ

দৈনন্দিন ব্যবহারের এককাবলী পরিমাপ সম্বন্ধীয় যোগ ও বিয়োগ এবং গুণ ও ভাগ

সামর্থ্য : (৪) সম্পর্কগুলি বিভিন্ন প্রক্রিয়ায় প্রয়োগ করে সমস্যার সমাধান করতে পারা।

(i) এক ভোজ বাড়ীতে ৩ টি মাছ আনা হয়েছে। মাছগুলির ওজন যথাক্রমে ১০.৫০০ কেজি, ৭ কজি ২৫০ গ্রাম ও ১২.৮৭৫ কেজি। ঐ বাড়ীতে মোট কত ওজনের মাছ আনা হয়েছে ?

(ii) একটি ড্রামে ৭.৩৭৫ লিটার কেরোসিন তেল আছে। তা থেকে একটি পাত্রে ৩.৮০০ লিটার তেল ঢেলে নেওয়া হল। ড্রামে আর কত তেল থাকবে ?

(iii) তোমাদের বাড়ী থেকে তোমার বন্ধুর বাড়ির দূরত্ব ৩৭৫.৫০০ মিটার এবং সেখান থেকে তোমাদের স্কুলের দূরত্ব ৪৪২.৭৭৫ মিটার। তুমি স্কুলে যাওয়ার সময় তোমার বন্ধুকে বাড়ি থেকে ডেকে নিয়ে গেলে তোমাকে কত রাস্তা হাঁটিতে হবে।

(iv) ৫ কুইন্টাল ৫০.৫৭৫ কেজি কয়লা থেকে ২ কুইন্টাল ২৭.৭৫ কেজি কয়লা বিক্রি হয়ে গেলে কত কয়লা থাকবে ?

(v) নির্দেশ মতো যোগফল ও বিয়োগফল নির্ণয় কর :

ক. ১৭.৮৩ মি : + ৬.৭৫ মিঃ + ১১.২৫ মিঃ = ?

খ. ২২.৫৭৫ কিঃগ্রাঃ -১৮-৭৫০ কিগ্রাঃ = ?

গ. ১১.৩০০ কিমি + ১৮.৫০০ কিমি + .৯৩০ কিমি = ?

ঘ. ১২.৩৫০ কিগ্রা : ৯.৮৭৫ কিগ্রা = ?

ঙ. ১৮.৭৫ মি : ১২.৯৫ মিঃ = ?

(vi) ৫৭৭.৫০০ কেজি চাল ৭ টি বস্তায় সমান ভাগ করে রাখা হয়েছে। প্রতি বস্তায় কত কেজি চাল আছে ?

(vii) একটি ট্রেন এক ঘন্টায় ৩০.৫ কিঃ মিঃ পথ যেতে পারে। ৮ ঘন্টায় ট্রেনটি কত পথ যাবে ?

(viii) ৬ মিটার লম্বা একটি বাঁশকে সমান ৮ টুকরো করলে প্রতিটি টুকরো কত লম্বা হবে ?

(ix) নির্দেশ মতো গুণফল ও ভাগফল নির্নয় কর ঃ

ক. ৩২.৬ লিঃ ÷ ৮ = ? (খ) ৫২.৬৫ মিঃ × ১৩ = ?

গ. ৬৫.৩১ গ্রাঃ ÷ ১৪ = ? (ঘ) ৪২.৭৫ মিঃ × ৩৭ = ?

(x) অঙ্কের ভাষায় লিখে সরল করে সমাধান কর ঃ

ক. ৭৫ কেজি আসাম চা এর সঙ্গে ১৭.৪ কেজি দার্জিলিং চা মিশিয়ে তা ৩৫ টি ঠোঙায় সমান ভাগে রাখা হয়েছে। প্রতি ঠোঙায় কত কেজি চা আছে ?

সঙ্কেত ঃ (৭৫ কেজি + ১৭.৪ কেজি) ÷ ৩৫ = ? কেজি

খ. ৩২.৫৫ মিঃ লম্বা একটি লাল ফিতেকে সমান ১৫ টি টুকরো করা হয়েছে এবং ১৪.৭৫ মিঃ লম্বা একটি নীল ফিতেকে ৫ টি টুকরো করা হয়েছে। একটি লাল টুকরোর চেয়ে একটি নীল টুকরো কত বেশী বা কম লম্বা।

গ. তোমার বাবাকে বাড়ী থেকে তাঁর কর্মস্থলে যেতে হলে প্রথমে ঘন্টায় ১৫ কিঃ মিঃ যায় এমন বাসে চেপে ২ ঘন্টায় রেল স্টেশনে যেতে হয়। পরে সেখান থেকে ঘন্টায় ৭৫.৫ কিঃ মিঃ যায়, এখন ট্রেনে চেপে আরো ৩ ঘন্টা যেতে হয়। তোমাদের বাড়ি থেকে তোমার বাবার কর্মস্থলের দূরত্ব কত ?

ঘ. একটি চৌবাচ্চায় ২৩১ লিটার জল ধরে । তুমি প্রথমে ৭.৫ লিটার জল ধরে এমন একটি বালতি দিয়ে খালি চৌবাচ্চাতে ২৪ বালতি জল ঢাললে। পরে তোমার বোন অন্য আর একটি ছোট বালতি দিয়ে আরো ১২ বালতি জল ঢালায় চৌবাচ্চাটি ভর্তি হল। তোমার বোনের বালতিতে কত লিটার জল ধরে ?

পাঠ একক

জ্যামিতি

নবম অধ্যায়

প্রথম পাঠ ঃ ঘনবস্তু

সামর্থ্য ঃ (১) ঘনবস্তু সম্বন্ধে ধারণা পরিষ্কার হওয়া

(i) ঘনবস্তু কাকে বলে ? ঘনবস্তুর বিশেষত্ব কি কি ?

(ii) গতকাল সকাল থেকে সন্ধ্যে পর্য্যন্ত তুমি যে সকল ঘনবস্তু দেখেছ তার একটি তালিকা তৈরী কর ঃ-

নং	বস্তুর নাম

নং	বস্তুর নাম

(iii) নীচে কয়েকটি জিনিসের নাম দেওয়া হল। এদের মধ্যে কোন - কোনটি ঘনবস্তুর নাম তা তোমাদের খাতায় লেখো ঃ

গাছ, লাল, কলসী, যন্ত্র, পাখা, দয়া, ধান, খাতা, মাটি, কলম, হাতা, ঘর, আলো, বড় ঢোল, পূর্বদিক, বাঁশী, হাঁস, অভিমান, গরম, জামা, সেতু, রাস্তা, রাগ, ঠান্ডা, কাপড় খড়, ঝড়, ট্রেন, ভয়, জুতো, ছাতা ।

(iv) তোমাদের কয়েকটি পরিচিত ঘন বস্তুর ছবি তোমাদের খাতায় এঁকে দেখাও ও নাম লেখ তাদের ।

শিশুর নিজের পরিচয় ও শিশুর পরিবার

শিশুর নিজের পরিচয় ও শিশুর পরিবার

প্রথম – দ্বিতীয় শ্রেণী

সামর্থ্য ঃ–

১. নিজের নাম, বয়স ও ঠিকানা বলতে পারা।

২. বাড়ীর অন্য সদস্যদের নাম বলতে পারবে।

৩. পরিবারের অন্য সদস্যদের জীবিকা সম্পর্কে জানবে।

৪. পরিবারে পরস্পরের মধ্যে সহযোগিতার, সদ্ভাব রক্ষার ও কাম্য আচরনের প্রয়োজন বুঝবে।

প্রশ্ন ঃ–

১. তোমার নাম কি ?

২. তোমার মায়ের নাম কি ?

৩. তোমার বাবার নাম কি ?

৪. তোমার বাড়ী কোথায়? সেটা কোন জেলায় অবস্থিত ? কোন রাজ্যে অবস্থিত?

৫. তোমার ঠিকানা বল।

৬. তোমার বাবার বাবা তোমার কে হন ?

৭. ক. তোমার বাবার ছোট ভাই তোমার কে হন ?

খ. তোমার বাবার বড় ভাই তোমার কে হন ?

৮. ক. তোমার মায়ের বোন তোমার কে হন ?

খ. তোমার মায়ের ভাই তোমার কে হন ?

৯. তোমার বাবার বোন তোমার কে হন ?

১০. ক. তোমার মায়ের মা তোমার কে হন ?

খ. তোমার মায়ের বাবা তোমার কে হন ?

১১. ছোট ভাই বোনেদের সঙ্গে কেমন আচরণ করবে?

১২. তুমি তোমার বাবার কোন কাজে সাহায্য করতে বেশী ভালোবাস ?

১৩. তুমি তোমার মায়ের কাজে সাহায্য কি ভাবে কর ?

১৪. বন্ধুদের সঙ্গে কি ধরনের আচরন করা উচিত ?

১৫. তোমাকে তিনটি কাজের কথা বলছি। এগুলো ভালো না খারাপ বলো ?

* যেখানে সেখানে থুতু ফেলা।

* কুঁজো হয়ে বসে পড়া ।

* মিথ্যা কথা বলা ।

১৬. গোপাল ও তার বোন নিয়মিত স্নান করে, নখ কাটে ও খেলাধূলা করে। তাদের এই অভ্যাস ভালো না খারাপ ?

১৭। ছবির কোন অভ্যাসটি ভাল ?

১

২

৩

৪

শিশুর বিদ্যালয়

সামর্থ্য ঃ

১. নিজের বিদ্যালয়ের নাম বলতে পারা ও বিদ্যালয় গৃহের আসবাব পত্রের, পানীয় জলের ব্যবস্থার ও প্রাকৃতিক পরিবেশের বর্ননা দিতে পারা ।

২. বিদ্যালয়ে নিয়মশৃঙ্খলা মেনে চলা । জাতি ধর্ম ও বর্ণ নির্বিশেষে সহপাঠিদের সাথে সব কাজে সহযোগিতা করা। বিদ্যালয়ের পরিবেশকে পরিচ্ছন্ন রাখতে চেষ্টা করা । নিজে পরিচ্ছন্ন হয়ে বিদ্যালয়ে আসা। শিক্ষক শিক্ষিকাদের সম্মান করা। বিদ্যালয়ে নিয়মিত নির্দিষ্ট সময়ে আসা ইত্যাদির প্রয়োজনীয়তা সম্বন্ধে সচেতন হওয়া।

৩. বাস্তবে উপরোক্ত বিষয়গুলো মেনে চলা বা সেই অনুসারে কাজ করা।

প্রশ্ন ঃ–

১. তুমি যে বিদ্যালয়ে পড় সেই বিদ্যালয়ের নাম বল।

২. বিদ্যালয়ের আশে পাশে কি কি দেখতে পাও ?

৩. ক. তোমার বিদ্যালয়ের বাড়িটি কি দিয়ে তৈরী ?

খ. বিদ্যালয়ে কটি ঘর আছে ?

গ. ঘরগুলো কি কি কাজে লাগে ?

৪. ক. তোমার বিদ্যালয়ে কি ধরনের আসবাব পত্র আছে ?

খ. তোমরা কি ভাবে সেগুলো ব্যবহার করো ?

৫. তোমাদের বিদ্যালয়ে কতজন শিক্ষক শিক্ষিকা আছেন ?

৬. ক. শ্রেণীতে শিক্ষক বা শিক্ষিকা ঢুকলে তোমরা কি কর ?

খ. কেন কর ?

তোমার শ্রেণীতে বেঞ্চ ছাড়া আর কি কি জিনিস আছে ?

তোমার সহপাঠী কারা ?

তোমার বিদ্যালয় পরিষ্কার রাখা দরকার কেন ? হাত না ধুয়ে খেলে কি হয়?

৭. শ্রেণীর কাজ শুরু হওয়ার আগে কি কি নিয়ম পালন করো ? চারটি বাক্যে লেখ ।

৮. তোমাদের বিদ্যালয়ে কি গ্রন্থাগার আছে ? সেখানে তোমরা কি কর ? গ্রন্থাগারে কি থাকে ?

৯. বিদ্যালয়ে তোমার সহপাঠিদের সঙ্গে কি রকম আচরণ করবে ?

১০. তোমার বিদ্যালয়ের বাগানে কি কি ফুলের গাছ আছে ?

১১. ফুলের বাগান সুন্দর করে তৈরী করতে হলে কি কি করা দরকার ? বিদ্যালয়ের ফুলের বাগানের জন্য তুমি কি কি কাজ করতে চাও ?

১২. বিদ্যালয়ে তোমরা কি ভাবে পরিষ্কার পরিচ্ছন্ন রাখবে ?

১৩. শ্রেণী কক্ষ কি ভাবে পরিষ্কার রাখবে ?

১৪. তোমার বিদ্যালয়ে কি ভাবে আসা উচিত ?

১৫. তোমাদের বিদ্যালয়ে কি কি অনুষ্ঠান হয়ে থাকে ? তুমি কোন অনুষ্ঠানটি সব থেকে ভালোবাসো।

১৬. ক. তোমাদের বিদ্যালয়ে পানীয় জলের কি ব্যবস্থা আছে ?

খ. তোমার বিদ্যালয়ে কোন জলের কলের মুখ খুলে রাখলে তুমি কি করবে ?

১৭. ক. তোমাদের বিদ্যালয়ের খেলা কোথায় হয় ?

খ. কোন খেলাটি তোমার সব চাইতে ভালো লাগে ?

গ. তুমি কি তোমাদের বাৎসরিক ক্রীড়া অনুষ্ঠানে অংশ গ্রহণ করো ?

১৮. বিদ্যালয়ে নিয়মিত আসার দরকার কেন ?

১৯. শিক্ষা কি শুধু ছেলেদের জন্য না মেয়েদের, না ছেলে মেয়ে উভয়ের জন্য ?

২০. জাতীয় উৎসব কাকে বলে ?

২১. ভারতের জাতীয় উৎসব কি কি ?

২২. তোমার বিদ্যালয়ে কি কি জাতীয় উৎসব পালিত হয় ?

শিশুর কাছের ও দূরের প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ

সামর্থ্য ঃ—

১. নিজের পাড়ার রাস্তাঘাট, বাড়ীঘর, খেলার মাঠ, পাঠাগার, হাসপাতাল, হেলথ সেন্টার, পানীয় জল সংগ্রহের স্থান, যানবাহন, পাড়ার মানুষের জীবিকার কথা জানবে।

২. নিজের বাসস্থান, তার আশপাশ ও নিজের পাড়া পরিষ্কার রাখার প্রয়োজনীয়তা বুঝবে।

৩. নিজের গ্রাম, শহর, জেলা, ব্লক, থানা, অঞ্চল, পঞ্চায়েত মিউনিসিপ্যালিটি, করপোরেশন সম্পর্কে প্রাথমিক ভাবে জানবে।

৪. গ্রামে / শহরে অনুষ্ঠিত উৎসব ও মেলা, মন্দির, মসজিদ, গীর্জা, গুরুদ্বার ইত্যাদির অবস্থান জানবে।

৫. ধর্মান্ধতা ও কুসংস্কারের কুফল বোঝা।

৬. শহর ও গ্রামের জীবনধারার মধ্যে পার্থক্য বোঝা।

৭. সমাজে বিভিন্ন জীবিকার মানুষের অবদানের সম্পর্কে সচেতন হওয়া

৮. সমবায় সমিতির গঠন ও কাজ জানবে ।

৯. নিজের রাজ্য ও দেশ সম্পর্কে প্রাথমিক ভাবে জানবে।

১. তোমার পাড়ার রাস্তা কেমন ?

২. তোমার পাড়ার পানীয় জল কোথায় পাও ?

৩. তোমার পাড়ায় কোন ক্লাব আছে ? তার নাম কি ?

৪. পঞ্চায়েতের কয়টি ভাগ ও কি কি ?

৫. মহকুমা কাকে বলে ? মহকুমার প্রধানকে কি বলে ?

৬. মিউনিসিপ্যাল কর্পোরেশনের প্রধানকে কি বলে ?

৭. যারা মাঠে ফসল ফলানোর কাজ করেন তাদের কি বলে ?

৮. যারা কল-কারখানায় কাজ করেন তাদের কি বলে ?

৯. গ্রামের কৃষকেরা কি ভাবে জীবন যাপন করেন. ?

১০. শ্রমিক কর্মচারীরা কি ভাবে জীবন যাপন করেন ?

১১. কলকারখানার মালিক কি ভাবে জীবন যাপন করেন ?

১২. তোমরা কি রকম খাবার খাও ?

১৩. সুষম খাদ্য কাকে বলে ?

১৪. তোমার শরীর গঠনের জন্য কি কি খাদ্য দরকার ?

১৫. যেখানে পাকা রাস্তা, বড় বড় পাকা বাড়ী, বড় বড় কল কারখানা, অফিস, বিশ্ববিদ্যালয় আছে এবং অনেক লোক বাস করেন সেই স্থানকে কি বলে. ?

১৬. গ্রামে কিসের আলো জলে ?

১৭. ট্রামগাড়ী ও মেট্রোরেল কোথায় চলে ?

১৮. যে সরকারী অফিসে খাম, ডাকটিকিট ও পোষ্টকার্ড বিক্রয় হয় তাকে কি বলে ?

১৯. ডাকঘরের কাজ কি ?

২০. প্রধানত কোন কোন জিনিস গ্রাম থেকে শহরে পাঠানো হয় ?

২১. প্রধানত কোন কোন জিনিস শহর থেকে গ্রামে পাঠানো হয়?

২২. একসঙ্গে মিলিত ভাবে কোন আনন্দ অনুষ্ঠানকে কি বলে ?

২৩. মেলা কাকে বলে ?

প্রশ্ন

১. কয়েকটি বাড়ি নিয়ে কি গঠিত হয় ?

২. যে কোন একটি পাড়ার নাম বল ?

৩. গ্রাম কিভাবে গঠিত হয়? একটি গ্রামের নাম বল ?

৪. তুমি কোন জেলায় বাস কর ? জেলা কি ভাবে গঠিত হয়?

৫. পশ্চিম বাংলায় কটি জেলা ? তাদের নাম বল ।

৬. জেলার শাসন কর্তাকে কি বলে ?

৭. ব্লক কি ভাবে গঠিত হয়? ব্লকের প্রধানকে কি বলে ? একটি ব্লকের নাম বল।

৮. ব্লকের কাজকর্ম যেখানে হয় সেই অফিসের নাম কি ?

৯. থানা কাকে বলে ? থানার ভারপ্রাপ্ত প্রধানকে কি বলে?

১০. কয়েকটি থানা মিশে কি হয়।

১১. মিউনিসিপ্যালিটির প্রধানকে কি বলে?

১২. ছোট ছোট শহরের দেখাশুনার দায়িত্ব কার উপর দেওয়া আছে ।

১৩. গ্রামের ভালোমন্দ দেখাশোনার ভার কাকে দেওয়া হয়েছে ?

১৪. বড় বড় শহরের ভালোমন্দ কে দেখাশোনা করেন। তাঁর অফিসের নাম কি ? একটি বড় শহরের নাম বল।

১৫. জেলা কিভাবে গঠিত হয়? জেলার শাসন কার্য কে পরিচালনা করেন ?

১৬. রাজ্য কিভাবে গঠিত হয়? একটি রাজ্যের নাম বল। আমরা কোন রাজ্যে বাস করি?

১৭. পশ্চিমবঙ্গের রাজধানীর নাম কি ?

১৮. পশ্চিমবঙ্গের জেলাগুলিকে কটি বিভাগে ভাগ করা হয়েছে ?

১৯. কয়েকটি রাজ্য মিলে কি গঠিত হয় ?

২০. ভারতবর্ষ রাজ্য না দেশ ?

২১. মাঠে কি কি খেলা হয় ?

২২. পাঠাগার কি? সেখান থেকে আমরা কি ধরণের উপকার পাই ?

২৩. হাসপাতাল / হেলথ সেন্টারের কাজ কি ? হাসপাতাল এ রোগীদের চিকিৎসা যাঁরা করেন তাদের কি বলে ? হাসপাতালে রোগীদের যে গাড়ীটি পৌঁছে দেয় সেই গাড়ীটির নাম কি ?

২৪. সাধারণত আমরা কোথা থেকে জল পাই ? সব জলই কি পান করার উপযুক্ত ?

২৫. জল আমাদের কি কি কাজে লাগে ?

২৬. জলের অপর নাম কি ? সেই জল কি অপচয় করা উচিত? তুমি কি ভাবে জলের অপচয় বন্ধ করতে পারো ?

২৭. জল কি ভাবে দূষিত হয়? (এখানে একটি ছবিতে নানাভাবে জল দূষিত হওয়াকে দেখানো যেতে পারে। শিশুরা যে কোন দুটি কারণ ছবি দেখে বলবে।)

২৮. আমরা কিভাবে আমাদের বাড়ীঘর পরিষ্কার রাখবো ?

২৯. বাড়ীঘর পরিষ্কার না রাখলে কি হয় ?

৩০. বাড়ীর চারপাশের পরিবেশ কেমন করে আমরা পরিষ্কার রাখতে পারি ?

৩১. বাড়ীটা আমার, 'রাস্তাটা কার'? ---- তাহলে রাস্তা আমরা কি ভাবে পরিষ্কার রাখতে পারি ?

৩২. বাড়ীর জমা ময়লা আমরা কোথায় ফেলবো ?

৩৩. ক. লোকটি কোথায় ময়লা ফেলেছে ?

খ. মেয়েটি নাকে রুমাল দিয়েছে কেন ?

গ. লোকটির কোথায় ময়লা ফেললে ভালো হতো ?

৩৪. গ্রামের বাড়ীঘর রাস্তাঘাট সাধারণত: কি ধরনের ?

৩৫. গ্রামের কয়েকটি উৎপন্ন ফসলের নাম বল ?

৩৬. গ্রাম থেকে উৎপন্ন কি কি জিনিস শহরে আসে ?

৩৭. গ্রামের মানুষ এক জায়গা থেকে অন্য জায়গায় কি ভাবে যাতায়ত করে? বর্ষাকালে গ্রামের মানুষের যাতায়তের অসুবিধা হয় কেন ?

৩৮. গ্রামের লোকেরা কি ধরনের পোষাক পরে ?

৩৯. গ্রামের লোকেরা রাতে কি ধরনের আলো ব্যবহার করে ?

৪০. গ্রামের লোকেরা এক জায়গা থেকে অন্য জায়গায় কি ভাবে খবর আদান প্রদান করে? গ্রামে যে চিঠি বিলি করে তাকে কি বলে ?

৪১. শহরের বাড়ী ঘর রাস্তাঘাট সাধারণতঃ কি ধরনের ?

৪২. শহরে কি কি জিনিস তৈরী হয় ? আজকাল কি কি জিনিস তৈরী হয়ে শহর থেকে গ্রামে যাচ্ছে? এখানে ৬টি (ছয়টি) ছবিতে গ্রামের ও শহরের তৈরী জিনিসগুলো দেখিয়ে কোনটি গ্রামের, কোনটি শহরের তা জিজ্ঞেস করা যেতে পারে ।

প্রতিটি ছবি দেখিয়ে প্রশ্ন ঃ—

১. এরা কি করছে ? (আলাদা ভাবে প্রশ্ন)

২. এদের এক কথায় কি বলা হয় ? (আলাদা ভাবে প্রশ্ন)

৩. এদের সমাজ বন্ধু বলা হয় কেন ? (আলাদা ভাবে প্রশ্ন)

৪৩. গ্রামের মানুষ গ্রামে থেকেও শহরের কি কি সুবিধা ভোগ করে ?

৪৪. শহরের লোকেরা কি কি ধরনের পোষাক পরিচ্ছদ ব্যবহার করে ?

৪৫. শহরে কি ধরনের যানবাহন দেখা যায় ?

৪৬. চারটি বাক্যে গ্রাম ও শহরের পার্থক্য বুঝিয়ে বল ?

৪৭. শহরের মানুষ কোথায় জিনিস পত্র কেনাকাটা করে?

৪৮. গ্রামের মানুষ কোথায় জিনিস পত্র কেনাবেচা করে?

৪৯. গ্রামের মানুষ ও শহরের মানুষের মধ্যে কারা বেশী বিশুদ্ধ বায়ু ভোগ করে ?

৫০. যারা জিনিস পত্র বিক্রি করে তাদের কি বলে ? যারা জিনিসপত্র কেনে তাদের কি বলে?

৫১. মুদিখানায় কি ধরনের জিনিস পাওয়া যায় ?

৫২. হাট কি প্রতিদিন বসে? তোমার জানা কোন কবিতায় হাটের কথা বলা হয়েছে?

৫৩. তুমি যেখানে থাক তার আশে পাশের লোকেরা কি ধরনের কাজ করেন? এই কাজ করাকে এক কথায় কি বলে ? তোমার বাবার জীবিকা কি? তোমার মা কি ধরনের জীবিকা পালন করেন ?

৫৪. ক. যারা আমাদের সমাজে বিভিন্ন ধরনের কাজ করে আমাদের উপকার করেন তাদের এক কথায় কি বলে ?

খ. কয়েকজন সমাজ বন্ধুর নাম বল ।

৫৫. যারা মাঠে কাজ করে ফসল ফলান তাদের কি বলে? কৃষক কি ভাবে আমাদের সাহায্য করছে ?

৫৬. কলকারখানায় যারা কাজ করেন তাদের কি বলে ?

৫৭. সমবায় সমিতি থেকে ক্রেতারা কি উপকার পায়?

৫৮. সমবায় সমিতি ব্যক্তিগত ভাবে না যৌথভাবে গঠিত হয় ?

৫৯. পশ্চিমবঙ্গে কোন কোন ধর্মের লোক বাস করে ?

৬০. বিভিন্ন ধর্মের বড় উৎসবের নাম বল?

৬১. তোমার প্রিয় উৎসব কোনটি ? কি মাসে হয়?

৬২. তুমি মেলায় গিয়ে কি কি দেখেছ বল?

৬৩. তুমি অন্য ধর্মের মানুষের প্রতি কি ধরনের আচরন করবে ?

৬৪. গ্রামের লোকেরা উৎসব করার জন্য কোথায় মিলিত হয়?

৬৫. তুমি যেখানে থাক সেখানে কি ধরনের উপাসনার ঘর আছে ?

৬৬. মন্দিরে কারা উপাসনা করে ?

৬৭. মসজিদে কারা উপাসনা করে ?

৬৮. গির্জায় কারা উপাসনা করে ?

৬৯. গুরুদ্বার-এ কারা উপাসনা করে ?

৭০. সবধর্মের মানুষ মিলে আমাদের পরিচয় একটি। সেটি কি ?

৭১. ক. কোন সমাজ বন্ধু আমাদের রোগের চিকিৎসা করে ?

খ. তোমার সব থেকে কাছের হাসপাতাল বা হেলথসেন্টারের নাম কি ?

৭২. তোমার অসুখ করলে তা সারাবার জন্য তুমি কার কাছে যাবে ?

৭৩. অসুখ হলে জল পড়া, তাবিজ, মাদুলি নেবে -- না, ডাক্তার বাবুর কাছে যাবে ?

৭৪. 'জন্ডিস' হলে সারানোর জন্য মালা পরবে -- না, ডাক্তার বাবুর কাছে যাবে ?

পরিবেশ ও মানুষের সম্পর্ক

সামর্থ্য ঃ

১. পরিবেশ কাদের নিয়ে তৈরী সে কথা জানা।

পরিবেশের ভারসাম্য রক্ষায় গাছপালা, পশুপাখী, জল হাওয়া, মাটি, আলো, ইত্যাদির অবদান সম্পর্কে প্রাথমিক ভাবে জানা ।

২. দিন, রাত ঋতুবদল, ঋতুবদলের সাথে সাথে পোষাক পরিবর্তনের কারণ জানা।

৩. সুষম খাদ্য সম্পর্কে জানা।

৪. সুষম ও পুষ্টিকর খাদ্য গ্রহনের প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন হওয়া ।

৫. পরিবেশ দূষন কিভাবে হয় ও পরিবেশকে কীভাবে দূষন মুক্ত রাখা যায় তার উপায় জানা।

৬. পরিবেশ দূষিত হলে মানুষের শরীর ও মনের ক্ষতি হয় এ কথা বোঝা ।

৭. পরিবেশের গাছপালা ও পশুপক্ষীর প্রতি যত্নশীল হওয়া ।

প্রশ্ন

১. প্রাকৃতিক পরিবেশ কাদের নিয়ে তৈরী হয়েছে ?

২. আমরা কি কি ভাবে জল পাই বা জলের উৎসগুলো বলো ?

৩. জল আমাদের কি কি উপকারে লাগে ?

৪. পানীয় জল কি রকমের হওয়া উচিত ?

৫. জল কি ভাবে দূষিত হয় ?

৬. দিনের আকাশে আমরা কি কি দেখতে পাই ?

৭. সাধারণতঃ রাতের আকাশে আমরা কি কি দেখতে পাই ?

৮. দিনের বেলা আমরা কোথা থেকে আলো পাই ?

৯. চাঁদ কোথা থেকে আলো পায় ?

১০. আম ও কাঁঠাল কোন ঋতুর ফল ?

১১. কোন ঋতুতে দুর্গাপূজো হয় ?

১২. ঋতু কয়টি ও কি কি ?

১৩. কোন ঋতুতে বৃষ্টি পড়ে রাস্তাঘাট কাদা হয়?

১৪. শীতকালে আমরা কি ধরনের পোষাক পরি ?

১৫. গরমকালে আমরা কি ধরনের পোষাক পরি ?

১৬. বর্ষাকালে কি ধরনের অসুখ হয় ?

১৭. গাছপালা তাদের শেকড় কোথায় ছড়িয়ে দিয়ে বেঁচে থাকে ?

১৮. মাটি আমাদের কি কি কাজে লাগে ?

১৯. সূর্য্য কি ?

২০. মাটি কতরকমের ও কি কি ?

২১. বেশী ফসল ফলানোর জন্য কৃষকেরা মাটিতে কি দেয় ?

২২. চাযের মাটিকে আমরা কিভাবে দুষিত করি ?

২৩. টিউবওয়েলের পাশে বসে কাপড় কাচলে কি ভাবে জল দূষিত হয় ?

২৪. পরিবেশ কি ভাবে দূষিত হয় ?

২৫. সুস্থ পরিবেশ গড়ার জন্য তুমি কি কি কাজ করবে ?

২৬. গাড়ীর ধোঁয়া, কলকারখানার ধোঁয়া, উনুনের ধোঁয়া আমাদের শরীরের পক্ষে কি ভাল ?

২৭. গাছ থেকে আমরা কি পাই ?

২৮. ক. আজকাল গাছের সংখ্যা কমে যাচ্ছে কেন ?

খ. গাছের সংখ্যা বাড়াবার জন্য তুমি কি করতে চাও ?

২৯. কয়েকটি উপকারী পশুর নাম বল ?

৩০. পাখি কিসের সাহায্যে এক জায়গা থেকে অন্য জায়গায় গাছের বীজ ছড়িয়ে দেয়?

৩১. ঝাড়ুদার পাখি কাকে বলে ? কেন বলে ?

৩২. খাঁচায় রাখা পাখি, না গাছে বা আকাশে উড়ে বেড়ানো পাখি তোমার ভালো লাগে ?

৩৩. ক. গৃহপালিত পশু কাকে বলে ?

খ. কয়েকটি গৃহপালিত পশুর নাম বল ?

৩৪. খুব জোড়ে মাইক বাজালে বা গাড়ির হর্ন বাজালে তোমার কেমন লাগে ?

৩৫. কোন হাসপাতালের পাশে বা বিদ্যালয়ের পাশে জোরে মাইক বাজালে কাদের ক্ষতি হয় ?

৩৬. আমরা খাই কেন ?

৩৭. সুষম খাদ্য কাকে বলে ?

৩৮. ফলমূল খেলে কি উপকার হয় ?

৩৯. রাস্তার যে কাটাফল বিক্রি হয় সেগুলো খেলে কি ক্ষতি হয়।

৪০. একটানা মাইক বাজালে কানের কি ক্ষতি হয় ?

৪১. কলা খেয়ে রাস্তায় ফেললে কি হতে পারে ?

৪২. ফল খেয়ে খোসা কোথায় ফেলবে ?

প্রকৃতি বিজ্ঞান

তৃতীয় ও চতুর্থ শ্রেণী

তৃতীয় শ্রেণী

প্রকৃতি বিজ্ঞান

পরিবেশ পরিচিতি

কৌশল সামর্থ্য

লিখিত

ঃ সজীব ও নির্জীব বস্তু পর্যবেক্ষণ করতে পারা।

ঃ সজীব ও নির্জীব বস্তু সঠিকভাবে পার্থক্য করতে পারা।

ঃ সজীব ও নির্জীব বস্তু বিভিন্ন বস্তুর মধ্য থেকে পৃথক করতে পারা।

ঃ বিভিন্ন সজীব বস্তু সম্বন্ধে জানতে পারা।

ঃ উদ্ভিদ সম্বন্ধে জানতে পারা।

ঃ উদ্ভিদের বিভিন্ন অংশের কাজ পর্যবেক্ষণের মাধ্যমে জানবে।

ঃ বিভিন্ন প্রানীদের সম্বন্ধে জানতে পারা।

ঃ কিছু কিছু প্রাণী আমাদের কিভাবে উপকার করে তা জানতে পারা।

ঃ নির্জীব বস্তু — মাটি, মাটির উপাদান সম্বন্ধে জানতে পারা।

ঃ মাটির কাজ সম্বন্ধে জানতে পারা।

ঃ মাটির পর্যবেক্ষণের মাধ্যমে শ্রেণী বিভাগ করা।

ঃ ঋতু পরিবর্তন, দিনরাত্রি প্রভৃতি ঘটনার পর্যবেক্ষণ করা।

ঃ ছায়ার উৎপত্তির চিত্র অঙ্কন করতে পারা।

ঃ পানীয় জল, খাদ্য, জ্বালানী বস্তু সম্বন্ধে জানতে পারবে। দূষণ ও দূষণের কারণ ও প্রতিকার সম্বন্ধে জানতে পারা।

ঃ পানীয় জল, খাদ্য, জ্বালানীর সদ্ব্যবহার করতে পারবে।

ঃ অভিজ্ঞতা কাজে লাগিয়ে সিদ্ধান্তে পৌঁছতে পারবে।

পরিবেশ সম্বন্ধে সচেতন হতে পারবে।

ব্যক্তিগত ও সামাজিক নিবৃত্তমূলক দৃষ্টিভঙ্গি গড়ে তুলতে পারবে।

১. পরিবেশ কাদের নিয়ে গঠিত ?

২. তোমার বিদ্যালয়ের মাঠে একটি গাছ আছে। তোমার বিদ্যালয় ও ঐ মাঠের গাছটির মধ্যে তফাৎ কোথায় ?

৩. জীবের লক্ষণ কি কি ? চারটি সজীব বস্তুর নাম লেখ।

৪. জড়ের লক্ষণ কি কি ? চারটি নির্জীব বস্তুর নাম লেখ।

৫. সজীব ও নির্জীব বস্তুর তফাৎকে দুটি ভাগে লেখ। যেমন ঃ

সজীব	নির্জীব
১. প্রাণ আছে	প্রাণ নেই
২.	
৩.	
৪.	

৬. নিম্নলিখিত বস্তুগুলি থেকে জীব ও জড়ের তালিকা তৈরী কর।

মানুষ, টিক্‌টিকি, ফড়িং, কেঁচো, কুকুর, গরু, পেন্সিল, জল, ইট, চেয়ার, বেঞ্চ, টেবিল, পাখা, বাসস্কেট, বাস, লরি, রিক্সা, শেওলা, ব্যাঙের ছাতা।

৭. নীচের দাগ দেওয়া শব্দগুলির মধ্য থেকে সজীব ও নির্জীব বস্তুগুলি বেছে নিয়ে দুটি ভাগে সাজাও।

গ্রামের পরিবেশে আঁকাবাঁকা কাঁচা রাস্তা ও বাড়ী দেখা যায়। কোথাও কোথাও ঘন জঙ্গল আর বাঁশগাছের ঝাড়, পুকুরে অনেক মাছ, উঠোনে অনেক ফুলের গাছ, বাগানে প্রজাপতি, মৌমাছি উড়ছে।

৮. আমরা পরিবেশে যে সমস্ত সজীব বস্তু পাই তার কয়েকটি নিচে দেওয়া হল। মিল দেখে বস্তুগুলি দুইটি তালিকায় সাজাও।

কুকুর, জবাগাছ, মানুষ, ব্যাঙের ছাতা, কেঁচো, শ্যাওলা, আরশোলা, বাদাম, আলু, বাদর, মৌমাছি, নারকেল, পিঁপড়ে, আমগাছ।

৯. উদ্ভিদ ও প্রাণীর তফাৎকে দুটি ভাগে সাজাও। যেমন ঃ—

প্রাণী	উদ্ভিদ
১. চলাফেরা করতে পারে	১. পারে না।
২.	২.

১০. গাছের কয়টি অংশ ও কি কি ?

১১. একটি গাছের ছবি এঁকে তার চারটি অংশকে দেখাও।

১২. উদ্ভিদের জন্ম কিভাবে হয় ?

১৩. শূন্যস্থান পূরণ কর ঃ

ক. গাছের ________ অংশে খাদ্য তৈরী হয়।

খ. ________ খাদ্য তৈরী করতে পারেনা নিজের শরীরে।

গ. গাছের যে অংশটি মাটির নীচে থাকে তা ________ নয়।

ঘ. মাটির উপরের গাছের অংশটি ________ রঙের।

ঙ. ফলের মধ্যে ________ থাকে।

১৪. একটি গরুর ছবি এঁকে আকৃতি নির্দেশ কর।

১৫. একটি গরুর বিভিন্ন অংশ ছবি এঁকে দেখাও।

১৬. গরু আমাদের কিভাবে উপকার করে ?

১৭. পায়রার ছবি এঁকে তার শরীরের বিভিন্ন অংশ নাম লিখে দেখাও।

১৮. দুটি আঁশ বিহিন ও দুটি আঁশ যুক্ত মাছের নাম লেখ।

১৯. মাছের ছবি এঁকে মাছের বিভিন্ন অংশগুলো দেখাও।

২০. মাছ কি দিয়ে শ্বাসকার্য্য চালায় ?

২১. মাছের পার্শ্বরেখা কাকে বলে ?

২২. শূন্যস্থান পূরণ কর ঃ

ক. মাছ _________ সাঁতার কাটে।

খ. মাছের গোটা শরীর _________ দিয়ে ঢাকা।

গ. মাছের চোখে _________ নেই।

ঘ. মাছের কানকোর নীচে _________ আছে।

ঙ. _________ ছাড়া পৃথিবীতে উদ্ভিদ বা প্রাণী কিছুই থাকতে পারতনা।

চ. জল একটি _________ পদার্থ।

ছ. বালি, কাঁকর, কাদা ইত্যাদি মাটির _________ উপাদান। জলের নির্দিষ্ট _________ নেই।

২৩. মাটি কি পদার্থ ?

২৪. মাটি কয় প্রকার ও কি কি ?

২৫. বিভিন্ন প্রকার মাটির গুণাবলী আলোচনা কর।

২৬. মাটির জৈব ও অজৈব উপাদান পরীক্ষার দ্বারা ছবি এঁকে বোঝাও।

২৭. একটি সহজ পরীক্ষার বর্ণনার সাহায্যে জলের আকার নেই বোঝাও।

২৮. জলের কোন রং নেই — বোঝাও।

২৯. জলের ওজন আছে একটি সহজ পরীক্ষা বর্ণনা করে বোঝাও।

৩০. জলের তিনটি অবস্থা কি কি ? বোঝাও।

৩১. বাতাস বইছে পরীক্ষার দ্বারা বোঝাও।

৩২. সংক্ষিপ্ত উত্তর দাও ঃ

ক. বাতাস আগুন জ্বালাতে সাহার্য্য করে।

খ. সজীব বস্তু মাত্রই বৃদ্ধি আছে।

গ. জীব উত্তেজনায় সাড়া দেয়।

ঘ. জীব বংশবৃদ্ধি করে প্রমাণ কর।

ঙ. পশ্চিমবঙ্গের সব জেলার মাটি কি একরকম ?

চ. দোঁয়াশ মাটি চাষের পক্ষে উপযোগী, কারণ কি ?

ছ. এঁটেলমাটিতে জলধারণের ক্ষমতা বেশী, কারণ কি ?

জ. মাটির উর্বরতা বাড়ানোর জন্য চাষীরা কি করে।

ঝ. জমিতে অতিরিক্ত সার দেওয়া উচিত নয় কেন ?

ঞ. কৃত্রিম সার তৈরীর প্রয়োজনীয়তা কি ?

৩৩. সঠিক বাক্যগুলি (✓) দ্বারা চিহ্নিত কর।

ক. জল একটি সজীব বস্তু। ☐

খ. মাটি একটি নির্জীব বস্তু। ☐

গ. সজীব বস্তুর বৃদ্ধি হয় না। ☐

ঘ. এঁটেলমাটি চাষের পক্ষে ভালো নয়। ☐

ঙ. জলের আকার নেই। ☐

চ. বাতাস ছাড়া আগুন জ্বালানো যায় না। ☐

ছ. মৌমাছি ফুলের মধু খায়। ☐

জ. জীবের বৃদ্ধির জন্য খাদ্য, জল ও বাতাস দরকার। [ ]

ঝ. টবের গাছে দীর্ঘদিন জল না দিলে ভালো হয় গাছের। [ ]

৩৪. সঠিক শব্দটি বসাও ঃ

ক. বিড়াল ________ খায়। (ইট, গাছ, মাংস)

খ. উদ্ভিদ ________ খায়। (মাছ, ঘাস, জল)

গ. ব্যাঙ ________ খায়। (মশা, ঘাস, মাংস)

ঘ. টিক্‌টিকি ________ খায়। (রুটি, পোকামাকড়, ভাত)

১. পৃথিবীর আকৃতিটা কেমন ?

২. পৃথিবীর আকৃতি বলের মতো গোলাকার তা বুঝিয়ে বল, এই মতটি কত দিন আগের ?

৩. আলো আমরা কোথা থেকে পাই ?

৪. অন্ধকারে বই পড়ার জন্য আমরা কি ব্যবহার করি ?

৫. মোম, টর্চ, বিজলীবাতি, হ্যারিকেন ইত্যাদি থেকে আলো পাওয়ার জন্য আমরা কি কি জিনিস ব্যবহার করি।

৬. সূর্য ছাড়া আরো কয়েকটি আলোর উৎসর নাম কর।

৭. দিন রাত্রি কেন হয় ?

৮. জ্যোৎস্না বলতে আমরা কি বুঝব ?

৯. ছায়া কিভাবে হয় ?

১০. চাঁদ কোথা থেকে আলো পায় ?

১১. পূর্ণিমা ও অমাবস্যায় চাঁদ কেমন দেখা যায় ?

১২. পুর্ণিমা হয় কেন ?

শূন্যস্থান পূরণ কর ঃ

ক. ________ বলেন পৃথিবীর আকার গোলাকার, চ্যাপ্টা নয়।

খ. পুর্ণিমায় চাঁদ ________ দেখায়।

গ. ________ সাহায্যে মানুষ চাঁদে গেছে।

ঘ. প্রতিপদের চাঁদ ________।

ঙ. পৃথিবী ________ তাপ পায়।

চ. সূর্যের ________ কাজে লাগিয়ে আমরা কাপড় শুকাই।

১. কাজের জন্য কিসের প্রয়োজন হয় ?

২. একখানা ইট্ একজায়গা থেকে আরেক জায়গায় রাখাকে আমরা কি বলবো ?

৩. একখানা ইট্ একজায়গা থেকে আরেক জায়গায় তুলে রাখতে হলে আমাদের কিসের প্রয়োজন বা দরকার হয়।

৪. কুয়ো থেকে জল তোলা হয় কিভাবে ?

৫. তোমার হাত থেকে তোমার পেন্সিলটি ও একখানা বই মাটিতে পড়ে গেল। তুমি ডান হাত দিয়ে বই ও বাম হাত দিয়ে পেন্সিল তুললে। এবার বল কোন হাতে বেশী আর কোন হাতে কম বল লাগলো। বেশী কম বল লাগার কারণ লেখো।

৬. গাছের ফল আকাশে উড়ে না গিয়ে মাটিতে পড়ে কেন ?

৭. একটি বল বা গোলাকার বস্তু মাটিতে পড়লে গড়িয়ে যায় কিন্তু একটি ডাস্টার বা চৌকো জিনিস মাটিতে পড়লে গড়িয়ে যায় না কেন ব্যাখ্যা কর।

৮. গরুর গাড়ী, রিক্সা ও লরি ইত্যাদির চাকাতে লোহার বেড় লাগানো হয় কেন ?

৯. গরুর গাড়ীর চাকায় মাঝে মাঝে তেল বা চর্বিজাতীয় জিনিস লাগানো হয় কেন ?

১০. ঘর্ষণের ফলে আমরা কাজ করতে পারি তার দুইটি উদাহরণ দাও।

১১. ধাক্কা বল, টানা বল ও মোচড়ানো বলের উদাহরণ দাও।

১. প্রাণীদের সাধারণ গুণ কি কি ?

২. সকল প্রাণীর শরীরের গঠন কি রকম ?

৩. আমাদের শরীরে কয়টি অংশ আছে এবং অংশগুলি কি কি?

৪. আমাদের কয়টি প্রত্যঙ্গ, তার নাম লেখ।

৫. নিঃশ্বাস কাকে বলে ?
ব্যাখ্যা কর—প্রত্যেক অঙ্গের তার নিজ নিজ কাজ করা উচিত।

৬. মূত্র আমাদের দেহে তৈরী হয় কি থেকে ?

৭. ঘাম কি ?

৮. আমরা যে খাদ্য খাই তার অপ্রয়োজনীয় অংশগুলি কি হয় ?

শূন্যস্থান পূরণ কর ঃ

ক. ________ খাবার হজমে সাহায্য করে।

খ. নাক দিয়ে আমরা ________ অনুভব করি।

গ. ________ করলে আমাদের ডাক্তার দেখানো উচিত।

ঘ. ________ রাখতে স্নান করা উচিত।

ঙ. ________ সময় পরিস্কার রুমাল দিয়ে নাক মুখ ঢেকে হাঁচা বা কাশা উচিত।

চ. কানে ময়লা জমে গেলে ________ ক্ষমতা কমে যায়।

ছ. অঙ্গ প্রত্যঙ্গ ঠিক মতো কাজ করার জন্য নিয়মিত ________ করা দরকার।

জ. ________ সোজাভাবে বসা উচিত।

সঠিক না ভুল বাক্সে লেখ ঃ

ক. বিছানায় শুয়ে বই পড়া উচিত নয়। [ ]

খ. মলমূত্র খোলা জায়গায় ত্যাগ করা উচিত। [ ]

গ. সুন্দর স্বাস্থ্য ও সুন্দর দেহ গড়ে তুলতে নিয়মিত ব্যায়াম করা দরকার। [ ]

ঘ. মুখ হাত ধোবার সময় নাকের ভিতর পরিস্কার করতে হয় না। [ ]

ঙ. প্রত্যহ সকালে পরিস্কার জলে চোখমুখ ধোওয়া দরকার। [ ]

চ. কান কাঠি দিয়ে খুচিয়ে পরিস্কার করতে হয়। [ ]

১. আমরা ত্বককে পরিস্কার করার জন্য কি দিয়ে স্নান করি ?

২. জলকে জীবন বলা হয় কেন ?

৩. আমরা সচরাচর যে জল ব্যবহার করি তা কোথা থেকে আমরা পাই ?

৪. দুষিত জল আমরা কাকে বলবো ?

৫. পান করার উপযোগী জলকে আমরা কি জল বলবো ?

৬. জলকে বিশুদ্ধ রাখা যাবে কি ভাবে ?

৭. কলসি ফিল্টার বা ছাকনিযন্ত্র দিয়ে কি কাজ করা হয় ?

সঠিক কারণ লেখ ঃ

ক. খাবার জল সব সময় ঢাকা দিয়ে রাখার দরকার কেন ?

খ. পুকুরে স্নান করলে জল দুষিত হয় কেন ?

গ. ধোয়া পরিস্কার পাত্রে আমরা খাবার খাই কেন ?

ঘ. খাদ্য আমরা রান্না করে খাই কারণ কি?

ঙ. দুধ ফুটিয়ে খাই কারণ কি ?

চ. হাটে বাজারে কাটা ফল খাওয়া উচিত নয় কারণ কি ?

ছ. সংরক্ষিত পুকুর রাখার প্রয়োজন কারণ কি ?

জ. ঘরের দেওয়ালে বড়ো বড়ো জানলা দরজা রাখার দরকার কারণ কি?

ঝ. ভোর বেলায় ফাঁকা জায়গায় বা ছাদে বেড়ানো উচিত কেন ?

ঞ. বদ্ধ ঘরের বাতাস বেশি দুষিত হয় কেন ?

সঠিক চিত্র / ছবিটিতে " ✓ " দাও।

১. জল রাখা দুইটি পাত্রে

ক আঢাকা

খ ঢাকা

২. বাসগৃহ হবে

ক

খ

গ

৩. কোন পাত্রটি ভারি

ক

খ

গ

ক. কাগজ বল

খ. কাঠ বল

গ. লোহা বল

৫. কি হবে লেখ ঃ—

ক. কয়লার উনোন জ্বালানো

খ. খোলা খাবার রাখলে

গ. গাছটি একটি পাত্র
দিয়ে ঢেকে রেখে দিলাম

ক. খ. গ.

ঘ. 'গ' এর মোমবাতিটি
নিভে গেল কেন ?

প্রকৃতি বিজ্ঞান

চতুর্থ শ্রেণী

চতুর্থ শ্রেণী

প্রকৃতি বিজ্ঞান

কৌশল **সামর্থ্য**

লিখিত

ঃ পরিবেশের সজীব ও নির্জীব বস্তুগুলির সম্বন্ধে ধারণা করা।

ঃ পর্যবেক্ষণের মাধ্যমে বস্তুগুলির বৈশিষ্ট্য অনুযায়ী শ্রেণী বিভাগ করতে পারা।

ঃ সজীব বস্তুগুলিকে প্রাথমিক ধারণার সাহায্যে সনাক্ত করতে পারা।

ঃ সজীব বস্তু প্রাণী ও উদ্ভিদ পৃথক করতে পারা।

ঃ বিভিন্ন ধরণের উদ্ভিদ সম্বন্ধে ধারণা করতে পারা।

ঃ উদ্ভিদ দেহের বিভিন্ন অংশ এবং এই অংশগুলির কাজ সম্বন্ধে জানতে পারা।

ঃ বিভিন্ন ধরণের প্রাণীদের মধ্যে পৃথক করতে পারা প্রাণীদের নিজেদের বৈশিষ্ট্য অনুযায়ী।

ঃ কয়েকটি উদ্ভিদ ও প্রাণী আমাদের কিভাবে উপকার করে তা জানতে পারা।

ঃ কিছু কিছু প্রাণী, উদ্ভিদ আমাদের অপকার করে তা জানতে পারা।

ঃ উদ্ভিদের জন্ম অর্থাৎ বীজের অঙ্কুরোদগম হয় কিভাবে এবং অঙ্কুরোদগম কিসের কিসের উপর নির্ভরশীল তা জানতে পারবে।

ঃ ঋতু কি এবং ঋতু পরিবর্তন, দিন রাত্রি কিভাবে হয় পর্যবেক্ষণ ও বৈজ্ঞানিক ব্যাখ্যার মাধ্যমে জানতে পারা।

ঃ পৃথিবী ও সূর্য কি এবং পরস্পরের মধ্যে সম্পর্ক জানতে পারবে।

ঃ সৌরজগৎ সম্বন্ধে জানতে পারা।

ঃ গ্রহ, নক্ষত্র কি ও তাদের বিশেষ বিশেষ কয়টিকে সনাক্ত করতে পারা।

ঃ আমাদের দেহের বিভিন্ন শারীরিক প্রক্রিয়াগুলো জানবে (প্রধান প্রধান)।

ঃ রক্ত কি এবং রক্তের অংশ ও কাজ সম্বন্ধে জানতে পারা।

ঃ কয়টি ইন্দ্রিয় এবং তাদের কাজ নির্দিষ্ট কাজ সম্বন্ধে জানতে পারা।

ঃ পরিচিত ঘটনার কারণ অনুসন্ধান করে জটিল অভিজ্ঞতার সঠিক ব্যাখ্যা করতে পারা।

ঃ অভিজ্ঞতা কাজে লাগিয়ে সুনির্দিষ্ট সিদ্ধান্তে পৌঁছাতে পারা।

ঃ প্রাকৃতিক সম্পদ রক্ষা করা ও পরিবেশ সম্পর্কে সচেতন থাকতে পারা।

ঃ দুষণ প্রতিরোধ করা অর্থাৎ জল, বায়ু, খাদ্য সহজ পদ্ধতিতে দুষণমুক্ত রাখতে পারা।

ঃ কুআচরণ, কুঅভ্যাস, ভুল ধারণা প্রভৃতি ত্যাগ করে নিবৃত্তি মুলক আচরণ গড়ে তুলতে পারা।

১. আমাদের পরিবেশ কাদের নিয়ে গঠিত ?

২. আমাদের পরিবেশের প্রধান দুটি ভাগ কি কি ?

৩. সজীব বস্তুগুলোর বৈশিষ্ট্য লেখ। যেমন ঃ

১. এদের প্রাণ আছে।

২.

৩.

৪.

৪. নিম্নের বস্তুগুলোকে বৈশিষ্ট্য অনুযায়ী সজীব ও নির্জীব বস্তু অনুযায়ী তালিকাভূক্ত কর।

গাছ, চেয়ার, মাছ, মানুষ, গরু, ইট, গাড়ি, বই, কেঁচো, কলম।

৫. সজীব থেকে জড় পদার্থ পরিণত হয় কখন ?

১. উদ্ভিদ —

২. প্রাণী —

৬. তোমার দেখা একটি সজীব বস্তুর নাম বল যারা নিজেদের ইচ্ছামতো জায়গা পরিবর্তন বা ঘোরাঘুরি করতে পারে না।

৭. নীচের বস্তুগুলির মধ্যে মিল কোথায় বল ঃ

১. পাখী

২. গরু

৩. গাছ

৪. মানুষ

৭. (ক) উপরের বস্তুগুলির মধ্যে কোনটি আলাদা শ্রেণীর ? তাকে কি বলা হয় ?

৮. চিত্রটি বা তালিকাটি সম্পূর্ণ কর ঃ

৯. ইচ্ছামতো চলাফেরা করতে পারে তাদের একটি স্তম্ভে সাজাও।

মানুষ, বক, জবাফুল, পায়রা, শ্যাওলা, গরু, নিমগাছ, ব্যাঙের ছাতা, আমগাছ, শামুক।

১০.

চিত্রটি থেকে নির্জীব ও সজীব বস্তুগুলি চিহ্নিত কর ও তালিকাভূক্ত কর।

১১. সঠিক কারণ লেখ ঃ

ক) কোন কোন উদ্ভিদ অন্য উদ্ভিদকে আশ্রয় করে বেঁচে থাকে কারণ ______।

খ) নদীতে বাঁধ দেওয়া হয় কারণ ______।

গ) বরফ গলে জল হয় কারণ ______।

ঘ) পায়রা একটি মেরুদণ্ডী প্রাণী কিন্তু স্তন্যপায়ী প্রাণী নয় কারণ ______।

ঙ) সর্পগন্ধাকে একটি উপকারী উদ্ভিদ বলবো কারণ ______।

চ) মশা আমাদের অপকার করে কারণ ______।

ছ) মশার সংখ্যা বেড়ে যাবার কারণ ________।

জ) বানর একটি স্তন্যপায়ী প্রাণী কারণ ________।

ঝ) ব্যাঙকে উভচর প্রাণী বলে কারণ ________।

ঞ) উদ্ভিদ ও প্রাণীরা নিজেদের ইচ্ছামতো আমাদের উপকার বা অপকার করেনা কারণ ________।

১২. বাক্যগুলি শুদ্ধ বা সঠিক কর ঃ

১. কেঁচো সরীসৃপ জাতীয় প্রাণী।

২. মাছ উভচর প্রাণী।

৩. শামুক স্তন্যপায়ী প্রাণী।

৪. বিড়াল লক্ষীশ্রেণীর প্রাণী।

৫. শ্যাওলা একটি সপুস্পক উদ্ভিদ।

৬. মটর, ছোলাগাছ একটি বৃক্ষশ্রেণীর উদ্ভিদ।

৭. বাষ্পশক্তিতে আলো জ্বলে।

৮. চাঁদ সবচেয়ে বড়ো তাপশক্তির উৎস।

৯. পৃথিবী থেকে সূর্যের দূরত্ব পাঁচ কিলোমিটার।

১০. পৃথিবী আহ্নিক গতির জন্য এক বৎসর হয়।

১১. জ্বর মাপা হয় সাধারণত সেন্টিগ্রেড থার্মোমিটার দিয়ে।

১২. বাতাসে জলীয় বাষ্প আছে একটি সহজ পরীক্ষার বর্ণনা দিয়ে বোঝাও।

১৩. থার্মোমিটারের চিত্র এঁকে বিভিন্ন অংশ ও কাজ বোঝাও।

১৪. রক্তের গঠন কি ?

১৫. রক্তের কাজ কি ?

১৬. কালপুরুষ বছরের কোন সময় দেখা যায়।

১৭. প্রাকৃতিক শক্তি কাকে বলে ?

১৮. অঙ্গুরীমাল প্রাণী কাকে বলে এবং কেন বলে।

১৯. জীবণের লক্ষণ কি কি ? চারটি লক্ষণ লেখ।

২০. তৃণজাতীয় একটি উদ্ভিদের নাম লেখ।

২১. উদ্ভিদ কি ভাবে তার বংশবিস্তার করে চিত্রের সাহায্যে বোঝাও।

২২. উদ্ভিদ কিভাবে ভূমিক্ষয় রোধ করে ?

২৩. প্রাণীদের সংরক্ষণের প্রয়োজন আছে কিনা বোঝাও।

২৪. কোন নক্ষত্র মণ্ডলের তারাগুলিকে কাল্পনিক রেখা দিয়ে যোগ করলে অনেকটা শিকারীর মতো দেখায়।

২৫. একটি গাছের চিত্র এঁকে প্রধান প্রধান অংশগুলি চিহ্নিত কর।

২৬. নীচের মেরুদণ্ডী ও অমেরুদণ্ডী প্রাণীদের দুইটি তালিকাভূক্ত কর।

কইমাছ, ব্যাঙ, কেঁচো, টিয়াপাখী, পিপঁড়ে, কুমীর, ছাগল, মাছি, বক, গরু, ঝিনুক, মানুষ, বানর, প্রজাপতি, কাঠবিড়ালি, সাপ, ফড়িং।

১৩ সঠিক শব্দ বসাও ঃ

ক. পায়রা ______ প্রাণী। (সরীসৃপ / অমেরুদণ্ডী / পতঙ্গ / পক্ষীজাতীয়)

খ. মাকড়সার ______ পা। (তিনটি / চারটি / ছটি / আটটি)

গ. ফড়িং এর ______ পা। (দুই / চার / ছয় / আট)

ঘ. গরু ______ প্রাণী। (সরীসৃপ / স্তন্যপায়ী / পতঙ্গ / পক্ষী)

ঙ. টিক্‌টিকি ______ প্রাণী। (সরীসৃপ / স্তন্যপ্রায়ী / পতঙ্গ / পক্ষী)

চ. মাছ ______প্রাণী। (মেরুদণ্ডী / অমেরুদণ্ডী / অঙ্গুরীমাল / পতঙ্গ)

ছ. সপ্তর্ষিমন্ডলে মোট ——————— নক্ষত্র। (তিনটি / পাঁচটি / সাতটি / নয়টি)

জ. গ্রহদের মধ্যে আয়তনে সবচেয়ে বড় ______। (বুধ / বৃহস্পতি / শনি / প্লুটো)

ঝ. স্টীম ইঞ্জিন টানে তা ______ শক্তির সাহায্যে। (বাষ্প / তাপ / বিদ্যুৎ / বায়ু)

১৪. ১. কোন্ নক্ষত্রকে সারাবছর আকাশের একই স্থানে দেখা যায় ?

২. পৃথিবীর চারদিকে এক পাক ঘুরতে চাঁদের কত সময় লাগবে ?

৩. শুকতারা আসলে কি ?

৪. থার্মোমিটারের সাহায্যে আমরা পদার্থের কি মাপি ?

৫. দিনরাত্রি সমান হয় কোন কোন তারিখে ?

৬. জল ফুটে বাষ্প হয় কত ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রায় ?

৭. কোন সালে প্রথম কৃত্রিম উপগ্রহ তৈরী হয় ?

৮. কোন কোন তারিখে দিন সবচেয়ে বড় হয় ?

৯. সবচেয়ে ছোট রাত্রি কবে হয় ?

১০. একটি বর্ণহীন উদ্ভিদের নাম লেখ ?

১১. ধ্রুবতারা আকাশের কোন দিকে দেখা যায় ?

১২. অনুভূতি কিসের সাহায্যে আমাদের মাথায় পৌছায় ?

১৩. মৃত্যুর প্রধান লক্ষণ কি ?

১৪. তেচোখা মাছ আমাদের কি উপকার করে ?

১৫. মানুষ কিসের সাহায্যে শ্বাসকার্য্য চালায় ?

১৫. **সঠিক কারণ লেখ ঃ**

১. বর্ষাকালে ভিজে জামা কাপড় তাড়াতাড়ি শুকায় না।

২. রেল লাইনের জোড়ের মুখ ফাঁকা রাখা হয়।

৩. রক্তের রঙ লাল কারণ ________।

৪. বরফের মধ্যে বীজের অঙ্কুরোদগম হয়না।

৫. গাছের বংশ বৃদ্ধি হয় বীজের মাধ্যমে।

৬. বেশী জলে দীর্ঘদিন বীজ রেখে দিলে অঙ্কুরোদগম হয়না কারণ ________।

৭. শীতকালে আমাদের ঠোঁট বেশী ফেটে যায় কারণ ________।

১৬. **কোন ইন্দ্রিয়ের সাহায্যে আমরা অনুভব করি ঃ**

১. শীতের প্রচণ্ড ঠাণ্ডা

২. হিমালয়ের প্রাকৃতিক সৌন্দর্য্য

৩. ফুলের গন্ধ

৪. লেবুর স্বাদ

৫. নুনের স্বাদ

৬. রেডিয়র গান

৭. আকাশের তারা

৮. ফুটন্ত জলের তাপ

১৭. কোন কোন কাজে বিদ্যুৎশক্তির সাহায্য নেওয়া হয়। তিনটি উদাহরণ দাও।

১৮. আমাদের শরীরের ইন্দ্রিয়গুলির নাম লেখ।

১৯. জলকে আমরা কি কি অবস্থায় দেখতে পাই ?

২০. রাতের আকাশের ছবি এঁকে দেখাও আমরা কি কি দেখতে পাই।

২১. পশ্চিমবঙ্গের কোথায় জল বিদ্যুৎ তৈরী হয়।

২২. মানুষ উদ্ভিদের কাছ থেকে কি কি সাহায্য পায়।

২৩. গরুর গাড়ির কাঠের চাকার ঘর্ষণবল কিভাবে কমানো যায়।

২৪. শূন্যস্থান পুরণ কর ঃ

ক. ________ শক্তির সাহায্যে টেলিভিশন চলে।

খ. ট্রাম চলে ________ শক্তিতে।

গ. জলপথকে কঠিন তারপর তরল ও শেষে ________ পদার্থে পরিণত হয়।

ঘ. খাদ্য ব্যাপারে ________ প্রাণী অপেক্ষায় স্বাবলম্বী।

ঙ. যে উদ্ভিদের ফুল হয় না তাকে ________ বলে।

চ. সূর্য একটি প্রচণ্ড ________ উৎস।

ছ. জলস্রোত একটি ________ শক্তির উৎস।

জ. দুপুরের রোদে গাছের তলা ________ থাকে।

ঝ. গরম হলে বায়ু প্রভৃতি গ্যাসীয় পদার্থগুলির ________ অনেক বেড়ে যায়।

ঞ. শহরাঞ্চলের ________ রক্ষার জন্য বৃক্ষরোপন অত্যন্ত প্রয়োজনীয়।

ট. আমরা যে কাজ করি তার শক্তি জোগায় ________।

ঠ. পাহাড়ের গা বেয়ে যে নদী নেমে আসে তার সাহায্যে চাকা ঘুরিয়ে তৈরী হয় ________।

ড. একটি তরল ধাতু হল ________।

ঢ. জল ________ সেন্টিগ্রেড উষ্ণতায় ফোটে।

প. সূর্য হল আসলে একটি ________।

ফ. স্টীম ইঞ্জিন ________ সাহায্যে চলে।

ব. সূর্য আলোকশক্তি ও ________ শক্তির একটি বিরাট উৎস।

ভ. মেঘ খুব ঠাণ্ডা হলে ________ হয়।

২৫. ডানদিকের অংশের সহিত বামদিকের বাক্যাংশ সঠিকভাবে যুক্ত করে বাক্য রচনা কর।

ক) নানারকম গাছের কাঠ থেকে	ক) তখন নাড়ীর স্পন্দন দ্রুত হয়
খ) আমরা যখন ছোটাছুটি করি	খ) প্রাচীনকালে নাবিকদের দিক্ নির্ণয়ে সুবিধা হত
গ) ধ্রুবতারা সারাবৎসর আকাশে একই জায়গায় থাকে বলে	গ) উনানের গন্ গন্ আঁচ তার চেয়ে অনেক বেশী গরম হয়
ঘ) গরম চা বা গরম দুধ যতটা গরম	ঘ) নির্দিষ্ট সময়ের জন্য পৃথিবীর চারদিকে ঘোরে।
ঙ) কৃত্রিম উপগ্রহগুলি	ঙ) রাসায়নিক প্রক্রিয়ার মাধ্যমে কাগজ তৈরী হয়।

২৬. ঠিক / ভুল লেখ ঃ

ক. ফুটবল খেলার সময় হাতের মাংসপেশীর বল সাহায্য করে।

খ. মসৃন বস্তুর ক্ষেত্রে ঘর্ষণ অনেক কম হয়।

গ. চাঁদ সূর্যের চারিদিকে ঘোরে।

২৭. সঠিকটিতে ✓ চিহ্ন দাও ঃ

ক. কোনটি সজীব পদার্থ নয়। (গরু / মানুষ / ইট্)

খ. কোনটি পতঙ্গ। (ছাগল / ফড়িং / টিক্‌টিকি)

গ. কোনটি মেরুদণ্ডী। (কেঁচো / শামুক / ব্যাঙ)

ঘ. কোনটি মশার ডিম খায়। (খলিসা মাছ / কেঁচো / গিনিপিগ)

ঙ. কোনটি ম্যালেরিয়া রোগ ছড়ায়। (ব্যাঙ / মাছ / মশা)

২৮. 'ক' স্তম্ভের সঙ্গে সঠিকভাবে 'খ' স্তম্ভ মিলিয়ে লেখ।

ক	খ
১) অপুস্পক উদ্ভিদ	১) অক্সিজেন
২) অঙ্কুরোদগমের জন্য প্রয়োজন	২) কার্বন ডাই অক্সাইড
৩) উদ্ভিদের খাদ্য প্রস্তুত করার জন্য দরকার হয়	৩) শ্যাওলা
৪) প্রাণীদের শ্বাসকার্য চালাবার জন্য প্রয়োজন	৪) মশার ডিম
৫) ব্যাঙ খায়	৫) জল, বাতাস ও তাপ

২৯. চিত্র / ছকের অসম্পূর্ণ অংশ সম্পূর্ণ কর ঃ

গ. জলচক্রটি সম্পূর্ণ কর

৩০. অবস্থান দেখাও ঃ

ক.

ধ্রুবতারাটির অবস্থান এঁকে দেখাও।

খ.

কাপড় এভাবে শুকাতে দেওয়া হয় কেন ?

গ.

হাত জলন্ত মোমের কাছে নেওয়া হল

দূরে হাতটি সরিয়ে নেওয়া হল

কি হবে লেখ ঃ

১.

উনান জ্বালানো হল,
ধোঁয়া দেখা যাচ্ছে।

২. ক.

সূর্য পৃথিবীর
কাছে থাকলে

খ.

সূর্য পৃথিবী থেকে
দূরে সরে গেলে।

৩. কি অনুভব করবে ?

লোহার পাত আগুনে ধরা হল।

৪.

খোলা খাবার রেখে দেওয়া হল

৫. কি হবে ?

গ্লাসে বরফ রাখা হলো।

৬.

অবস্থার পরিবর্তন কেন হবে

৭. কি হবে ?

দিনরাত্রি মাইক বাজানো হলে

৮.

চিত্র থেকে বল কোনটির
তাপমাত্রা সবচেয়ে বেশী

৯.

লোহার পাতটি
বেঁকে গেল কেন

১০. চাঁদের ছবি বসিয়ে কখন অমাবস্যা হবে দেখাও।

১১. নীচের সংখ্যাগুলি দ্বারা চিহ্নিত গ্রহগুলির নাম লেখ ঃ

১.
২.
৩.

১২. আহ্নিক গতি ও বার্ষিক গতি নির্দেশ কর।

১৩. ইন্দ্রিয়গুলির নাম লেখ ঃ

১৪. গাছটির বিভিন্ন অংশের নাম লেখ ঃ

১৫. পর পর চিত্রটির রূপান্তরের স্তরগুলির নাম লেখ।

১৬. ইদারা / পাতকুয়া থেকে কোনটি জল তোলা সহজ হবে ? সহজ হওয়ার কারণ কোন শক্তি ?

৩২. ভুল উত্তরের নীচে '×' বসাও ঃ

ক)	মশাকে	খায়	ব্যাঙ সাপ	তেচোখা মাছ খলসে মাছ
খ)	মৌমাছি	দেয়	মোম রস	আঁঠা মধু
গ)	টিক্‌টিকি	খায়	মশা আরশোলা	মাছি ইঁদুর
ঘ)	মানুষ	খায়	শামুক মাছ	ব্যাঙ মাঁকড়সা
ঙ)	মানুষকে	খায়	বাঘ হাঙ্গর	কুমীর বানর

৩৩. সঠিক উত্তরের নীচে '✓' দাও ঃ

স্বাস্থ্যরক্ষা করার জন্য

বিশুদ্ধ বায়ু	বিশুদ্ধ জল
বিশুদ্ধ খাবার খাদ্য	দুষিত ফল

উদ্ভিদ বংশ বিস্তার করে সাহায্যে

পাতা	মূল
ডাল বা কান্ড	ফল

বিশুদ্ধ জল পাওয়া যায়

ময়লা নদী কারখানার কাছে	কচুরীপানা ভর্ত্তি পুকুর
বাসন মাজা ডোবা	সংরক্ষিত পুকুর

উদ্ভিদ খেয়ে বেঁচে থাকে

মানুষ	বাঘ
ছাগল	হাতি

অমেরুদন্ডী প্রাণী যেমন কেঁচো, পিপঁড়ে, টিক্‌টিকি, শামুক

অপুস্পক উদ্ভিদ হলো শ্যাওলা, আম, ব্যাঙের ছাতা, ঘাস

৩৪. সঠিক বাক্যে হ্যাঁ ✓ ও ভুল বাক্যে না x বসাও

ক. পারদ ধাতুটি সাধারণত তরল অবস্থায় থাকে। ☐

খ. তাপের প্রভাবে প্রায় সববস্তুর আয়তন বেড়ে যায় ☐

গ. বাতাসে জলীয় বাষ্প ও ধুলিকণা ঘণীভূত হয়ে আকাশে মেঘ সৃষ্টি হয় ☐

ঘ. রাতের আকাশে গ্রহগুলি খুব উজ্জ্বল দেখায় কারণ সেগুলি অবিরত জ্বলছে। ☐

ঙ. সূর্য ও অন্যান্য নক্ষত্রগুলি এত বেশী উত্তপ্ত যে তাদের মধ্যে সব কঠিন পদার্থই তরল পদার্থে পরিণত হয়ে গিয়েছে। ☐

চ. শুকতারা আকাশের উত্তর দিকে দেখা যায় ☐

ছ. পৃথিবীর চারিদিকে পুরো একপাক ঘুরতে চাঁদের প্রায় ২৯১/২ দিন সময় লাগে। ☐

জ. কৃত্রিম উপগ্রহগুলি কোটি কোটি বছর ধরে পৃথিবীর চারদিকে ঘোরে। ☐

ঝ. ২১ শে মার্চ ও ২১ শে সেপ্টেম্বর পৃথিবীর উত্তর ও দক্ষিণ উভয় গোলার্ধেই দিনরাত সমান হয় ☐

ঞ. জ্বর মাপার জন্যে আমরা সেন্টিগ্রেড থার্মোমিটার সাধারণতঃ ব্যবহার করি। ☐

ট. জল থেকে বিদ্যুৎশক্তি উৎপাদন করা যায় ☐

ঠ. গাছের খাদ্য তৈরী হয় গাছের সবুজ অংশে ☐

ড. রক্তের স্বেতকনিকা রোগ জীবাণু ধ্বংস করে ☐

ঢ. প্রাণীদের জীবন নানাভাবে পরস্পরের সঙ্গে যুক্ত ☐

ণ. উদ্ভিদ উত্তেজনায় সাড়া দেয় না। ☐

ত. মাছ মেরুদণ্ডী প্রাণী। ☐

থ. বনের প্রাণীদের গৃহপালিত প্রাণী বলা হয়। ☐

দ. কেঁচোকে চাষীর বন্ধু বলা হয়। ☐

ধ. মশা ম্যালেরিয়ার জীবাণু বহন করে। ☐

ন. মৌমাছি আমাদের মোম দেয়। ☐

প. খলসে মাছ মশা খায়। ☐

ফ. বর্ষাকালে ব্যাঙ মারা উচিত ☐

৩৫. সঠিক কারণটির নীচে দাগ দাও ঃ

১. গ্রামাঞ্চলের বাতাস অপেক্ষাকৃত বিশুদ্ধ কারণ —

গাছপালা কম / গাছপালা বেশী / পুকুর বেশী

২. আমাদের দেহে বিশুদ্ধ অক্সিজেন জোগান দেয় —

হাত / পা / ফুসফুস

৩. বন্ধ ঘরে অনেক লোক একসঙ্গে থাকলে —

অসুস্থ হয়ে পড়ি / মরে যাই / আনন্দে থাকি।

৪. উদ্ভিদ লাগানো দরকার —

দুষণ কমাবার জন্য / কার্বনডাই অক্সাইড বাড়াবার জন্য / অক্সিজেন কমানোর জন্য।

৫. রক্তের শ্বেতকণিকার কাজ —

রোগজীবাণু প্রতিরোধ করা / রক্তের রং লাল করা / রক্ত জমাট বাঁধতে

৬. বস্তুর উষ্ণতার মাত্রাকে অনুভব করি —

চোখ / ত্বক / নাক

৭. খাদ্যের স্বাদ গ্রহণ করি —

নাক / কান / জিহ্বা

৮. বস্তুর মসৃণতা বুঝতে সাহায্য করে আমাদের দেহের —

ত্বক / নাক / কান

৯. সূর্যের সবচেয়ে কাছের গ্রহ হল —

বুধ / বৃহস্পতি / শনি

৩৬. ফাঁকা জায়গায় সঠিক শব্দ বসাও ঃ—

১. ডিমের মধ্যে প্রাণীর ____________ থাকে।

২. উদ্ভিদের ভ্রূণের খাদ্য থাকে ____________ ।

৩. অনেকদিন ধরে জলে বীজ রাখা হলে বীজ ____________ হয়ে যায়।

৪. সূর্য আসলে একটি ____________ ।

৫. আমাদের দেহে হৃদপিণ্ডের কুঠুরীর সংখ্যা ____________

৬. ____________ আমাদের ঘুম পায়।

৭. ____________ আমাদের বিষম লাগে।

৮. জ্বর মাপার জন্য ____________ ব্যবহার করি।

৯. গাছের খাদ্য তৈরী হয় গাছের ____________

১০. ঘাস ____________ শ্রেণীর উদ্ভিদ

১১. ধান গাছ ____________ শ্রেণীর উদ্ভিদ

১২. ব্যাঙেরছাতা ____________ শ্রেণীর উদ্ভিদ

১৩. আম গাছ ____________ শ্রেণীর উদ্ভিদ

১৪. যে গাছে ফুল ফোটে না তাকে ____________ বলে।

১৫. বরফের মধ্যে বীজের ____________ হয়না।

১৬. গাছের পাতা খাদ্য প্রস্তুত করার সময় প্রকৃতি থেকে ____________ গ্রহন করে।

১৭. আগুন জ্বালাবার সময় আমরা ____________ গ্যাস নষ্ট করি।

১৮. মাটির উর্বরশক্তি রক্ষা করে ____________ ।

১৯. নিশ্বাসের সঙ্গে যে গ্যাসটি আমরা গ্রহন করি সেটি ____________ ।

৩৭. কি হবে বৈজ্ঞানিক কারন সহ লেখ।

ক. গামলার জলে হাত দিয়ে কয়েকবার পর জলের মধ্যে ছোট কগজের নৌকা ছেড়ে দিলাম।

খ. অনেকক্ষন ধরে হাতুড়ি দিয়ে একটি লোহার পাত পেটালে পাতটির কি হবে?

গ. হাতুড়ি দিয়ে লোহার পাত পিটিয়ে সঙ্গে সঙ্গে পাতটিতে হাত দিলে কি অনুভব করবে ?

ঘ. গরমকালে দুপুর বেলা আমাদের মাথায় ছাতা দিয়ে চলাফেরা করা উচিত কেন, না হলে কি হবে।

ঙ. সাধারণত রান্নাঘরের বাসনপত্র ধাতু বা লোহার তৈরী হয় কারণ ধাতু বা লোহার তৈরী না হলে কি হবে।

চ. ভিজে ন্যাকরা দিয়ে স্লেট মুছে দিলাম ও একটু পরে স্লেটটি কি অবস্থায় দেখব তার কারণ লেখ।

ছ. বন্ধ ঘরে বা জানলা হীন ঘরে মোমবাতি বা কেরোসিনের আলো জ্বালানো ইচিত নয় তার কারণ লেখ।

জ. একটি টবের গাছকে কাঁচের কাগজ বা পাত্রদিয়ে ঢেকে কয়েকদিন রেখে দিলাম, কি দেখব লেখ।

ঝ. একটি লজ্জাবতী গাছ হাত দিয়ে বা পেন্সিল দিয়ে·ছুয়ে দিলাম কি হবে কারণ সহ লেখ।

ভূগোল

তৃতীয় শ্রেণী

তৃতীয় শ্রেণী

ভূগোল

প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ

প্রথম অধ্যায়

সামর্থ্য — গ্রহ নক্ষত্র সম্পর্কে নানা তথ্য যোগানো দিন রাত্রি ঋতু পরিবর্তন বোঝা। মেঘ ও বৃষ্টির সম্পর্কে বুঝতে পারা, আকাশে বিভিন্ন গ্রহ নক্ষত্রাদি দেখতে শেখা।

নমুনা প্রশ্নাবলী

১. পৃথিবীর কাছের একটি নক্ষত্রের নাম লেখ।

২. ঋতু পরিবর্তন বোঝাতে নিচের ছকটি পূর্ণ করতে হবে।

	বর্ষা				
	আষাঢ় শ্রাবণ				
	কালো মেঘ আকাশে বৃষ্টি				

৩. দিন আর রাত হওয়ার বিষয়টি একটি বল ও মোমবাতির ছবি এঁকে দেখাও।

৪. গ্রহগুলি সূর্য্যের চারিদিকে যে যে কক্ষপথে ঘুরছে তার একটি চিত্র আঁক।

সূর্য থেকে দূরত্বের ভিত্তিতে পরপর গ্রহগুলির নাম ঃ—

বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল, বৃহস্পতি, শনি, ইউরেনাস, নেপচুন, প্লুটো।

৫. মুখে মুখে বল ঃ—

ক. পৃথিবীর বার্ষিক গতি ও আহ্নিক গতি কাকে বলে ?

খ. মেঘ কেমন ভাবে হয় ও মেঘ থেকে ঠিক কিভাবে বৃষ্টি হয় ?

গ. শুকতারা কাকে বলে ?

ঘ. চাঁদ কি গ্রহ না উপগ্রহ ?

ঙ. ধ্রুবতারা আকাশের কোন দিকে দেখা যায় ?

৬. বন্ধনীর মধ্যে থেকে সঠিক উত্তর বেছে নাও ঃ—

(ঋতু পরিবর্তন , দিনরাত, চাঁদ, ধ্রুবতারা, শুক্রগ্রহ)

ক. পৃথিবীর আহ্নিক গতির ফলে [ ] হয়।

খ. শুকতারা হল [ ] ।

গ. পৃথিবীর বার্ষিক গতির ফলে [ ] হয়।

ঘ. পৃথিবীর উপগ্রহ হল [ ] ।

ঙ. রাতের আকাশের উত্তর দিকে থাকে [ ] ।

প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ

দ্বিতীয় অধ্যায়

সামর্থ্য ঃ— প্রাকৃতিক পরিবেশ ও সামাজিক পরিবেশ সম্পর্কে জানা ও তার পার্থক্য বোঝা।

প্রাকৃতিক পরিবেশ মানুষের জীবনযাত্রাকে কিভাবে প্রভাবিত করে তা জানা।

পরিবেশকে দূষণমুক্ত রাখার প্রয়োজন বোঝা।

বিদ্যালয়ের চারপাশের পরিবেশের উপকরণগুলিকে চিনতে শেখা।

নমুনা প্রশ্নাবলী ঃ—

১. মুখে মুখে তোমার বিদ্যালয়ের প্রাকৃতিক পরিবেশের কয়েকটি নমুনা দাও।

২. তোমার পাড়ার সামাজিক পরিবেশ বলতে কি বোঝ? মুখে মুখে বল।

৩. **এক বাক্যে লেখ ঃ**

ক. গাছ আমাদের বন্ধু কেন ?

খ. জলকে জীবন বলা হয় কেন ?

গ. পশ্চিমবঙ্গের মানুষ ভাত খায় কেন ?

৪. **মুখে মুখে উত্তর দাও ঃ—**

কেন জলের অপচয় বন্ধ করা উচিত ? কেন জল দূষিত না করা উচিত ?

৫. সঠিক উত্তরে ✓ চিহ্ন দাও ঃ

বন জঙ্গল কেটে ফেলা

উচিত	উচিত নয়

আনন্দ উৎসবে জোরে মাইক চালিয়ে গান শোনা

উচিত	উচিত নয়

বেশী পরিমানে রাসায়নিক সার ব্যবহার মাটির পক্ষে

ক্ষতিকর	ক্ষতিকর নয়

বিদ্যালয়ের চারপাশের পরিবেশে কি কি আছে তার একটি তালিকা তৈরী কর।

প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ

তৃতীয় অধ্যায়

সামর্থ্য ঃ— গ্রাম, ব্লক, জেলা, রাজ্য, দেশ এবং পৃথিবী সম্পর্কে প্রাথমিক ধারনা।

পৃথিবীর অনেক দেশের মধ্যে আমাদের ভারত একটি দেশ।

ভারতের মূল প্রশাসনিক বিভাগগুলি জানা।

ভারতের ও পশ্চিমবঙ্গের সীমানা চেনা।

ভারতবাসীর বৈচিত্র্যের চিহ্নগুলি বুঝতে শেখা।

নমুনা প্রশ্নাবলী ঃ—

১. পশ্চিমবঙ্গে হিমালয় পর্বতমালা কোন কোন জেলার মধ্যে পড়েছে, ✓ চিহ্ন দিয়ে বোঝাও।

মালদহ, দিনাজপুর, নদীয়া, দার্জ্জিলিং, মুর্শিদাবাদ, বীরভূম, জলপাইগুড়ি।

২. **বঙ্গোপসাগরের তীরে অবস্থিত নিচের কোন জেলাগুলি ? ✓ চিহ্ন দাও।**

মেদনীপুর, বাঁকুড়া, বর্ধমান, পুরুলিয়া, দঃ চব্বিশ পরগনা, হুগলী।

৩. **শূন্যস্থান পূরণ কর** ঃ— (বন্ধনীর মধ্যে থেকে উত্তর বেছে নাও)ঃ বাঙালী, পাহাড়ে, পাঞ্জাবীরা, গ্রামে)

ক. ________ প্রধানতঃ মাছ ভাত খায়।

খ. মাটির বাড়ী ________ দেখা যায়।

গ. সালোয়ার সেরওয়ানি প্রধানতঃ ________ ব্যবহার করেন।

ঘ. পাথরের তৈরী বাড়ি ________ দেখা যায়।

৪. তোমার ঠিকানা লেখ ঃ—

রাস্তার নাম ________

পাড়ার নাম ________

গ্রাম বা শহরের নাম ________

ব্লকের নাম ________

জেলার নাম ________

রাজ্যের নাম ________

দেশের নাম ________

৫. পৃথিবীর মানচিত্র দেখে মহাদেশ ও মহাসাগরগুলির নাম লেখ

মহাদেশ	মহাসাগর
________	________
________	________
________	________
________	________

৬. দেখ ও বল (মুখে মুখে)

ক. পৃথিবীর মানচিত্রে ভারতের অবস্থান, ভারতের মানচিত্রে পশ্চিমবঙ্গের অবস্থান, পশ্চিমবঙ্গের মানচিত্রে তোমার জেলার অবস্থান, তোমার জেলার মানচিত্রে তোমার চেনা শহরের অবস্থান।

